# বার্ষিক প্রতিবেদন

## ২০২৪-২০২৫



**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**

**শিক্ষা মন্ত্রণালয়**

**www.tmed.gov.bd**

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# বার্ষিক প্রতিবেদন
# ২০২৪-২০২৫

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
www.tmed.gov.bd

**প্রকাশকাল**
৩০ নভেম্বর, ২০২৫

**প্রকাশক**
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

**প্রধান পৃষ্ঠপোষক**
অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার, উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়

**সার্বিক তত্ত্বাবধানে**
মুহাম্মদ রফিকুল ইসলাম
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

**সম্পাদনা পরিষদ**
রেহানা ইয়াছমিন, অতিরিক্ত সচিব
আনিসুল ইসলাম, যুগ্মসচিব
মোঃ সারওয়ার হোসেন, যুগ্মসচিব
হাছিনা আক্তার, যুগ্মসচিব
ড. শাহেদুল আকবর খান, উপসচিব
মোহাম্মদ মিকাইল, উপসচিব
মোহাম্মদ মাহমুদুল হক, উপসচিব
ড. মুহঃ রেজাউল ইসলাম, উপসচিব
মোঃ রাহাত মান্নান, উপসচিব
ড. মোঃ মনিরুল ইসলাম, উপসচিব
মোহাম্মদ নুরুজ্জামান, প্রোগ্রামার

**সহযোগিতায়**
মোহাম্মদ শাজাহান, প্রশাসনিক কর্মকর্তা
মেরিনা আক্তার রুপা, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

**মুদ্রণে**
গ্রাফিক আর্টস ইনস্টিটিউট
সাতমসজিদ রোড, মোহাম্মদপুর,ঢাকা১২০৭

# বার্ষিক প্রতিবেদন
## ২০২৪-২৫

### দক্ষতাভিত্তিক কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ

### আমাদের অর্জন, লক্ষ্য ও অঙ্গীকার

| ২০২৪ | | ২০৩০ |
|---|---|---|
| মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে দক্ষতাভিত্তিক কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ | → | অন্তর্ভুক্তিমূলক মানসম্মত শিক্ষায় দক্ষতাভিত্তিক প্রশিক্ষণের বিস্তৃতি |
| ১৯% | | ৩০% |



**অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার**
উপদেষ্টা
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ স কা

# বাণী

শিক্ষা বৈষম্য দূরীকরণের হাতিয়ার। শিক্ষার মাধ্যমে দেশ ও জাতির অগ্রগতি নিশ্চিত করা সম্ভব। একটি দেশে অর্থনৈতিক উন্নয়ন ও টেকসই অগ্রগতি নির্ভর করে তার কারিগরিভাবে দক্ষ ও নৈতিকভাবে উন্নত মানবসম্পদের ওপর। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিসহ গত অর্থবছরের গৃহীত উল্লেখযোগ্য কর্মকান্ড সম্বলিত বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ প্রকাশের উদ্যোগ গ্রহণ করায় সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানাচ্ছি।

বাংলাদেশের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা দেশের মানবসম্পদ বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কারিগরি শিক্ষা দক্ষতা ও প্রযুক্তিগত জ্ঞান দিয়ে দেশের অর্থনীতিকে গতিশীল করে। অন্যদিকে মাদ্রাসা শিক্ষা নৈতিক ও আধ্যাত্মিক মূল্যবোধসম্পন্ন সুশিক্ষিত নাগরিক গড়ে তুলতে কাজ করে। বিজ্ঞান ও নৈতিকতা শিক্ষাকে বর্তমান সরকার সর্বোচ্চ অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করেছে।

বাংলাদেশের কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় পলিটেকনিক ইনস্টিটিউট, মনোটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজগুলো পরিচালিত হচ্ছে। এসব প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের পেশাগত ও কারিগরি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ভাষা শিক্ষা, গণিতের প্রতি দক্ষতা বৃদ্ধি, আইসিটি, ওয়েব পেজ ডিজাইন, কম্পিউটার প্রোগ্রামিং ইত্যাদিসহ বিষয়ভিত্তিক ও দক্ষতাভিত্তিক নানা ধরণের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রযুক্তি নির্ভর আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় কারিগরি ট্রেড চালু হয়েছে।

মাদ্রাসা শিক্ষাকে ও শিক্ষা ব্যবস্থাপনাকে যুগোপযোগী, মানসম্মত ও স্বচ্ছ করার জন্য এবং সেবা গ্রহীতাদের সহজে সেবা প্রাপ্তির লক্ষ্যে MEMIS প্রকল্পসহ প্রত্যেক উপজেলায় বেসরকারি মাদ্রাসার জন্য আধুনিক মানের বহুতল ভবন নির্মাণের কার্যক্রম অব্যাহত রয়েছে। এ বিভাগের আওতায় গবেষণা কার্যক্রমের ওপর জোর প্রদান করা হচ্ছে। যাতে আমাদের শিক্ষার্থীরা আধুনিক তথ্যপ্রযুক্তি আয়ত্ত করে নতুন তথ্যপ্রযুক্তির উদ্ভাবনেও ভূমিকা রাখতে পারে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বহুমাত্রিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে দেশের একটি বৃহৎ যুবসমাজকে সম্ভাবনাময় দক্ষ মানবসম্পদে রূপান্তর করা সম্ভব বলে আমি মনে করি।

এ বিভাগের ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের সাথে যুক্ত সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। প্রত্যাশা করি এর মাধ্যমে অবাধ তথ্যপ্রাপ্তি নিশ্চিত হবে যা এতৎসংক্রান্ত সকল অংশীজনের অংশগ্রহণ নিশ্চিত করবে।

অধ্যাপক ড. সি আর আবরার




**জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম**
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়


# বাণী

মানবসম্পদ উন্নয়নের অগ্রাধিকারকে ভিত্তি করে ২০১৬ সালের ৩০ নভেম্বর মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন অনুযায়ী প্রাথমিক শিক্ষা স্তর পরবর্তী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ব্যতীত কারিগরি ও মাদ্রাসা শিক্ষার সকল কার্যক্রম সুচারুরূপে পরিচালনার নিমিত্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নামে শিক্ষা মন্ত্রণালয়ের এ বিভাগের যাত্রা শুরু হয়। কারিগরি ও মাদ্রাসা শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং দেশব্যাপী এর বিস্তারের লক্ষ্যে গঠিত এই বিভাগটি নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে।

বাংলাদেশের বৃহৎ যুবশক্তিকে দক্ষ জনশক্তিতে রূপান্তরের মাধ্যমে দেশের অর্থনৈতিক ভিত্তি মজবুত করার লক্ষ্যে বাংলাদেশ সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের অন্যতম হলো কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সম্প্রসারণ। আমরা লক্ষ্য করেছি, চতুর্থ শিল্প বিপ্লবের ফলে বিশ্বব্যাপী শ্রমবাজারে কর্মের ক্ষেত্রে একটি আমূল পরিবর্তন সাধিত হয়েছে।

এরই প্রেক্ষিতে বাংলাদেশের তরুণ ও কর্মক্ষম জনগোষ্ঠীকে উৎপাদনশীল ও দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে কারিগরি, বৃত্তিমূলক ও ধর্মীয় নৈতিকতাবোধ সম্পন্ন শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। কারিগরি, বৃত্তিমূলক, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণের সমন্বয়ে শিক্ষিত, প্রশিক্ষিত, দক্ষ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন মানবসম্পদ সৃষ্টির কার্যক্রম চলমান রয়েছে।

কারিগরি ও প্রযুক্তিনির্ভর বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে মানসম্মত কর্মমুখী শিক্ষা অপরিহার্য। তা ছাড়া যুবসমাজকে মানবিক ও নৈতিকতাবোধ সম্পন্ন শিক্ষায় শিক্ষিত করতে ধর্মীয় শিক্ষার বিকল্প নেই। এই উদ্দেশ্যে এ বিভাগের অধীন দপ্তর সংস্থাগুলোর আওতাধীন বিভাগীয় শহরগুলোতে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট ও ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ, জেলা পর্যায়ে ২৩টি পলিটেকনিক ইনস্টিটিউট এবং উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপনের মতো মেগা প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। বর্তমানে ২০৫টি সরকারি এবং প্রায় ২১৫১টি বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, ০৩টি সরকারি মাদ্রাসা, ৮২২৯টি এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসা এবং ১৫১৯টি অনুদানভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা চালু রয়েছে।

মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী এবং কর্মকেন্দ্রিক করতে শিক্ষাক্রমকে সময়োপযোগী করা হয়েছে এবং এরই অংশ হিসেবে বর্তমানে ৫৪৮টি মাদ্রাসায় কারিগরি ট্রেড চালু করা হয়েছে। শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য তথ্যপ্রযুক্তিসহ বিভিন্ন বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। কারিগরি শিক্ষার গুনগত মান বৃদ্ধির জন্য শিক্ষক প্রশিক্ষণকে আধুনিকায়ন করা হচ্ছে এবং ল্যাবরেটরি সুবিধা উন্নত করা হচ্ছে। শিক্ষকদের দক্ষতা উন্নীত করার লক্ষ্যে বিষয়ভিত্তিক ও কারিগরি বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের ডিজাইন করা হয়েছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার প্রসার ও উন্নয়নের লক্ষ্যে বর্তমানে এ বিভাগ ২১টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছে।

বার্ষিক প্রতিবেদনকে একটি দপ্তরের সার্বিক কর্মযজ্ঞের প্রতিফলন হিসেবে দেখা হয়। এই প্রতিবেদন দেশের করদাতা নাগরিকদের এ দেশের কারিগরি, বৃত্তিমূলক ও সরকার স্বীকৃত ইসলামী শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে একটি সংক্ষিপ্ত ধারণা প্রদান করতে সক্ষম হবে বলে আমি মনে করি। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের সাথে সম্পৃক্ত সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মুহাম্মদ রফিকুল ইসলাম

# শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| BNQF | Bangladesh National Qualification Framework |
| BMTTI | Bangladesh Madrasah Teachers' Training Institute |
| BTEB | Bangladesh Technical Education Board |
| BMEB | Bangladesh Madrasah Education Board |
| CBT & A | Competency Based Training and Assessment |
| CBLM | Competency Based Learning Materials |
| Dakhil (Voc) | Dakhil Vocational |
| DME | Diractorate Of Madrasah Education |
| DTE | Directorate of Technical Education |
| HSC (Voc) | Higher Secondary School Certificate (Vocational) |
| HSC (BMT) | Higher Secondary School Certificate (Business Management Technology) |
| ICT | Information and communication Technology |
| ISC | Industry Skill Council |
| JDC | Junior Dakhil Certificate |
| MEMIS | Madrasah Education Management Information System |
| NSC | National Skill Certificate |
| NSDA | National Skills Development Authority |
| NSDP | National Skills Development Policy |
| NTVQF | National Technical and Vocational Qualification Framework |
| NACTAR | National Academy for Computer Training and Research |
| RPL | Recognition of Prior Learning |
| RTO | Registered Training Organization |
| STEP | Skill and Training Enhancement Project |
| SSC (VOC) | Secondary School Certificate (Vocational) |
| SEO | Search Engine Optimization |
| SMM | Social Media Marketing |
| TSC | Technical School and College |
| TQI | Teaching Quality Improvement in Secondary Education Project |
| TVET | Technical and Vocational Education and Training |
| TTTC | Technical Teachers' Training College |
| TMED | Technical and Madrasah Education Division |
| VTTI | Vocational Teachers Training Institute (VTTI) |

# সূচিপত্র

## প্রথম অধ্যায়: সাধারণ তথ্যাবলি


| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্য ও কার্যাবলি | ১৩ |
| ২. | কারিগরি শিক্ষার প্রেক্ষাপট ও গুরুত্ব | ১৩ |
| ৩. | মাদ্রাসা শিক্ষার প্রেক্ষাপট ও গুরুত্ব | ১৪ |
| ৪. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ | ১৭ |
| ৫. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জনবলের তথ্য | ১৮ |
| ৬. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব বন্টন | ১৮ |
| ৭. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সিটিজেন চার্টার | ২৯ |
| ৮. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ | ৪০ |
| ৯. | বাজেট বরাদ্দ | ৪০ |
| ১০. | শিক্ষা প্রতিষ্ঠানে বৈজ্ঞানিক সরঞ্জামাদি খাতে বরাদ্দ | ৪১ |
| ১১. | শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের বিশেষ অনুদান | ৪১ |
| ১২. | ২০২৪-২৫ অর্থ বছরের অর্জনসমূহ | ৪১ |
| ১৩. | ভবিষ্যত পরিকল্পনা | ৪৪ |


## দ্বিতীয় অধ্যায়: সময়াবদ্ধ সংস্কার কর্মপরিকল্পনা ও তারুণ্যের উৎসব ২০২৫


| ক্র. নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা | ৪৫ |
| ২. | তারুণ্যের উৎসব | ৪৬ |


## তৃতীয় অধ্যায়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ


| ক্র. নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ | ৪৯ |
| ২. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ৬২ |
| ৩. | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | ৬৫ |
| ৪. | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড | ৭৪ |
| ৫. | জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) | ৭৮ |
| ৬. | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) | ৮১ |

## চতুর্থ অধ্যায়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রকল্পসমূহ


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন প্রকল্পসমূহের বিবরণ | ৮৪ |
| ২. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন প্রকল্পসমূহের বিবরণ | ৯২ |
| ৩. | জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার) এর ভৌত অবকাঠামো উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ সংক্রান্ত প্রকল্প | ৯৬ |


## পঞ্চম অধ্যায়: বিবিধ


| ক্র. নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো (BNQF) | ৯৭ |
| ২. | অডিট সংক্রান্ত তথ্য | ৯৯ |
| ৩. | মামলা সংক্রান্ত তথ্য | ৯৯ |
| ৪. | ডিজিটাল কার্যক্রম ই-সার্ভিস সংক্রান্ত তথ্যাবলী | ৯৯ |
| ৫. | জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি | ১০০ |
| ৬. | কারিগরি শিক্ষায় ভর্তিতে নারী ও প্রতিবন্ধী কোটা | ১০১ |
| ৭. | মাদ্রাসাসহ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা-প্রশিক্ষণে বিদ্যমান চ্যালেঞ্জসমূহ | ১০১ |
| ৮. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ভবিষ্যৎ পরিকল্পনা | ১০১ |
| ৯. | ফটোগ্যালারি | ১০২ |

# প্রথম অধ্যায় : সাধারণ তথ্যাবলি

## ১.১ রূপকল্প (Vision)

সবার জন্য মানসম্মত কর্মমুখী, কারিগরি, বৃত্তিমূলক ও মাদ্রাসা শিক্ষা।

## ১.২ অভিলক্ষ্য (Mission)

কারিগরি, বৃত্তিমূলক, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণের সমন্বয়ে শিক্ষিত, প্রশিক্ষিত, দক্ষ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন মানব সম্পদ সৃষ্টি।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

- মানসম্মত কারিগরি ও মাদ্রাসা শিক্ষার সুযোগ সম্প্রসারণ;
- শিক্ষা ব্যবস্থাপনার মানোন্নয়ন;
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি;
- শিক্ষাক্ষেত্রে ন্যায্যতা ও সমতা (equity & equality) বৃদ্ধিকরণ।

## ১.৪ কার্যাবলি (Functions)

- দেশে বিদেশে চাহিদাভিত্তিক দক্ষ ও প্রশিক্ষিত মানব সম্পদ সৃষ্টির লক্ষে কারিগরি ও মাদ্রাসা শিক্ষার বিভিন্ন পর্যায়ের পাঠ্যক্রম প্রণয়ন, বাস্তবায়ন, মূল্যায়ন ও উন্নয়ন;
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত প্রশাসনিক নীতি প্রণয়ন ও সংস্কার;
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষার মানোন্নয়নে গবেষণা, প্রশিক্ষণ, আইন, বিধিমালা, প্রবিধানমালা ও নীতিমালা প্রণয়ন;
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা পর্যায়ের বিভিন্ন পাঠ্যপুস্তক প্রণয়ন, মুদ্রণ ও বিতরণ;
- শিক্ষা প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড সংযোগ, মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন;
- শ্রেণিকক্ষে পাঠদানে আইসিটি ব্যবহার এবং শিক্ষা ব্যবস্থাপনায় আইসিটির বাস্তব প্রয়োগ;
- শিক্ষানীতির সুপারিশ বাস্তবায়ন;
- প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
- ৪র্থ শিল্প বিপ্লব-এর চ্যালেঞ্জ মোকাবিলায় বিশ্ববাজারের উপযোগী করে ল্যাব/ওয়ার্কশপ প্রস্তুত;
- বিভাগীয় পর্যায়ে স্কিলস কম্পিটিশন ও জব ফেয়ার আয়োজন।

## ১.৫ কারিগরি শিক্ষার প্রেক্ষাপট ও গুরুত্ব

### ১.৫.১ কারিগরি শিক্ষার প্রেক্ষাপট

বাংলাদেশে কারিগরি শিক্ষার সূচনা হয়েছে দেশের অর্থনৈতিক উন্নয়ন, শিল্পায়ন ও কর্মসংস্থানের প্রয়োজন থেকে। স্বাধীনতার আগে থেকেই দক্ষিণ এশিয়ার এই অঞ্চলে দ্রুত নগরায়ন, শিল্পপ্রতিষ্ঠান বৃদ্ধি এবং অবকাঠামো নির্মাণের ফলে এমন জনশক্তির প্রয়োজন দেখা দেয়, যারা শুধুমাত্র বইয়ের জ্ঞান নয়, বরং বাস্তবে হাতে-কলমে কাজ করার দক্ষতা লাভ করেছে। এই চাহিদা পূরণের জন্য ১৯৫৫ সালে স্থাপিত হয় ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, যা ছিল উপমহাদেশে আধুনিক প্রযুক্তিনির্ভর শিক্ষার প্রথম ধাপ। এই প্রতিষ্ঠান থেকেই মূলত বাংলাদেশের কারিগরি শিক্ষার যাত্রা শুরু হয় এবং এখান থেকেই ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষা চালু করা হয়। পরবর্তীতে কারিগরি শিক্ষার সম্প্রসারণের জন্য সরকার ১৯৬০ সালে প্রতিষ্ঠা করে কারিগরি শিক্ষা অধিদপ্তর (Directorate of Technical Education – DTE)। এই অধিদপ্তর প্রতিষ্ঠার পর থেকেই দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বিস্তারে এক নতুন যুগের সূচনা হয়। সরকার কারিগরি শিক্ষাকে একটি স্বতন্ত্র খাত হিসেবে স্বীকৃতি দেয় এবং এর কাঠামোগত বিকাশের কাজ শুরু হয়।

প্রশাসনিক কাঠামোর পাশাপাশি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নিয়ন্ত্রণ, পরীক্ষা পরিচালনা ও সনদপত্র প্রদানের জন্য ১৯৫৪ সালে "ইস্ট পাকিস্তান বোর্ড অব এক্সামিনেশন ফর টেকনিক্যাল এডুকেশন" নামে একটি বোর্ড স্থাপিত হয়। উদ্দেশ্য ছিল দেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের সংগঠন পরিচালন, তদারকি, নিয়ন্ত্রণ এবং উন্নয়নের দায়িত্ব পালন, পরীক্ষা পরিচালনা, নিয়ন্ত্রণ ও বোর্ড কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তিবর্গকে ডিপ্লোমা/সার্টিফিকেট প্রদান। অতঃপর ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ট্রেড পর্যায়ের পাঠ্যক্রম প্রণয়ন, উন্নয়ন, নিয়ন্ত্রণ, সনদপত্র প্রদান, পরিদর্শন ও মূল্যায়নের জন্য একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান স্থাপনের প্রয়োজনীয়তা অনুভূত হয়। এ প্রেক্ষিতে ১৯৬৭ সালে "ইস্ট পাকিস্তান টেকনিক্যাল এডুকেশন বোর্ড" নামে একটি প্রতিষ্ঠান স্থাপিত হয়, যার বর্তমান নাম বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।

ষাটের দশকে দেশের বিভিন্ন অঞ্চলে দ্রুত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে ওঠে। ১৯৬২-৬৩ সালে সরকার আরও পাঁচটি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট প্রতিষ্ঠা করে, যেখানে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্সের পাশাপাশি দুই বছর মেয়াদি সান্ধ্যকালীন ট্রেড কোর্স চালু করা হয়। এর মাধ্যমে কর্মজীবী ও শিক্ষার্থীদের জন্য একইসঙ্গে হাতে-কলমে শেখার সুযোগ সৃষ্টি হয়। পরবর্তী সময়ে, ১৯৬৫-৬৬ অর্থবছরে সরকার সারা দেশে ৩৫টি ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট (VTI) প্রতিষ্ঠা করে, যেখানে দুই বছর মেয়াদি ট্রেড/সার্টিফিকেট কোর্স চালু করা হয়। এসব প্রতিষ্ঠানের মাধ্যমে দেশের গ্রামীণ ও শহরাঞ্চলের তরুণরা পেশাভিত্তিক প্রশিক্ষণ নিয়ে শিল্প, নির্মাণ, বৈদ্যুতিক, যান্ত্রিক, বস্ত্র ও অন্যান্য খাতে কাজের যোগ্যতা অর্জন করতে শুরু করে। সময়ের সাথে সাথে কারিগরি শিক্ষার কাঠামো আরও পরিপূর্ণতা লাভ করে। ১৯৮৫ সালে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (BTEB) এর অধীনে দেশের সকল VTI-তে National Skill Standard (NSS) ভিত্তিক কোর্স চালু করা হয়। এর মধ্যে ৬ মাস মেয়াদি NSS Basic এবং ২ বছর মেয়াদি NSS II ও III ট্রেড কোর্স অন্তর্ভুক্ত ছিল। এই ব্যবস্থার মাধ্যমে দক্ষতা যাচাই ও মান নিয়ন্ত্রণের একটি জাতীয় কাঠামো তৈরি হয়।

বর্তমানে দেশব্যাপি কারিগরি শিক্ষার অভূতপূর্ব প্রসার ঘটেছে। প্রান্তিক পর্যায়ে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সম্প্রসারণের জন্য ১৫৫টি উপজেলায় সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে (টিএসসি) ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ভোকেশনাল শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও, প্রতিটি উপজেলায় ১টি করে টিএসসি স্থাপনের নিমিত্ত নতুন করে ৩২৯টি টিএসসি স্থাপনের কাজ চলমান রয়েছে। দরিদ্র ও দুর্বল জনগোষ্ঠীর জন্য ইঞ্জিনিয়ারিং শিক্ষার ক্ষেত্র প্রসারিত করার উদ্দেশ্যে বিদ্যমান ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজের পাশাপাশি দেশের প্রত্যন্ত অঞ্চলে (ঠাকুরগাঁও, খাগড়াছড়ি, নড়াইল, নওগাঁ) নতুন ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। কারিগরি শিক্ষাকে সকলের দোরগোড়ায় পৌঁছে দিতে এবং সকলের জন্য সহজলভ্য করতে সমগ্র দেশে ৫০টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে। এছাড়াও, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট নেই এমন ২৩টি জেলাতেও নতুনভাবে পলিটেকনিক ইনস্টিটিউট নির্মাণের কাজ চলমান রয়েছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় এ পর্যন্ত ২৩০১টি বেসরকারি প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়েছে এবং মোট ২১,৪২১ জন শিক্ষক-কর্মচারীকে বেতন-ভাতা প্রদান করা হচ্ছে। এমপিও নীতিমালা অনুযায়ী আরও নতুন নতুন প্রতিষ্ঠান এমপিওভুক্তির কাজ চলমান রয়েছে।

### ১.৫.২ কারিগরি শিক্ষার গুরুত্ব

বর্তমান বিশ্বে প্রযুক্তি দ্রুত পরিবর্তনশীল। শিল্পায়ন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির সাথে তাল মিলিয়ে চলার জন্য কারিগরি ও কর্মমুখী শিক্ষা অপরিহার্য। জ্ঞাননির্ভর অর্থনীতি গঠনের জন্য শুধুমাত্র তাত্ত্বিক শিক্ষা নয়, বরং দক্ষতা-ভিত্তিক ও প্রয়োগমুখী শিক্ষা এখন সময়ের দাবি। কারিগরি শিক্ষা এমন একটি শিক্ষা ব্যবস্থা যা শিক্ষার্থীকে হাতে-কলমে কাজ শেখার সুযোগ দেয়। এই শিক্ষা ব্যবস্থা শিক্ষার্থীকে বাস্তব জীবনের সমস্যার সমাধান করতে শেখায়, যন্ত্রপাতি ব্যবহারে পারদর্শী করে এবং নির্দিষ্ট দক্ষতা বা specific competency অর্জনে সহায়তা করে। ফলে শিক্ষার্থীরা শুধু সার্টিফিকেটপ্রাপ্ত নয়, বরং তারা হয়ে ওঠে চাকরিযোগ্য (employable) এবং আত্মনির্ভর। দেশের ক্রমবর্ধমান শিল্পখাতে আজ যেসব কর্মসংস্থানের সুযোগ তৈরি হচ্ছে, তার প্রায় সবই দক্ষতা-নির্ভর (skill-based)। তাই কারিগরি শিক্ষার মাধ্যমে প্রশিক্ষিত জনবলই এই বাজারের মূল চালিকা শক্তি।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (TMED) বাংলাদেশের কারিগরি শিক্ষার বাস্তবায়নে নেতৃত্ব দিচ্ছে। বর্তমানে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ভোকেশনাল স্তরের শিক্ষা, এবং BNQF লেভেলভিত্তিক বিভিন্ন অকুপেশনে দক্ষতাভিত্তিক সংক্ষিপ্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। কারিগরি শিক্ষা ব্যবস্থা দেশজুড়ে হাজার হাজার তরুণ-তরুণীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করছে এবং তাদেরকে শিল্প খাতের উপযুক্ত মানবসম্পদে পরিণত করছে। বর্তমান বিশ্বে "Green Jobs" বা পরিবেশবান্ধব কর্মক্ষেত্রের চাহিদা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। সেই সঙ্গে উদ্ভাবনী প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স, এবং 4IR (Fourth Industrial Revolution) সম্পর্কিত নতুন পেশার ক্ষেত্রও সৃষ্টি হচ্ছে। এসব নতুন কর্মক্ষেত্রে টিকে থাকতে হলে আমাদের তরুণ প্রজন্মকে প্রযুক্তিনির্ভর ও আইটি দক্ষতা (IT-enabled skills) অর্জন করতে হবে। কারিগরি শিক্ষা সেই সক্ষমতা অর্জনের মূল ভিত্তি।

কারিগরি শিক্ষা শুধুমাত্র কর্মসংস্থানের সুযোগ বাড়ায় না, এটি উদ্যোক্তা তৈরি করতেও ব্যাপক সহায়তা করে। অনেক তরুণ-তরুণী এখন নিজেদের দক্ষতা কাজে লাগিয়ে ক্ষুদ্র ও মাঝারি শিল্প গড়ে তুলছে, যা দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। একটি দক্ষ ও উৎপাদনশীল কর্মশক্তি গড়ে তোলা ছাড়া টেকসই অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয়। কারিগরি প্রশিক্ষণ, অবকাঠামোর আধুনিকায়ন এবং শিল্পখাতের সঙ্গে শিক্ষা প্রতিষ্ঠানের কার্যকর সমন্বয় নিশ্চিত করাই আগামী দিনের সফলতার চাবিকাঠি।

### ১.৬ মাদ্রাসা শিক্ষার প্রেক্ষাপট ও গুরুত্ব

মাদ্রাসা শিক্ষা বাংলাদেশে জাতীয় শিক্ষা ব্যবস্থার একটি ঐতিহ্যবাহী অধ্যায়। পৃথিবীর শ্রেষ্ঠ জীবনাদর্শ ইসলামের সুমহান শিক্ষা, ঈমান, আকিদা, চিন্তা, দর্শন, ইতিহাস, ঐতিহ্য, তাহযীব, তমুদ্দুন মাদ্রাসা শিক্ষার স্বকীয়তা নির্ধারণ করেছে। ইসলামের মৌলিক চিন্তাধারাকে অবলম্বন করে, আধুনিক শিক্ষা ব্যবস্থার বিভিন্ন অনুষঙ্গকে সমন্বয় করে যুগের চ্যালেঞ্জ মোকাবেলায় সৎ, যোগ্য, ন্যায়পরায়ণ, আদর্শ, নাগরিক তৈরীতে মাদ্রাসা শিক্ষার গৌরবময় অবদান রয়েছে। এ দেশে মাদ্রাসা শিক্ষার ইতিহাস অনেক পুরনো। ইসলামের মহান নবী হযরত মুহাম্মদ (সা:) এর আবির্ভাবের পরে সপ্তম শতাব্দীর গোড়ার দিকে ভারতীয় উপমহাদেশে ইসলামের প্রসার ঘটতে শুরু করে। ইসলামী শরিয়াহর ধারক হওয়ায় ইসলামের বিস্তৃতির সাথে সাথে মাসজিদ এবং মাকতাবের মাধ্যমে মাদ্রাসা শিক্ষারও প্রসার ঘটতে শুরু করে।

ঐতিহাসিক মুহাম্মদ ফারিস্তার তারিখ-ই-ফারিস্তার বর্ণনা মতে ভারতীয় উপমহাদেশের পশ্চিমাঞ্চলে অবস্থিত মুলতানে প্রথম মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়। ৭ম থেকে ত্রয়োদশ শতাব্দীর মধ্যে মাদ্রাসা শিক্ষা ভারতীয় উপমহাদেশের দিল্লী, লাহোর, লাখনৌ, রামপুর, আগ্রা, মাদ্রাজ, আহমেদাবাদ শহরে বিস্তৃতি লাভ করে। ভারতীয় উপমহাদেশে যে সকল মুসলিম শাসক শাসন কার্য পরিচালনা করেছেন তাদের রাজ দরবারের সাথে পাঠাগার এবং পাঠশালার ব্যবস্থা থাকতো। এ ছাড়া হযরত শাহ জালাল (র:), হযরত শাহ মখদুম (র:), হযরত শাহ পরান (র:)সহ যে সকল আলেম উলামা এবং সুফী সাধক ইসলাম প্রচার করেছেন তাঁরা তাঁদের নিজ গৃহে বা কোন নির্দিষ্ট স্থানে ইসলামী শরিয়তের শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করতেন।

মসজিদ ভিত্তিক এ সকল মকতব এবং মাদ্রাসাগুলোতে আল কুরআন, আল হাদীস, তাফসীর, আল ফিকহ, আরবী সাহিত্য ইত্যাদি সহ সমর বিদ্যা এবং দর্শন শিক্ষা দেয়া হতো। পরবর্তীতে যুগের চাহিদা অনুযায়ী মাদ্রাসা শিক্ষার সাথে ভূগোল, যুক্তিবিদ্যা ইত্যাদি অন্তর্ভুক্ত হয় এবং ক্রমে ক্রমে মাদ্রাসাগুলো আলাদা অবয়ব পরিগ্রহ করতে থাকে। ভারতের উত্তর প্রদেশে দারুল উলুম দেওবন্দ মাদ্রাসাটি প্রতিষ্ঠিত হয় ১৮৬৭ খ্রিষ্টাব্দে।

দক্ষিণ এশিয়ার মাদ্রাসা গুলোতে দারসে নিজামীর কারিকুলাম অনুসরণ করা হয় যা প্রতিষ্ঠা করেন লাখনৌ এর ইসলামী আইন বিশারদ এবং দার্শনিক মোল্লা নিজামুদ্দীন সিহালভী (মৃত ১৭৪৭খ্রি.)। এই কারিকুলামে কুড়িটি বিষয়কে মৌলিক দুটি অংশে বিভক্ত করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হতো। (ক) আল উলুম আল আকলিয়া এবং (খ) আল উলুম আন নাকলিয়া। যে সকল বিষয় পঠিত হতো তা হলো: ব্যকরণ, অলংকার শাস্ত্র, কবিতা, যুক্তিবিদ্যা, দর্শন, আরবি সাহিত্য, ধর্মতত্ত, সিরাতুন্নাবী, চিকিৎসা শাস্ত্র, গণিত, তর্কশাস্ত্র, ইসলামী আইন, আইন শাস্ত্র, আল হাদীস, আত তাফসীর, সমরবিদ্যা, ইত্যাদি।

বাংলায় মাদ্রাসা শিক্ষা প্রাতিষ্ঠানিকভাবে বিশেষ মর্যাদা লাভ করে সুলতানী আমলে (১২১০খ্রি.-১৫৭৬খ্রি.)। এ সময় অনেক মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়। এগুলোর মধ্যে মহিসন্তোসে মাওলানা তাকি উদ্দীন আরাবী প্রতিষ্ঠিত মাদ্রাসাটি ইতিহাসে বিখ্যাত হয়ে আছে। ১২৪৮ খ্রিষ্টাব্দে সুলতান নাসিরুদ্দীন, বদরুদ্দীন ইসহাক, মিনহাজ উদ্দীন, নিজামুদ্দীন দামিস্কী এবং শামসুদ্দীন খাওয়ারিজমী একত্রে মিলিত হয়ে মাদ্রাসা শিক্ষার জন্য একটি কারিকুলাম প্রস্তুত করেন যা একশত বছর ধরে প্রচলিত ছিল। ১২৭৮ সালে মাওলানা আবু তাওয়ামা সোনারগাঁও এ একটি মাদ্রাসা প্রতিষ্ঠা করেন যা ঐ সময়ে বাংলার সর্বাধিক বড় মাদ্রাসা হিসেবে পরিগণিত হতো। সুলতান আলাউদ্দীন হোসাইন শাহ (১৪৯৪-১৫১৯খ্রি.) গৌর এবং মালদহ অঞ্চলে অনেক মাদ্রাসা গড়ে তোলেন। এ সময় মাদ্রাসা শিক্ষার কারিকুলামের মধ্যে আরবি,নাহু, সরফ, বালাগাত, মানতিক ,কালাম, তাসাউফ, সাহিত্য, ফিকহ, দর্শন ইত্যাদি অন্তভূক্ত ছিলো। মাদ্রাসা শিক্ষার পরিধি বিশেষভাবে বিস্তৃত হয় মোঘল শাসনামলে। যুগের চাহিদার আলোকে মাদ্রাসা কারিকুলামে জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন শাখা অন্তর্ভূক্ত হয়। যেমন: জ্যোতির্বিদ্যা, গণিত, ভূগোল, হিসাব বিজ্ঞান, কৃষি বিদ্যা, জন প্রশাসন, উদ্ভিদ বিদ্যা, প্রাণি বিদ্যা, শিল্পকলা ইত্যাদি পাঠ্য সূচির অন্তর্ভূক্ত হয়।

বৃটিশ ঔপনিবেশিক শাসনামলে বাংলায় আশি হাজার মাকতাব (প্রি-ইবতেদায়ী এবং ইবতেদায়ী) ছিলো। ১৭৮০ খ্রিষ্টাব্দে ওয়ারেন হেস্টিংস কর্তৃক কোলকাতা আলিয়া মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়। ১৯৪৭ সালে দেশ বিভাগের পর কোলকাতা আলিয়া মাদ্রাসাটি ঢাকায় স্থানান্তরিত হয় এবং এর নাম হয় ঢাকা আলিয়া মাদ্রাসা। দেশ ভাগের ফলে মাদ্রাসা শিক্ষা নব উদ্যমে ব্যাপকভাবে বিস্তৃতি লাভ করতে শুরু করে। মাদ্রাসা শিক্ষার আধুনিকায়নে অনেক কমিটি এবং কমিশন গঠিত হয়। এর পরিপ্রেক্ষিতে ১৯৭৮ সালে মাদ্রাসা শিক্ষা অর্ডিনেন্স জারি হয় এবং ১৯৭৯ সালে একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান রুপে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কার্যক্রম শুরু করে।

বর্তমানে বাংলাদেশে দুই ধরনের মাদ্রাসা শিক্ষা প্রচলিত আছে। (১) আলিয়া নিসাব (২) কাওমী নিসাব। সরকারের শিক্ষা কমিশন কর্তৃক প্রণিত কারিকুলাম এবং সিলেবাসের মাধ্যমে আলিয়া মাদ্রাসা গুলো পরিচালিত হয়। আলিয়া নিসাবে মাদ্রাসাগুলোতে বোর্ড পরীক্ষার মাধ্যমে যে সকল ডিগ্রী প্রদান করা হয় সাধারণ শিক্ষা ধারার তুলনায় সে ক্ষেত্রে কিছুটা পার্থক্য ছিলো। ১৯৭৮ থেকে ১৯৮৬ সাল পর্যন্ত ফাযিল ডিগ্রীকে এইচ.এস.সি এর সমমান ধরা হতো। পরে সাধারণ শিক্ষার সাথে মাদ্রাসা শিক্ষার সমন্বয় সাধন করা হয়। ১৯৮৫ সাল থেকে দাখিলকে এস.এস.সির সমমান এবং ১৯৮৭ সাল থেকে আলিমকে এইচ.এস.সি এর সমমান দেয়া হয়।

Bangladesh Education statistics-2023 এর তথ্যমতে বর্তমানে বাংলাদেশে ৪৩০০টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা আছে যাতে ১৮৯৬৪ জন শিক্ষক এবং ৬,৬৩,৬৭০ জন শিক্ষার্থী রয়েছে। দাখিল মাদ্রাসা ৬৫১১টি এর মধ্যে মহিলা দাখিল মাদ্রাসা ৯৭৬টি। আলিম মাদ্রাসা ১৩৯৪টি এর মধ্যে মহিলা আলিম মাদ্রাসা ১০৩টি। ফাযিল মাদ্রাসা ১০৮৪টি এর মধ্যে মহিলা ফাযিল মাদ্রাসা ৩০টি। কামিল মাদ্রাসা ২৭০টি এর মধ্যে মহিলা কামিল মাদ্রাসা ১৬টি। সর্বমোট ৯২৫৯টি মাদ্রাসার মধ্যে মহিলা মাদ্রাসা ১১২৫টি। দাখিল, আলিম, ফাযিল এবং কামিল এ চারটি ক্যাটাগরীর মাদ্রাসায় সর্বমোট ১,৪২,৭৫০ জন শিক্ষক কর্মরত আছেন এবং ৪১,২৬,৬২৬ জন শিক্ষার্থী অধ্যয়নরত আছে।

উপরিউক্ত পরিসংখ্যানমতে বাংলাদেশের মাদ্রাসাগুলোতে ৮৪.২১% মাদ্রাসায় কম্পিউটার ফ্যাসিলিটি রয়েছে। এছাড়া ইন্টারনেট কানেকশন ৮৯.৯৪%, বিদ্যুৎ সংযোগ ৯৮.৯০%, সোলার প্যানেল ৬৫.২৯%, মাল্টিমিডিয়া ৬৯.২২%, বিজ্ঞানাগার ৩৬.০১%, কম্পিউটার ল্যাব আছে ২০.৩৯% মাদ্রাসায়।

বাংলাদেশে মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণের জন্য একটি মাত্র প্রতিষ্ঠান রয়েছে। প্রফেসর মনিরুজ্জামান মিয়া শিক্ষা কমিশনের সুপারিশের আলোকে ১৯৯৫ সালে গাজীপুরের বোর্ড বাজারে মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট শীর্ষক প্রকল্পের ভিত্তি স্থাপিত হয়। ১৯৯৯ সালে এতে প্রশিক্ষণের কার্যক্রম শুরু হয়। ২০০২ সাল থেকে এখানে নিয়মিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

শিক্ষাকে আধুনিক ও যুগোপযোগী করার লক্ষ্যে সরকার কর্তৃক জাতীয় শিক্ষানীতি-২০১০ প্রণিত হয়েছে। জাতীয় শিক্ষানীতিতে মাদ্রাসা শিক্ষার মানোন্নয়নে চারটি প্রধান লক্ষ্য এবং ১২টি কৌশল নির্ধারণ করা হয়েছে। এতে মাদ্রাসা শিক্ষার ফাযিল ও কামিল পর্যায়ে শিক্ষাক্রম/পাঠ্যপুস্তক অনুমোদন, শিক্ষাঙ্গনগুলোর তদারকি ও পরিবীক্ষণ এবং পরীক্ষা পরিচালনাসহ সার্বিক তত্ত্বাবধানের জন্য (অ্যাফিলিয়েটিং) ইসলামিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এবং মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাপনার জন্য একটি পৃথক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠার কথা বলা হয়।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বিল আকারে জাতীয় সংসদে উত্থাপিত হয় ২০১৩ সালে এবং বিলটি পাস হয় ২৫ সেপ্টেম্বর ২০১৩ খ্রিষ্টাব্দে। এর ফলশ্রুতিতে প্রতিষ্ঠা লাভ করে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় । ২০১৫ সালে এর কার্যক্রম শুরু হয়। মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ও আধুনিকীকরণ এবং ফাযিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) পর্যায়ের পাঠক্রম ও পাঠ্য সূচির আধুনিকীকরণ ও উন্নতি সাধন, শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং শিক্ষকদের প্রশিক্ষণ ও যোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন, ২০১৩ প্রণিত হয়েছে।

মাদ্রাসাগুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ নির্দেশনা, সঠিক কর্মপরিকল্পনা গ্রহণের মাধ্যমে উচ্চ নৈতিকতা সম্পন্ন মানব সম্পদ গড়ে তোলার ভিশন নির্ধারিত হয়েছে। মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাপনায় বৃহত্তর প্রতিষ্ঠান মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ২০১৫ সালে কার্যক্রম শুরু করে।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ তার ইনোভেশন এবং উন্নয়ন প্রকল্পের মাধ্যমে দেশের মাদ্রাসা শিক্ষার মানোন্নয়নে কার্যকরী ভূমিকা পালন করছে। ওয়ার্ল্ড ব্যাংক, আই এম এফ, আই এল ও, ওআইসি, এডিবি, আইডিবি ও ইত্যাদি সংস্থাসহ মধ্য প্রাচ্যের বেশ কিছু দেশের সাথে বাংলাদেশের সুসম্পর্ক রয়েছে। এ সকল সংস্থা এবং দেশ গুলোর সাথে সমন্বয় সাধন করে মাদ্রাসা শিক্ষার কারিকুলাম এবং মান উন্নয়নে কার্যকরী ভূমিকা রাখবে।

# কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ



### ১.৭.১ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জনবলের তথ্য

| ক্রমিক নং | গ্রেড | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|
| ০১. | গ্রেড-৯ তদূর্ধ্ব | ৩৬ | ৩৬ | ০ |
| ০২. | গ্রেড-১০ | ৩৪ | ৩৩ | ১ |
| ০৩. | গ্রেড-১২ | ২ | ১ | ১ |
| ০৪. | গ্রেড-১৩ | ১৫ | ১২ | ৩ |
| ০৫. | গ্রেড-১৪ | ১ | ১ | ০ |
| ০৬. | গ্রেড-১৬ | ১৪ | ১২ | ২ |
| ০৭. | গ্রেড-২০ | ৩৪ | ৩২ | ২ |
| | মোট = | ১৩৬ | ১২৭ | ০৯ |

## ১.৮ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব বন্টন

### প্রশাসন অনুবিভাগ

#### ১.৮.১. প্রশাসন অধিশাখা - ১

#### ১. প্রশাসন ও সংস্থাপন শাখা

- সাংগঠনিক ও প্রশাসনিক বিষয়াদি;
- কর্মকর্তা/কর্মচারীগণের চাকুরি সংক্রান্ত বিষয়াদি;
- ১ম, ২য় ,৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীগণের নিয়োগ/পদোন্নতি, শৃঙ্খলা ও পেনশনসহ প্রশাসনিক বিষয়াদি;
- কর্মকর্তা/কর্মচারীদের এসিআর ও ব্যক্তিগত নথি সংরক্ষণ;
- আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ ও কার্যবন্টন সংক্রান্ত ;
- প্রশাসনিক পুনর্গঠন এবং পদসৃষ্টি সংক্রান্ত বিষয়াদি;
- মাননীয় উপদেষ্টা/মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা/কর্মচারী নিয়োগ;
- পদায়নকৃত কর্মকর্তাগণের যোগদান/পদায়ন এবং অন্যান্য প্রশাসনিক বিষয়াদি;
- অধীন দপ্তর/সংস্থা প্রধান/প্রকল্পসহ ৫ম ও তদূর্ধ্ব গ্রেডের প্রেষণে আগত কর্মকর্তাদের যোগদান গ্রহণ, পৃষ্ঠাংকন, বহি : বাংলাদেশ ছুটি মঞ্জুরী ও অন্যান্য;
- বিভিন্ন মন্ত্রণালয়ের বিভিন্ন সভায় অংশগ্রহণের জন্য অনুবিভাগ ভিত্তিক মন্ত্রণালয় বিভাজন;
- বিভিন্ন মন্ত্রণালয়ের চাহিদার ভিত্তিতে ফোকাল পয়েন্ট নির্ধারণ;
- সংস্থাপন সংক্রান্ত যাবতীয় পৃষ্ঠাংকন;
- পাসপোর্টের এনওসি সংক্রান্ত;
- কর্মকর্তা-কর্মচারীদের বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন;
- কর্মকর্তা/কর্মচারীগণের কম্পিউটার প্রশিক্ষণ কোর্স আয়োজন;
- কর্মকর্তা/কর্মচারীদের ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন;
- প্রকল্প ব্যতীত দেশে/বিদেশে অনুষ্ঠিতব্য সকল প্রশিক্ষণ, সভা, সেমিনার, শিক্ষা সফর, সফর বিনিময় কর্মসূচি, কর্মশালা ইত্যাদিতে যোগদানের নিমিত্ত মনোনয়ন দান ও সরকারি আদেশ জারিকরণ;
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও বিভিন্ন দপ্তর/অধিদপ্তর ও প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের প্রকল্প ব্যতীত দেশে প্রশিক্ষণের চাহিদা নিরূপন ও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলি।

#### ২. সাধারণ সেবা শাখা

- টিওএন্ডইভুক্ত যানবাহন ক্রয়, রক্ষণাবেক্ষণ অকেজো ঘোষণা, জ্বালানী বিল পরিশোধ ও যানবাহনের ভাড়া আদায়সহ যানবাহন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- প্রটোকল ও অফিস নিরাপত্তা সংক্রান্ত বিষয়াদি;

- সরকারী বাসাবাড়ী সংগ্রহ ও বরাদ্দ প্রদান সংক্রান্ত বিষয়াদি;
- কর্মকর্তা/কর্মচারীদের অফিস স্থান সংকুলান ও সজ্জিতকরণ;
- দাপ্তরিক ব্যবহার্য আসবাবপত্র/টেলিযোগাযোগ/কম্পিউটার সামগ্রী ও অফিস সরঞ্জামসহ যাবতীয় ক্রয়, সংরক্ষণ, মেরামত ও বিতরণের ব্যবস্থা গ্রহণ;
- কর্মকর্তাদের অনুকূলে দাপ্তরিক ও আবাসিক সরকারি টেলিফোন সংযোগ বরাদ্দ/নগদায়ন/ ব্যক্তিগতকরণ/খাত পরিবর্তন/বিল পরিশোধকরণ; এ বিভাগের কর্মকর্তাদের দাপ্তরিক ব্যবহার্য ইন্টারকম সংযোগ প্রদান ও ইন্টারকম রক্ষনাবেক্ষণ;
- বিদ্যুৎ, পানি ও সেনিটারী সংরক্ষণসহ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পরিষ্কার পরিচ্ছন্নতা তদারকি;
- বিভিন্ন সভার আপ্যায়ন সামগ্রী সরবরাহ করা;
- প্রয়োজনীয় বইপুস্তক ও জার্নাল ক্রয়/সংগ্রহকরণ;
- কর্মকর্তা-কর্মচারীদের ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরী (সেবা);
- এ বিভাগের কর্মকর্তা-কর্মচারী এবং দপ্তর/সংস্থায় কর্মরত ৫ম গ্রেড ও তদুর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাদের ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ সংক্রান্ত কার্যক্রম;
- আগাম সংগ্রহ পরিকল্পনা (Advance Procurement Plan)-সহ এ বিভাগের জন্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়ন।

### ৩. ষ্টোর

- চাহিদা মোতাবেক স্টেশনারী ও আনুষঙ্গিক মালামাল ক্রয়, সংগ্রহ ও বিতরণ;
- সকল ধরণের মালামাল সংশ্লিষ্ট স্টক রেজিস্টারে আবশ্যিকভাবে লিপিবদ্ধকরণ।

### ৪. গ্রহণ ও বিতরণ

- সকাল ১০:০০ ঘটিকা ও বিকাল ০৩:০০ ঘটিকায় সচিবালয়ের গেট হতে পত্র গ্রহণ;
- জারীকৃত সকল পত্র ডাক/সরাসরি বিতরণ।

**৫. লাইব্রেরি :** বিভিন্ন ধরণের বইয়ের চাহিদা নিরুপন, ক্রয় সম্পাদন ও রক্ষণাবেক্ষণ।

### ৬. হিসাব শাখা

- সকল কর্মকর্তার বেতন ও যাবতীয় বিল সিএএন্ডএফও শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ;
- সকল কর্মচারীর বেতন ও যাবতীয় দাবীর বিল প্রস্তুতকরণ ও সিএএন্ডএফও, শিক্ষা মন্ত্রণালয় এবং বেসামরিক সচিবালয়ে প্রেরণ;
- অন্যান্য আনুষঙ্গিক বিল, ভ্রমণ ভাতার বিল ও অগ্রিম বিল প্রস্তুত, সমন্বয়করণ ও সিএএন্ডএফও, শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ;
- সকল বিলের টোকেন সংরক্ষণ;
- সিএএন্ডএফও শিক্ষা মন্ত্রণালয় থেকে বিলের চেক গ্রহণ;
- ব্যাংকের সহিত সকল প্রকার লেনদেন ও চেক সংরক্ষণ;
- সকল কর্মচারীর ছুটির হিসাব ও নথি সংরক্ষণ;
- সকল কর্মচারীর বিলের দাবী চেকের মাধ্যমে প্রদান;
- সকল প্রকার ব্যয়ের হিসাব সংরক্ষণ ও ক্যাশ বহি লিখন;
- বাজেট প্রণয়নে সহায়তাকরণ;
- আয়ন ও ব্যয়ন কর্মকর্তা (ডিডিও) হিসাবে দায়িত্ব পালন;
- বিভাগীয় হিসাবের (Department Accounts) সাথে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ের হিসাবের সংগতিসাধন;
- বার্ষিক উপযোজন হিসাব প্রণয়ন এবং নিরীক্ষা প্রত্যয়নের জন্য মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় প্রেরণ;
- এ বিভাগের অভ্যন্তরীণ অডিট নিষ্পত্তিকরণ।

## ১.৮.২. প্রশাসন অধিশাখা-২

### ১. রাজস্ব বাজেট শাখা

- রাজস্ব বাজেট সংশ্লিষ্ট স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী নীতি এবং পরিকল্পনা/কর্মপরিকল্পনা প্রণয়ন ও হালনাগাদকরণ;
- বাজেট কাঠামো প্রণয়ন ও হালনাগাদকরণ;

- সচিবালয় এবং সংযুক্ত/ অধীন দপ্তর/সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ, অনুন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুত ও ডাটা এন্ট্রি;
- রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির প্রস্তাব প্রণয়ন/পর্যালোচনা ও অনুমোদনের জন্য বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন;
- রাজস্ব আহরণ ও অর্থ ছাড়সহ বাজেটে বরাদ্দকৃত সম্পদের ব্যবহার সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ, বিশ্লেষণ এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন;
- পরিকল্পনা/উন্নয়ন অনুবিভাগের সাথে সমন্বয়ের মাধ্যমে মাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণের অগ্রগতি এবং অধিদপ্তর/সংস্থাওয়ারি সকল কার্যক্রম/প্রকল্প/কর্মসূচির বাস্তবায়ন (Financial and Non-Financial) অগ্রগতি পর্যালোচনা;
- প্রধান কর্মকৃতি নির্দেশক (K.P.I.) এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জনসহ বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ;
- অর্থ বিভাগ প্রণীত নির্দেশনা এবং ছক অনুযায়ী বাজেট বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন;
- অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব (প্রয়োজন হলে) পরীক্ষা-নিরীক্ষাপূর্বক অর্থ বিভাগে প্রেরণ এবং পুন :উপযোজনসহ এ বিভাগকে প্রদত্ত আর্থিক ক্ষমতার যথাযথ ব্যবহার, নিশ্চিতকরণ;
- বাজেট ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সাথে সমন্বয় রক্ষা করা;
- বাজেটের ব্যাখ্যাসহ আর্থিক যে কোনো বিষয়ে অর্থ বিভাগের সাথে সকল ধরনের যোগাযোগ;
- অর্থনৈতিক কোড বরাদ্দ সংক্রান্ত;
- বাজেট ব্যবস্থাপনা কমিটি, বাজেট ওয়ার্কিং গ্রুপ এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির উপ-কমিটিতে (যদি থাকে) সাচিবিক সহায়তা প্রদান এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ নিশ্চিতকরণ;
- বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ এবং প্রধান কর্মকৃতি নির্দেশক, ফলাফল নির্দেশক সংক্রান্ত তথ্য ও উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ;
- কারিগরি শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর বাজেট অনুমোদন সংক্রান্ত;
- এ বিভাগের অধীন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি এমপিওভূক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিও ছাড়করণ;
- এ বিভাগের অধীন শিক্ষার্থীদের আর্থিক অনুদান/উপ বৃত্তি/শিক্ষা প্রতিষ্ঠানে বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয়ের জন্য অর্থ বরাদ্দ সংক্রান্ত কার্যাদি;
- জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), স্কাউট, গার্লগাইড এর অর্থ ছাড়করণ;
- সরকারি হিসাব সম্পর্কিত কমিটি (PAC) এবং অন্যান্য সংসদীয় স্থায়ী কমিটির জন্য বাজেট ও আর্থিক বিষয়ে প্রতিবেদন প্রস্তুত করণ।

### ২. উন্নয়ন বাজেট শাখা

- আগাম সংগ্রহ পরিকল্পনা (Advance Procurement Plan)-সহ মন্ত্রণালয়/বিভাগ ও নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের জন্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন;
- প্রধান কর্মকৃতি নির্দেশক (KPI) এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জনসহ বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ;
- বিভাগীয় হিসাবের (Department Accounts) সাথে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ের হিসাবের সংগতিসাধন;
- মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উপযোজন হিসাব প্রণয়ন এবং নিরীক্ষা প্রত্যয়নের জন্য মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণ;
- বাজেট ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সাথে রাজস্ব বাজেট শাখার মাধ্যমে সমন্বয় রক্ষা করা;
- বাজেট ব্যবস্থাপনা কমিটি, বাজেট ওয়ার্কিং গ্রুপ এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির উপ-কমিটিতে (যদি থাকে) সাচিবিক সহায়তা প্রদান এবং বাজেট কমিটির সভার কার্যবিবরণী অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে রাজস্ব বাজেট শাখার মাধ্যমে প্রেরণ নিশ্চিতকরণ;
- আর্থিক ব্যবস্থাপনা সংস্কার/উন্নয়ন এবং বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত সকল বিষয়ে নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের মধ্যে সমন্বয়সাধন এবং মনিটরিংকরণ;
- আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণসহ আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কিত বিষয়ে।

### ৩. এপিএ, এসডিজি, গবেষণা ও রিপোর্ট ম্যানেজমেন্ট শাখা

- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রণয়ন ও বাস্তবায়ন;
- এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) প্রণয়নের নির্দেশনা প্রদান ও চুক্তি সম্পাদন;
- এ বিভাগের এপিএ টিমের মাসিক সভা/এপিএ সূচক অনুযায়ী অংশীজনদের সাথে মতবিনিময় সভা/সেমিনার আয়োজন;

- আওতাধীন দপ্তর/সংস্থার এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সাথে বাস্তবায়ন অগ্রগতি সভা/ফিডব্যাক সভা/কর্মশালা আয়োজন;
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) -এর আইসিটি অধিশাখার সহায়তায় ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক অগ্রগতি প্রতিবেদন APMS সফ্টওয়্যার এর মাধ্যমে প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;
- এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন স্বমূল্যায়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;
- আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রমাণকসহ গ্রহণ, মনিটরিং ও মূল্যায়ন;
- এপিএ সংক্রান্ত সেবাবক্স মনিটরিং ও হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ;
- মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক এপিএ সংক্রান্ত সময় সময় প্রদত্ত নির্দেশনা প্রতিপালন;
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বার্ষিক গবেষণা ক্যালেন্ডার প্রণয়ন;
- এ বিভাগের অধীন দপ্তর/সংস্থার গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কর্মকর্তা/কর্মচারিদের APA, ইনোভেশন, এনআইএস বিষয়ক প্রশিক্ষণ প্রদান (এপিএ);
- APA, এনআইএস, ইনোভেশন ও ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন এবং ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;
- দপ্তর/সংস্থা ও উন্নয়ন অনুবিভাগ থেকে এসডিজি সংক্রান্ত প্রাপ্ত তথ্যের ভিত্তিতে এ বিভাগের কর্মপরিকল্পনা হালনাগাদকরণ;
- এ বিভাগের এসডিজি রোডম্যাপ অনুযায়ী প্রধানমন্ত্রীর কার্যালয়, পরিকল্পনা মন্ত্রণালয়-এর সাধারণ অর্থনীতি বিভাগ এবং পরিসংখ্যান ও তথ্য বিভাগ কর্তৃক যাচিত তথ্য-উপাত্ত প্রেরণ;
- এ বিভাগের এসডিজি সংক্রান্ত তথ্য-উপাত্ত আপলোডকারী ও অনুমোদনকারী কর্মকর্তার মাধ্যমে এসডিজি ট্রেকার-এ আপলোডকরণ;
- প্রধানমন্ত্রীর কার্যালয়, পরিকল্পনা মন্ত্রণালয়-এর সাধারণ অর্থনীতি বিভাগ এবং পরিসংখ্যান ও তথ্য বিভাগ কর্তৃক আয়োজিত এসডিজি বিষয়ক সভা/কর্মশালায় অংশগ্রহণ;
- Doha Plan of Action কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সমন্বয় করা এবং অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্টদের নিকট প্রেরণ।

### ৪. এমপিও শাখা

- বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তির যাবতীয় কার্যাবলি;
- বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে সরকার কর্তৃক মঞ্জুরীকৃত বেতন-ভাতাদির সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ এবং নির্দিষ্ট অভিযোগের উপর ব্যবস্থা গ্রহণ;
- এমপিও নীতিমালা সম্পর্কিত ব্যাখ্যা/মতামত প্রদান এবং এর প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত কার্যাবলি;
- বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর এমপিও কর্তন, স্থগিত এবং পুনর্বহাল সংক্রান্ত এমপিও পুনর্বিবেচনা কমিটির সভা অনুষ্ঠান;
- মহামান্য সুপ্রীম কোর্টের রায়ের আলোকে এ বিভাগের আইন শাখার মতামতের ভিত্তিতে বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বিষয়ে সমস্যা/অভিযোগ নিষ্পত্তিকরণ;
- পাবলিক পরীক্ষায় কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান নীতিমালা অনুযায়ী কাম্য ফলাফল অর্জনে ব্যর্থ হলে এমপিওভুক্ত সে সকল কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

## ১.৮.৩. প্রশাসন অধিশাখা-৩

### ১. সমন্বয় শাখা

- মাসিক সমন্বয় সভা আয়োজন;
- মন্ত্রিপরিষদ বিভাগে মাসিক/বার্ষিক রিপোর্ট প্রেরণ;
- বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য সাময়িকী প্রকাশ;
- বিভাগীয় কমিশনারগণের সঙ্গে সমন্বয় সভা;
- জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন সমন্বয় এবং অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;
- মাদক এবং সড়ক নিরাপত্তা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
- বিভিন্ন ধরনের দিবস আয়োজন এবং এ সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে আদান-প্রদান।

### ২. সংসদ শাখা

- জাতীয় সংসদ বিষয়ক যাবতীয় প্রশাসনিক কার্যাবলি সম্পাদন;
- জাতীয় সংসদের সকল প্রকার প্রশ্নের উত্তর প্রস্তুত ও প্রেরণ;
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ভাষণ তৈরী সংক্রান্ত কার্যক্রম;
- এ বিভাগ সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভায় প্রয়োজনীয় তথ্যাদি উপস্থাপন ও এ সংক্রান্ত যাবতীয় কার্যাবলি সম্পাদন।

### ৩. আইসিটি সেল

- স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহযোগিতা প্রদান;
- আইসিটি সংক্রান্ত নতুন তথ্যাদি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ এবং এ সংক্রান্ত কোন নির্দেশনা থাকলে তা বাস্তবায়নে সহায়তা প্রদান;
- এ বিভাগে স্থাপিত ল্যান, সার্ভার, কম্পিউটার, ল্যাপটপ ও কম্পিউটার সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও মেরামতের উদ্যোগ গ্রহণ;
- এ বিভাগের ওয়েবপোর্টাল রক্ষণাবেক্ষণ, তথ্য সন্নিবেশ ও হালনাগাদ রাখা;
- ই-নথি/ডি-নথি কার্যক্রম পরিচালনা, এতদবিষয়ে প্রশিক্ষণ এবং কারিগরি সহায়তা প্রদান;
- বিভিন্ন মন্ত্রণালয় ও এ বিভাগ কর্তৃক আয়োজিত আইসিটি সংক্রান্ত সভা/সেমিনারে অংশগ্রহণ এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সহযোগিতা প্রদান;
- এ বিভাগের সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক পেজ) রক্ষণাবেক্ষণ ও হালনাগাদকরণ;
- এ বিভাগের প্রয়োজন মোতাবেক সফটওয়্যার প্রস্তুতকরণে সার্বিক সহযোগিতা প্রদান এবং তা ব্যবহারে সকল কর্মকর্তা/কর্মচারীকে সম্যক ধারণা প্রদান;
- এ বিভাগের নিজস্ব ডাটাবেজ প্রস্তুত, হালনাগাদ ও তা রক্ষণাবেক্ষণ;
- আওতাধীন দপ্তর/সংস্থার উদ্ভাবন ও সেবাসহজীকরণ সংক্রান্ত বিষয়ে সহযোগিতা প্রদান;
- তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ কর্তৃক বিভিন্ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে যাচিত প্রতিবেদন প্রদান;
- মন্ত্রিপরিষদ বিভাগ/এটুআই প্রোগ্রাম/মাইগভ প্লাটফরম থেকে নির্দেশিত আইসিটি সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমে সহায়তা;
- এ বিভগের আইসিটি সংক্রান্ত যন্ত্রপাতি ক্রয়ের স্পেসিফিকেশন তৈরি ও ক্রয়ের সকল কার্যক্রমে সহায়তা প্রদান, মালামাল গ্রহণ ও রক্ষণাবেক্ষণ;
- সভাকক্ষের সভা/ওয়ার্কশপ/সেমিনার পরিচালনায় কারিগরি সহায়তা প্রদান;
- করিডোরে রক্ষিত কিয়স্ক এর ডিসপ্লে ডকুমেন্ট তৈরি, প্রচার ও হালনাগাদ রাখা;
- ডিজিটাল হাজিরা মেশিন রক্ষনাবেক্ষণ ও ডাটাবেজ ব্যবস্থাপনায় সহায়তা প্রদান;
- পরিবহণ পুলের সভাকক্ষ ও প্রশিক্ষণ কক্ষের যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় কারিগরি সহায়তা প্রদান;
- টিএমইডি এর নিজস্ব ডোমেইনের সকল ই-মেইল আইডি সচল রাখায় কারিগরি সহায়তা প্রদান এবং ডাটা সেন্টারের সাথে যোগাযোগ রক্ষা;
- এ বিভাগে নেটওয়ার্কিং সিস্টেম এবং ডোমেইন এর যান্ত্রিক ক্রুটি দেখা দিলে বিটিসিএল ও বিসিসি এর সাথে যোগাযোগ স্থাপন;
- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত টেলিফোন ডিরেক্টরি সিস্টেম অনলাইনে নিয়মিত আপডেট রাখা;
- মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত এপিএএমএস/জিআরএস/এনআইস/তথ্য অধিকার ইত্যাদি সফটওয়্যারে তথ্য প্রদানে নিয়মিত সহায়তা প্রদান;
- এসডিজি সংক্রান্ত অনুমোদিত তথ্য ট্রাকারে ডাটা এন্ট্রি করা;
- এ বিভাগ কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে কারিগরি সহায়তা প্রদান;
- এমবিএফ প্রস্তুত ও আইবাস++ এর কারিগরি সহায়তা প্রদান;
- ডিজিটাল প্লাটফরম (জুম) সিস্টেম এর লাইসেন্স নবায়ন, রক্ষণাবেক্ষণ, সভার সিডিউল তৈরি ও সভা পরিচালনায় সার্বিক সহায়তা প্রদান;
- গুগল শীটে/সফট্ওয়্যারে এ বিভাগের সভাসমূহের সিডিউল মেইনটেইন।

## কারিগরি অনুবিভাগ

### ১.৯.১ কারিগরি অধিশাখা-০১

### ১. কারিগরি শাখা-০১

**কারিগরি শিক্ষা অধিদপ্তর, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট এবং আঞ্চলিক পরিচালকের কার্যালয়**

- পদ সৃজন, সংরক্ষণ, নিয়মিতকরণ, স্থায়ীকরণসহ প্রশাসনিক সকল কার্যাবলি;
- শিক্ষক/কর্মকর্তাদের গ্রেডেশন তালিকা প্রণয়ন, নিয়োগ, পদোন্নতি ও উচ্চতর গ্রেড প্রদান;

- শিক্ষক/কর্মকর্তাদের বদলি/প্রেষণ/লিয়েন/ছুটি সংক্রান্ত কার্যাবলি;
- ৯ম গ্রেড ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম;
- শিক্ষক/কর্মকর্তাদের দেশে/বিদেশে প্রশিক্ষণ/উচ্চশিক্ষা গ্রহণের অনুমতি, অভ্যন্তরীণ এবং বৈদেশিক ছুটি ও এতৎসংক্রান্ত কার্যক্রম;
- ৯ম গ্রেড ও তদূর্ধ্ব গ্রেডে কর্মরত কর্মকর্তাদের অবসর/পিআরএল/লাম্পগ্র্যান্ড/অবসর সুবিধা প্রদান;
- বর্ণিত কার্যালয়সমূহ পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদনে গৃহীত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম;
- সংশ্লিষ্ট আইন, অধ্যাদেশ, বিধিমালা, নীতিমালা ও নিয়োগবিধি প্রণয়ন, সংশোধন সংক্রান্ত কার্যক্রম;
- বর্ণিত কার্যালয়সমূহ সংশ্লিষ্ট সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ আয়োজনসহ অন্যান্য সংস্থার আমন্ত্রণে বিভিন্ন সভা, সেমিনার, ওয়ার্কশপ ও কনফারেন্সে প্রতিনিধি মনোনয়ন ও এ সংক্রান্ত কার্যাবলি।

### ২. কারিগরি শাখা-০২

### ইঞ্জিনিয়ারিং কলেজ, টিটিটিসি, নেকটার, ভিটিটিআইসমূহের যাবতীয় কার্যক্রম

- পদ সৃজন, সংরক্ষণ, নিয়মিতকরণ, স্থায়ীকরণসহ প্রশাসনিক সকল কার্যাবলি;
- শিক্ষক/কর্মকর্তাদের গ্রেডেশন তালিকা প্রণয়ন, নিয়োগ, পদোন্নতি ও উচ্চতর গ্রেড প্রদান সংক্রান্ত কার্যাবলি;
- শিক্ষক/কর্মকর্তাদের বদলি/প্রেষণ/লিয়েন/ছুটি সংক্রান্ত কার্যাবলি;
- ৯ম গ্রেড ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের শৃঙ্খলা সংক্রান্ত কার্যক্রম;
- শিক্ষক/কর্মকর্তাদের দেশে/বিদেশে প্রশিক্ষণ/উচ্চশিক্ষা গ্রহণের অনুমতি, অভ্যন্তরীণ এবং বৈদেশিক ছুটি বা এতৎসংক্রান্ত;
- শিক্ষক/কর্মকর্তাদের বদলী/প্রেষণ/লিয়েন/ছুটি সংক্রান্ত কার্যাবলি;
- Education Sector Plan (ESP), Education Act, Education Rules সংক্রান্ত কার্যক্রম;
- বর্ণিত কার্যালয়সমূহের সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ আয়োজনসহ অন্যান্য সংস্থার আমন্ত্রণে বিভিন্ন সভা, সেমিনার, ওয়ার্কশপ ও কনফারেন্সে প্রতিনিধি মনোনয়ন ও এ সংক্রান্ত কার্যাবলি;
- বর্ণিত কার্যালয়সমূহ সংক্রান্ত দেশী, বিদেশী বিভিন্ন সংস্থার সাথে MOU, MOC, Agreement সংক্রান্ত কার্যাবলি।

### ১.৯.২ কারিগরি অধিশাখা-০২

### ১. কারিগরি শাখা-০৩

### বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিম্নে বর্ণিত কার্যক্রম

- সকল পর্যায়ে পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ;
- প্রশাসনিক/শৃঙ্খলা/উচ্চতর ডিগ্রী অর্জনের অনুমতি প্রদান;
- পদসৃজন, সংরক্ষণ, নিয়মিতকরণ ও স্থায়ীকরণ;
- পদোন্নতি ও উচ্চতর গ্রেড প্রদান;
- বদলি/প্রেষণ/লিয়েন/ছুটি;
- কর্মকর্তা-কর্মচারীদের দেশে/বিদেশে পেশাগত প্রশিক্ষণ প্রদান;
- সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি নীতিমালা, সিলেবাস ও কারিকুলাম প্রণয়ন;
- সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন/পাঠদান/স্বীকৃতি প্রদান;
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, স্বীকৃতি, ট্রেড খোলাসহ প্রতিষ্ঠানের নাম সংশোধন/নামকরণ এবং প্রতিষ্ঠান স্থানান্তরের অনুমতি প্রদান;
- বোর্ডের আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, নীতিমালা ও নির্দেশিকা প্রণয়ন, সংশোধন ও পরিমার্জন;
- বোর্ডের সংগে সংশ্লিষ্ট পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট সমূহের কারিকুলাম প্রণয়ন, সংশোধন, পরিমার্জন ও চূড়ান্তকরণ;
- NTVQF, BNQF, RTO, RPL, ইন্ডাস্ট্রি লিংকেজ সংক্রান্ত কার্যক্রম;
- NSDP, NSDA সংক্রান্ত কার্যক্রম;
- TVET Action Plan বাস্তবায়ন|

### ২. কারিগরি শাখা-০৪

### সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহের যাবতীয় কার্যক্রম

- পদ সৃজন, সংরক্ষণ, নিয়মিতকরণ, স্থায়ীকরণসহ প্রশাসনিক সকল কার্যাবলি;

- শিক্ষক/কর্মকর্তাদের বদলী/প্রেষণ/লিয়েন/ছুটি সংক্রান্ত কার্যাবলি;
- শিক্ষকদের নিয়োগ, পদোন্নতি ও উচ্চতর স্কেল মঞ্জুর;
- শিক্ষক/কর্মকর্তাদের (অধ্যক্ষ ও চিফ ইনস্ট্রাক্টর) বদলি/প্রেষণ/লিয়েন/ছুটি সংক্রান্ত কার্যাবলি;
- কর্মরত ৯ম এবং তদুর্ধ গ্রেডভুক্ত শিক্ষকদের শৃঙ্খলা, দেশে/বিদেশ প্রশিক্ষণ ও উচ্চতর ডিগ্রী অর্জন সংক্রান্ত কার্যাবলি;
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সংগে সংশ্লিষ্ট এসএসসি (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএম) ইনস্টিটিউটসমূহের কারিকুলাম প্রণয়ন, সংশোধন, পরিমার্জন ও খসড়া চূড়ান্তকরণে প্রতিনিধিত্ব করা;
- কলেজসমূহের আইন, অধ্যাদেশ, বিধিমালা, নীতিমালা ও নিয়োগবিধি প্রণয়ন, সংশোধন সংক্রান্ত কার্যক্রম;
- সাধারণ শিক্ষাধারা এবং মাদ্রাসায় প্রিভোকেশনাল ও ভোকেশনাল কোর্স চালুকরণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
- সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ পরিদর্শন এবং পরিদর্শন প্রতিবেদনে গৃহীত সুপারিশমালা বাস্তবায়ন;
- কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান সরকারিকরণ।

# মাদ্রাসা অনুবিভাগ

## ১.১০.১ মাদ্রাসা অধিশাখা

### ১. মাদ্রাসা শাখা-১

### মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের যাবতীয় প্রশাসনিক কার্যাবলি :

- কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ/বদলী/প্রেষণ/পদোন্নতি;
- কর্মকর্তাদের বহি :বাংলাদেশ ছুটি অনুমোদন;
- নিয়োগ বিধিমালা প্রণয়ন/সংশোধন;
- কর্মকর্তা/কর্মচারীদের শৃঙ্খলাজনিত কার্যক্রম।

### ২. মাদ্রাসা শাখা-২

### বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর যাবতীয় প্রশাসনিক কার্যাবলি;

- কর্মকর্তা/কর্মচারীদের শৃঙ্খলাজনিত কার্যক্রম;
- কারিকুলাম প্রণয়ন;
- মাদ্রাসা স্থাপন, পাঠদান, একাডেমিক স্বীকৃতি;
- আইন, বিধিবিধান, নীতিমালা ও নিয়োগবিধি প্রণয়ন;
- মাদ্রাসার সকল পরীক্ষা পরিচালনা ও ফলাফল প্রকাশ;
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর গাড়ী ক্রয়ের অনুমতি;
- মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান ইম্প্রভাইজ (অকেজো) ঘোষণা;
- এনসিটিবি কর্তৃক প্রণীত পাঠ্যপুস্তকসমূহ পর্যালোচনা পূর্বক সংযোজন/বিয়োজন/সংশোধনের মাধ্যমে মানোন্নয়নের প্রস্তাব প্রণয়ন;
- মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিতকরণ এবং শিক্ষার মান উন্নয়নের জন্য সভা/সেমিনার আয়োজন;
- মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণ ম্যানুয়েল তৈরি;
- মাদ্রাসা পরিদর্শন ও মনিটরিং।

### ৩. মাদ্রাসা শাখা-৩

### বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) এর যাবতীয় প্রশাসনিক কার্যাবলি

- সরকারি আলিয়া মাদ্রাসার যাবতীয় প্রশাসনিক কার্যাবলি;
- আইন, বিধি-বিধান, নীতিমালা ও নিয়োগবিধি প্রণয়ন;
- কর্মকর্তা/কর্মচারীদের শৃঙ্খলাজনিত কার্যক্রম;
- মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের শৃঙ্খলাজনিত কার্যক্রম;
- মাদ্রাসা উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম;
- স্বতন্ত্র/সংযুক্ত এবতেদায়ী মাদ্রাসার কার্যক্রম;

- সরকারি আলিয়া মাদ্রাসাসমূহের যাবতীয় প্রশাসনিক কার্যাবলি;
- সরকারি আলিয়া মাদ্রাসাসমূহের শিক্ষক ও কর্মচারীদের নিয়োগ, বদলী, পদোন্নতি;
- সরকারি আলিয়া মাদ্রাসাসমূহের শিক্ষক ও কর্মচারীদের বহি :বাংলাদেশ ছুটি অনুমোদন;
- সরকারি আলিয়া মাদ্রাসাসমূহের নিয়োগ বিধিমালা প্রণয়ন/সংশোধন;
- সরকারি আলিয়া মাদ্রাসাসমূহের শিক্ষক ও কর্মচারীদের শৃঙ্খলাজনিত কার্যক্রম;
- আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃসংস্থার মধ্যে সমন্বয়।

## পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ

### ১.১১.১ পরিকল্পনা অধিশাখা

#### ১. পরিকল্পনা শাখা-০১

- ২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন শীর্ষক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত সকল কার্যক্রম;
- ১৫টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রকল্প সংক্রান্ত কার্যক্রম;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৮টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের একাডেমিক ভবন নির্মাণ শীর্ষক প্রকল্প সংক্রান্ত কার্যক্রম;
- বাংলাদেশে ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন শীর্ষক প্রকল্প সংক্রান্ত কার্যক্রম;
- ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের অবকাঠামো উন্নয়ন' শীর্ষক প্রকল্প সংক্রান্ত কার্যক্রম;
- কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত/অননুমোদিত প্রকল্পসমূহ অনুমোদন প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যক্রম;
- বিশ্বব্যাংক, জাইকা ও অন্যান্য বৈদেশিক সাহায্য সংস্থার অর্থায়নে প্রস্তাবিত প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যক্রম;
- ইঞ্জিনিয়ারিং কলেজের সহকারী অধ্যাপক পদে ১৮ জন, টেকনিক্যাল টির্চাস ট্রেনিং কলেজের সহকারী অধ্যাপক পদে ০৩ জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে;
- টিএসসির অধ্যক্ষ পদে ১৯ জন এবং চিফ ইনস্ট্রাক্টর পদে ০৩ জনকে পদোন্নতি প্রদান করা হয়েছে;
- সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের বিভিন্ন পর্যায়ের ৮৪৫ জন এবং পলিটেকনিক ইনস্টিটিউটের ২৬৫ জন শিক্ষক/কর্মকর্তাকে ভূতাপেক্ষভাবে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে;
- স্বয়ংক্রিয় সফটওয়ারের মাধ্যমে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এনটিআরসিএ'র সুপারিশপ্রাপ্ত এমপিওভুক্ত শিক্ষক/শিক্ষিকা বদলি নীতিমালা-২০২৫ প্রণয়ন;
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা- ২০২৫;
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ভর্তি নীতিমালা, ২০২৫ [ডিপ্লোমা ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষাক্রমের জন্য] প্রণয়ন;
- "কারিগরি শিক্ষার মানোন্নয়ন : বৈশ্বিক প্রেক্ষাপটে সম্ভাবনা ও করণীয়" শীর্ষক সেমিনার আয়োজন;
- কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিল্প সংযুক্তি এবং ডিপ্লোমা প্রকৌশলীদের কর্ম ক্ষেত্রে সুযোগ সৃষ্টির লক্ষ্যে উদ্যোগ গ্রহণ;
- বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী ও প্রশিক্ষনার্থীসহ ইনক্লুসিভ TVET বাস্তবায়নে জন্য অস্ট্রিয়ার ভিয়েনার জিরো প্রজেক্ট হতে আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন।

### ১.১৮.৩ মাদ্রাসা অনুবিভাগ

গত এক বছরে মাদ্রাসা শিক্ষার মান উন্নয়নে কারিগর ও মাদ্রাসা বিভাগের আওতায় বেশ কিছু কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

- স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা স্থাপন, পাঠদান, স্বীকৃতি, পরিচালনা ও জনবল কাঠামো এবং এমপিও নীতিমালা, ২০২৫ প্রণয়ন;
- অনুদানভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা এমপিওভুক্তকরণে কার্যক্রম গ্রহণ;
- বাংলাদেশে মাদ্রাসা শিক্ষার অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ করণীয় শীর্ষক সেমিনার আয়োজন;
- সরকারি-ই-আলিয়া মাদ্রাসাসমূহের শুন্য পদ পূরণ;
- বেসরকারি মাদ্রাসা (দাখিল ও আলিম) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা ২০২৫ প্রণয়ন;
  ৮২২৯টি সংযুক্ত ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান;
- ২০২৬ শিক্ষাবর্ষের মাদ্রাসা শিক্ষা ধারার পরিমার্জনকৃত পাঠ্যপুস্তকসমূহের হার্ড কপি, ইলাস্ট্রেটর ফরম্যাটের সফট কপি ও সংশোধন ও পরিমার্জন রিপোর্ট প্রেরণ;
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক মাদ্রাসা সমূহে ৫ম শ্রেণী এবং ৮ম শ্রেণীর বৃত্তি পরীক্ষা পুনরায় চালু করার ব্যবস্থা গ্রহণ;
- বেসরকারি মাদ্রাসায় দাখিল ও আলিম স্তরে গভনিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা ২০২৫ প্রণয়ন;
- স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসাসমূহের শিক্ষার্থীদের Mid-Day Meal/ টিফিন ভাতা প্রদানের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ;
- ইবতেদায়ি স্তরে শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান (১৫১৯টি স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা)।

### ১.১৮.৪ পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ

#### আর্থিক অগ্রগতি

- কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভুক্ত ১১টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১০৮২২০৯ লক্ষ টাকা এবং অগ্রগতি ৭০৫০৪.৩৩ লক্ষ টাকা (৬৪.১৮%)।
- মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভুক্ত ০৬টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫৩৪২২ লক্ষ টাকা এবং অগ্রগতি ৪২৫৫৫ লক্ষ টাকা (৭৯.৬৬%)।
- জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) এর এডিপিভুক্ত ০১টি প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪০২০০ লক্ষ টাকা এবং অগ্রগতি ২৫৬৫০ লক্ষ টাকা (৬৩.৮১%)।
- এ বিভাগের আওতায় এডিপিভুক্ত ১৮টি প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৬২০৩৩ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি ১১৩৩৪৫.৯৩ লক্ষ টাকা (৬৯.৯৫%)। যা জাতীয় পর্যায়ে এডিপিভুক্ত প্রকল্পসমূহের ব্যয় ৬৭.৮৫% এর চেয়ে ২.১০% বেশি।
- এছাড়াও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তেরর আওতায় Secondary Education Development Program (SEDP) এর আওতায় নন-এডিপিভুক্ত "Capacity Development of Madrasah Education" ১ শীর্ষক স্কিমের প্রাক্কলিত ব্যয় ১০০৩৪০.০০ লক্ষ টাকা এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর নিজস্ব অর্থায়নে বিটিবি ভবন-৩ প্রকল্পের ১ প্রাক্কলিত ১৩৫১.০০ লক্ষ ব্যয়ে বাস্তবায়নাধীন রয়েছে।

### ভৌত অগ্রগতি

- ১০০টি উপজেলায় ০১টি করে সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (টিএসসি) স্থাপন শীর্ষক (২য় সংশোধিত) প্রকল্পের মাধ্যমে ১৬টি ভবন হস্তান্তর করা হয়েছে।
- Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) শীর্ষক প্রকল্পের মাধ্যমে ৫২৯৪০ জন আরপিএল, ৯৩৭১৫ জন শর্টকোর্স প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ৩০০০ জন শিক্ষক ও কর্মচারীকে পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়।
- উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (টিএসসি) স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ভূমি নির্বাচন কমিটি কর্তৃক ১৮৯টি প্রতিষ্ঠানেরভূমি নির্বাচন করা হয় । এর মধ্যে প্রশাসনিক অনুমোদন জারী হয় ১২০টি এবং ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয় ২৩টি এবং নির্মাণ কাজ শুরু হয় ০৮টি প্রতিষ্ঠানের।
- "কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের আওতায় ১৫টি ভবন হস্তান্তর করা হয় এবং ৫৬০ জন টিএসসি'র শিক্ষকের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়।
- বিদ্যমান পলিটেকনিক ইনস্টিটিউট সক্ষমতা বৃদ্ধির জন্য ০৮টি পলিটেকনিক ইনস্টিটিউট ও ১৫টি বিদ্যমান পলিটেকনিক ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধি এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের দেশে বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে TVET Teacher for the Future (TTF) প্রকল্পে কাজ শুরু করা হয়েছে।
- এছাড়াও ইউরোপিয়ান ইউনিয়ন এর অর্থায়নে Human Capital Development Programme21 (HCDP21) প্রকল্পের আওতায় TVET Implementation Plan 2025-2030 অনুমোদন হয় এবং ২০২৪-২৫ অর্থবছরে Annual Sector Performance Report (ASPR) প্রণয়ন করা হয়।
- নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন করে ১৫১টি মাদ্রাসা ভবন হস্তান্তর করা হয় ও ৫৬৪টি মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ করা হয় এবং ৫১৩ জন মাদ্রাসার শিক্ষকের বিষয়ভিত্তিক দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়।
- দেশের ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের মাধ্যমে ১৬৮টি মাদ্রাসায় ০৩ সেট করে মাল্টিমিডিয়া ও সরঞ্জামাদি সরবরাহ করা হয়।
- ''মাদ্রাসা শিক্ষকগণের শিক্ষণ দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্প" শীর্ষক প্রকল্পের মাধ্যমে ৪৮৪৩ জন মাদ্রাসার শিক্ষককে ১০টি বিষয় আল কোরআন, আল হাদীস, আল ফিকহ, আরবি, বাংলা, ইংরেজি, বিজ্ঞান, ইসলামের ইতিহাস, গণিত ও প্রশাসন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।
- Secondary Education Development Program এর আওতায় নন-এডিপিভুক্ত "Capacity Development of Madrasah Education" শীর্ষক স্কিমের মাধ্যমে মাদ্রাসার ২৫৮০ জন শিক্ষককে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং বিভাগীয়/ জেলা ও উপজেলা পর্যায় মোট ৭৬টি মাদ্রাসার শিক্ষার মানোন্নয়ন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়।




সাম্প্রতিক ছবিঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষার কারিকুলাম ও পাঠ্যসূচি প্রণয়ন বিষয়ক কর্মশালা

## ১.১৯ ভবিষ্যত পরিকল্পনা

- কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট লক্ষ্যমাত্রা ২০৩০ সালে ৩০% অর্জন করা;
- ৩২৯টি টিএসসি, ২৩টি পলিটেকনিক, ৪টি মহিলা পলিটেকনিক, ২ টি সার্ভে ইনস্টিটিউট ও ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন কাজ সমাপ্ত করা;
- বিদ্যমান কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো উন্নয়ন অব্যাহত রাখা;
- খুলনা ও চট্টগ্রামে নতুন ২টি কারিগরি শিক্ষক প্রশিক্ষণ কলেজ স্থাপন করা;
- গাজীপুরে একটি মডেল পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন;
- শিক্ষকদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা;
- দেশীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ প্রশিক্ষণ প্রদান করা;
- আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থাসমূহের সাথে সম্পর্ক স্থাপন করা;
- মাদ্রাসা ও সাধারণ শিক্ষায় কারিগরি শিক্ষা সম্প্রসারণ করা;
- ১৫১৯ টি স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা এমপিওভূক্তকরণ, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ এবং অবকাঠামোগত উন্নয়ন করা;
- মাদ্রাসা শিক্ষার মানোন্নয়নে ২০০০ এমপিওভূক্ত মাদ্রাসার অবকাঠামো উন্নয়ন করা;
- Bangladesh National Qualification Framework (BNQF) পলিসি প্রণয়ন করা এবং
- TVET Act প্রণয়ন করা।



কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিল্প সংযুক্তি ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে শিল্পপতিদের সাথে মতবিনিময়




Professional Education in Industrial and Environmental Safety PRECISE Inception Workshop

# দ্বিতীয় অধ্যায়
# সময়াবদ্ধ সংস্কার কর্মপরিকল্পনা ও তারুণ্যের উৎসব ২০২৫

## ২.০ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা ও তারুণ্যের উৎসব

## ২.১ সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা

| ক্র. নং. | সংস্কার পরিকল্পনা/ কার্যক্রমের শিরোনাম | সংস্কার পরিকল্পনা/ কার্যক্রমের বর্ণনা | সংস্কার পরিকল্পনা/ কার্যক্রমের কাঙ্খিত ফলাফল | সংস্কার পরিকল্পনা / কার্যক্রম গ্রহণের তারিখ | সংস্কার পরিকল্পনা/ কার্যক্রম সমাপ্তির সম্ভাব্য তারিখ | মন্তব্য (স্বল্প/মধ্য/ দীর্ঘ মেয়াদী) |
|---|---|---|---|---|---|---|
| ১. | অনলাইন সার্টিফিকেট সত্যায়ন | বর্তমানে বাংলাদেশ Apostille Hague Convention এ অনুস্বাক্ষরকারী দেশ। এর মাধ্যমে শিক্ষার্থীগণ এবং বিদেশ প্রত্যাশী কর্মীগণ তাদের সার্টিফিকেট নির্ধারিত ফি এর বিনিময়ে অনলাইনে সত্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে পারবেন। | ১. সার্টিফিকেট সত্যায়ন প্রক্রিয়া সহজ হবে বিধায় সেবাপ্রার্থীদের বাড়তি সময়, ব্যয় ও অন্যান্য অসুবিধা লাঘব হবে।<br>২. দ্রুত সময়ে সেবা প্রদান নিশ্চিত করা সম্ভব হবে। | ০১ অক্টোবর ২০২৪ | কার্যক্রম চলমান থাকবে | স্বল্প মেয়াদী |
| ২. | বেসরকারি এমপিওভুক্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষক ও কর্মচারীদের EFT তে বেতন-ভাতা প্রদান | দেশের বেসরকারি এমপিওভুক্ত কারিগরি এবং মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের EFT তে বেতন-ভাতাদি সহজে প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | শিক্ষক/কর্মচারীগণ সেবা প্রদানে আরো বেশী মনোযোগী হবেন ও চাকুরী সন্তুষ্টি বৃদ্ধি পাবে। | ০১ অক্টোবর ২০২৪ | অক্টোবর ২০২৬ | মধ্য মেয়াদী |
| ৩. | ইন্ডাস্ট্রি ইন্সটিটিউট লিংকেজ কার্যকর করা | ইন্ডাস্ট্রি লিংকেজের আওতায় কাজের ক্ষেত্র চিহ্নিতকরণ, এ সংক্রান্ত গাইড লাইন প্রণয়ন ও কার্যক্রম গ্রহণ | ১. কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সুসম্পর্ক স্থাপন হবে;<br>২. দক্ষতা উন্নয়ন, কারিগরি শিক্ষার্থীদের চাকুরি প্রাপ্তি সহজ হবে;<br>৩. পেশাভিত্তিক দক্ষ জনবল তৈরি হবে; | ০১ অক্টোবর ২০২৪ | ডিসেম্বর ২০২৬ | মধ্য মেয়াদী |
| ৪. | বেসরকারি এমপিওভুক্ত মাদ্রাসার শিক্ষকদের অনলাইনে বদলি | বেসরকারি এমপিওভুক্ত মাদ্রাসার শিক্ষকদের বদলি ব্যবস্থা অনলাইনে চালু করা হবে। | ১. বেসরকারি মাদ্রাসার শিক্ষকদের বদলি ব্যবস্থা নতুনভাবে শুরু হবে; ও<br>২. বদলির ফলে নতুন কর্মস্থলে কাজ করার সুযোগ সৃষ্টি হবে। | ০১ অক্টোবর ২০২৪ | অক্টোবর ২০২৫ | স্বল মেয়াদী |
| ৫. | National Academy for Madrasah Education (NAME) প্রতিষ্ঠাকরণ | মাদ্রাসা শিক্ষা একটি প্রাচীনতম শিক্ষা ধারা। এ ধারার সঙ্গে দেশের একতৃতীয়াংশ শিক্ষার্থী এবং প্রায় ২০০০০০ (দুই লক্ষ) শিক্ষক জড়িত। শিক্ষার এ ধারাটি প্রশিক্ষণসহ বিভিন্ন ক্ষেত্রে অন্যান্য শিক্ষা ধারার তুলনায় পিছিয়ে আছে। মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করতে মাদ্রাসা শিক্ষকদের একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান বিএমটিটিআই কে নায়েম, নেপ ও অন্যান্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ন্যায় একটি ন্যাশনাল একাডেমি হিসেবে গড়ে তোলা। যেখানে মাদ্রাসা শিক্ষার প্রশিক্ষণ ও গবেষণার ক্ষেত্র প্রসারিত হবে। | ১. মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণের সেন্টার অব এক্সিলেন্স হিসেবে প্রতিষ্ঠিত হবে।<br>২. প্রতিষ্ঠানের কলেবর ও কার্যক্রম বৃদ্ধি পাবে।<br>৩. ক্রমবর্ধমান মাদ্রাসা শিক্ষকদের প্রশিক্ষণ চাহিদা পূরণে ভূমিকা রাখবে।<br>৪. মাদ্রাসা শিক্ষা, প্রশিক্ষণ বিষয়ে গবেষণার মাধ্যমে মাদ্রাসা শিক্ষার উৎকর্ষ সাধনে অবদান রাখবে। | ০১ অক্টোবর ২০২৪ | অক্টোবর ২০২৭ | মধ্য মেয়াদি |

## ২.২ তারুণ্যের উৎসব ২০২৫

তারুণ্যের শক্তিকে উজ্জীবিত করে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে দেশজুড়ে 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' প্রতিপাদ্যকে ঘিরে অনুষ্ঠিত হয় তারুন্যের উৎসব ২০২৫। এই উদ্যোগের অংশ হিসেবে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে T10 ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করা হয়। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী এই প্রতিযোগিতায় অংশগ্রহন করেছে, যারা তাদের সম্ভাবনার শক্তি ছড়িয়ে দিয়েছেন সুন্দর আগামীর শপথে।

### ২.২.১ কারিগরি শিক্ষা অধিদপ্তর

কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) সমুহের জন্য একটি T10 ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করা হয়। এই টুর্নামেন্টটি সারা দেশে কারিগরি অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের মধ্যে অনুষ্ঠিত হয়। বিভাগীয় পর্যায়ে আন্ত: পলিটেকনিক ইনস্টিটিউট ও আন্ত: টিএসসি প্রতিষ্ঠানসমূহ অংশগ্রহণ করে এবং প্রতিটি বিভাগ থেকে একটি করে দল বিজয়ী হয়ে কোয়ার্টার ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। এরপর কোয়ার্টার ফাইনাল থেকে ৪টি দল কেন্দ্রীয় পর্যায়ে সেমিফাইনালের জন্য নির্ধারিত হয়। সেমিফাইনাল শেষে প্রতিটি দল পরবর্তী ধাপে ফাইনাল খেলায় অংশগ্রহণ করার সুযোগ পায়। বিভিন্ন গনমাধ্যমের সাংবাদিকগন উপস্থিত থেকে অত্যন্ত সুশৃংখল ও আন্তরিক ভাবে সংবাদ সংগ্রহ ও প্রচার করেন। এছাড়াও বেশ কিছু অনলাইন মিডিয়া সরাসরি খেলা সম্প্রচার করে।

**আলোকচিত্রে তারুণ্যের উৎসব উদ্‌যাপন কার্যক্রম**





# আলোকচিত্রে তারুণ্যের উৎসব উদযাপন কার্যক্রম















### ২.২.২ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাদ্রাসাসমুহের জন্য একটি T10 ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করা হয়। এই টুর্নামেন্টটি সারা দেশে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাদ্রাসাসমূহের মধ্যে অনুষ্ঠিত হয়। এরই প্রেক্ষিতে সারাদেশের বিভিন্ন মাদ্রাসা কর্তৃপক্ষ নিজস্ব ব্যবস্থাপনায় T10 ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করে। উক্ত টুর্নামেন্টে উপজেলা ও জেলা পর্যায়ের কর্মকর্তারা প্রধান অতিথি ও বিশেষ অতিথির পদ অলংকৃত করেন। ঢাকার মধ্যেও বিভিন্ন মাদ্রাসাতে টুর্নামেন্টটি অনুষ্ঠিত হয়।






তারুণ্যের উৎসব উপলক্ষ্যে ক্রিকেট টুর্নামেন্ট এর আয়োজন

টুর্নামেন্টের উদ্দেশ্য: এই টুর্নামেন্টের প্রধান উদ্দেশ্য ছিল বাংলাদেশের বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে একতা সৃষ্টি করা এবং খেলার মাধ্যমে তাদের মধ্যে সুস্থ প্রতিযোগিতা তৈরি এবং দেশপ্রেম ও দক্ষতা বৃদ্ধি করা। শিক্ষার্থীদের মধ্যে শারীরিক ও মানসিক উন্নতি, সৃজনশীলতা এবং দলগত মনোভাব তৈরি করা এই টুর্নামেন্টের অন্যতম লক্ষ্য ছিল। এই টুর্নামেন্ট দেশের সব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের জন্য খেলাধুলার পরিবেশ তৈরি করা এবং তাদের শারীরিক দক্ষতা বৃদ্ধি করতে ভূমিকা রেখেছে।

এই টুর্নামেন্টটি শুধু খেলাধুলার মাধ্যমেই নয়, বরং শিক্ষার্থীদের মধ্যে সম্পর্ক এবং একতার সেতুবন্ধন তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। শিক্ষার্থীরা কেবলমাত্র শারীরিক দক্ষতা অর্জন করেনি, বরং তাদের মধ্যে আত্মবিশ্বাস এবং একাগ্রতা বৃদ্ধি পেয়েছে। ভবিষ্যতে এই ধরনের টুর্নামেন্ট দেশের যুবসমাজের উন্নতির জন্য একটি ইতিবাচক।

# তৃতীয় অধ্যায়
# কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ

## ৩.১ কারিগরি শিক্ষা অধিদপ্তর

### ৩.১.১ পটভূমি

কারিগরি শিক্ষার সম্প্রসারণ ও মানোন্নয়নের মাধ্যমে দক্ষ মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে ১৯৬০ সালে কারিগরি শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠিত হয়। ২০৩০ সালের মধ্যে "TVET Implementation Plan (2025-2030)" অনুযায়ী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় এনরোলমেন্ট হার ৩০% এ উন্নীত করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর দেশের বিভিন্ন অঞ্চলে নতুন নতুন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, মাঠপর্যায়ের প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো উন্নয়ন এবং শিক্ষার্থীদের বৃত্তি ও উপবৃত্তি প্রদান সংক্রান্ত প্রকল্প বাস্তবায়ন করছে। একইসাথে দেশে-বিদেশে শিক্ষক প্রশিক্ষণ আয়োজন, ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ স্থাপন, যুগোপযোগী কারিকুলাম প্রণয়নে সহযোগিতাকরণ, জব ফেয়ার ও স্কিলস কম্পিটিশনসহ নানাবিধ কর্মসূচি পরিচালনা করছে। যা বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক মানসম্পন্ন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণকে দেশের তৃণমূল পর্যায়ে জনপ্রিয় করে গড়ে তোলার মাধ্যমে দেশের বিশাল জনগোষ্ঠীকে উৎপাদনমুখী মানব সম্পদে রূপান্তর করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখছে।

অধিদপ্তরের মূল কাজ ৪টি। যথা: মানব সম্পদ ব্যবস্থাপনা, উন্নয়ন কর্মকান্ড পরিচালনা, একাডেমিক কার্যক্রমের তদারকিকরণ এবং কারিগরি শিক্ষা সংশ্লিষ্ট দেশীয় ও আন্তর্জাতিক সংস্থার সঙ্গে যোগাযোগ স্থাপন।

### ৩.২.২ অধিদপ্তরাধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ

**টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ**
- পাঠদান স্তর: ডিগ্রী/শর্ট কোর্স
- প্রতিষ্ঠান সংখ্যা: ০১টি

**ইঞ্জিনিয়ারিং কলেজ**
- পাঠদান স্তর: ডিগ্রী
- প্রতিষ্ঠান সংখ্যা: ০৪টি

**ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট**
- পাঠদান স্তর: শর্ট কোর্স
- প্রতিষ্ঠান সংখ্যা: ০১টি

**পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট**
- পাঠদান স্তর: ডিপ্লোমা
- প্রতিষ্ঠান সংখ্যা: ৫০টি

**সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ**
- পাঠদান স্তর: সার্টিফিকেট
- প্রতিষ্ঠান সংখ্যা: ১৫৫টি

### ৩.১.৩ অধিদপ্তরের কার্যক্রম

- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের সার্বিক গুণগত মান উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় নীতি, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নিশ্চিতকরণ;
- চাহিদা ভিত্তিক কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা ও প্রশিক্ষণ উৎসাহিতকরণ;
- শিক্ষকের জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির উন্নয়ন ঘটানো;
- জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের উপযোগী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের চাহিদা নিরূপন;
- স্থানীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ পরিকল্পনা, কর্মসূচি ও প্রকল্প প্রণয়ন;
- শিক্ষকদের মান উন্নয়নের লক্ষ্যে চাহিদাভিত্তিক শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন;
- কারিগরি শিক্ষার সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষক-কর্মচারী নিয়োগ ও যথাসময়ে পদোন্নতি প্রদান;
- দেশীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের উপযোগী মানব সম্পদ তৈরির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প-কারখানার মধ্যে যোগাযোগ বৃদ্ধি ও সমঝোতা স্মারক স্বাক্ষর;

- শিক্ষার্থীদের উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে স্কিলস কম্পিটিশন আয়োজন;
- কারিগরি দক্ষতাসম্পন্ন গ্র্যাজুয়েটদের দ্রুততম সময়ে শিল্প কারখানায় কর্মসংস্থানের লক্ষ্যে জব ফেয়ার আয়োজন;
- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের ক্ষেত্রে বিষয়ভিত্তিক শিক্ষক-কর্মচারীদের চাহিদা কেন্দ্রিক সেমিনার ও কর্মশালার আয়োজন;
- জেন্ডার সমতা বিধানকল্পে কারিগরি শিক্ষায় মহিলাদের উৎসাহিত করতে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন, মহিলা কোটা বৃদ্ধি, মহিলা বান্ধব টেকনোলজি প্রর্বতন এবং শিক্ষা প্রতিষ্ঠানের সুযোগ-সুবিধা বৃদ্ধি;
- চাকরির বাজারের চাহিদা এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার উপর গবেষণা এবং সমীক্ষা পরিচালনা;
- দেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ পরিচালনায় সরকারের শীর্ষ সংস্থা হিসেবে কারিগরি শিক্ষা অধিদপ্তর আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থার সাথে (UNEVOC, UNESCO, CPSC, ADB, KOICA, JICA, EU, ILO ইত্যাদি) যোগাযোগ স্থাপন;
- বিভিন্ন প্রতিষ্ঠানে যুগোপযোগী ইমার্জিং টেকনোলজি প্রবর্তন;
- চতুর্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্ববাজারের উপযোগী ল্যাব/ওয়ার্কসপ আধুনিকায়ন;
- শিক্ষার গুণগত মান নিশ্চিতের লক্ষ্যে নিয়মিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং।

### ৩.১.৪ কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানের জনবল তথ্য




### কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানের জনবলের প্রতিষ্ঠানভিত্তিক বিভাজন

| ক্র. নং | প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠান সংখ্যা | অনুমোদিত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|---|
| ১ | কারিগরি শিক্ষা অধিদপ্তর | ১ | ১৪৯ | ১০৩ | ৪৬ |
| ২ | আঞ্চলিক পরিচালকের কার্যালয় | ৮ | ৮৮ | ৪৭ | ৪১ |
| ৩ | ইঞ্জিনিয়ারিং কলেজ | ৪ | ৩১৬ | ১৮৮ | ১২৮ |
| ৪ | টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ | ১ | ১৯৫ | ৩১ | ১৬৪ |
| ৫ | ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট | ১ | ১৯৬ | ৩০ | ১৬৬ |
| ৬ | পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট | ৫০ | ১৪৩৯১ | ৬৯১৫ | ৭৪৭৬ |
| ৭ | সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ | ১৬৪ (চালুকৃত-১৫৫টি) | ১১৮৪০ | ৪৬১১ | ৭২২৯ |
| ৮ | সেন্ট্রাল স্টোর কাম সার্ভিস ওয়ার্কসপ | ১ | ৩২ | ১০ | ২২ |
| | **মোট =** | **২৩০** | **২৭২০৭** | **১১৯৩৫** | **১৫২৭২** |

### ৩.১.৫ ২০২৪-২০২৫ অর্থবছরের জনবল নিয়োগ তথ্য

| পদের ধরণ | সরাসরি নিয়োগ | পদোন্নতিতে নিয়োগ | মোট নিয়োগ |
|---|---|---|---|
| শিক্ষক/কর্মকর্তা | ৩২১২ | ১৯৬ | ৩৪০৮ |
| কর্মচারী | ২৫৩ | ২৭ | ২৮০ |
| **মোট =** | **৩৪৬৫** | **২২৩** | **৩৬৮৮** |




### ৩.১.৬ এমপিও প্রদান সংক্রান্ত তথ্য (২০২৪-২০২৫)




### ৩.১.৭ মে/২০২৫ খ্রিঃ মাস পর্যন্ত এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও কর্মচারীর সংখ্যা

| ক্র. নং | প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের সংখ্যা | শিক্ষক সংখ্যা | কর্মচারীর সংখ্যা | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | কারিগরি কলেজ (ব্যবসায় ব্যবস্থাপনা, ডিপ্লোমা ইন এগ্রিকালচার) | ১,০৯৭ | ৯,৫০৮ | ১,৯৬০ | ১১,৪৬১ |
| ২ | মাধ্যমিক বিদ্যালয়এসএসসি (ভোকেশনাল) | ১,০২৮ | ১০,৮০৮ | ৫৬১ | ১১,৩৬৯ |
| ৩ | মাদ্রাসা (ভোকেশনাল ও ব্যবসায় ব্যবস্থাপনা) | ২৬ | ২৫০ | ১৫ | ৩৬৫ |
| | **মোট =** | **২,১৫১** | **২০,৫৬৮** | **২,৫৩৬** | **২৩,১৯৫** |

### ৩.১.৮ নারী শিক্ষার্থীদের সুবিধা বৃদ্ধি

- কারিগরি শিক্ষায় নারী শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে ভর্তির ক্ষেত্রে মহিলা কোটা ১০% থেকে ২০%-এ উন্নীত করা হয়েছে;
- উপবৃত্তি প্রোগ্রামের আওতায় নারী শিক্ষার্থীদের ১০০% উপবৃত্তি প্রদান;
- মহিলা বান্ধব ট্রেড ও টেকনোলজি প্রবর্তন;
- কারিগরি প্রতিস্তানে নারী শিক্ষার্থীদের সুযোগ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে আলাদা ওয়াশব্লক তৈরি, কমন রুম, নামাজের স্থানসহ টয়লেটের আধুনিকায়ন করা হয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে Gender Based Violence প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে;

- উপজেলা পর্যায়ে ৩২৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্পের আওতায় নতুন নির্মাণাধীন সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে ২০০ আসনের ছাত্রীনিবাস স্থাপনের সংস্থান রয়েছে;
- কারিগরি শিক্ষায় নারী শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে শুধুমাত্র নারী শিক্ষার্থীদের জন্য বর্তমানে ৪টি মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট রয়েছে। এছাড়াও চারটি বিভাগীয় শহরে আরো ৪টি মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট স্থাপনের কাজ চলমান রয়েছে।

### ৩.১.৯ বিশেষ চাহিদাসম্পন্ন এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও প্রান্তিক জনগোষ্ঠীর সুযোগ বৃদ্ধি

- কারিগরি শিক্ষায় বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য ভর্তির ক্ষেত্রে ৫% কোটা প্রবর্তন করা হয়েছে;
- ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের জন্য ৫% কোটা সংরক্ষণ করা হয়েছে।
- কারিগরি শিক্ষায় উপবৃত্তি নীতিমালায় ১০০% প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান করা হচ্ছে;
- কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিবন্ধী শিক্ষার্থী ও প্রশিক্ষণার্থীদের জন্য সহায়ক ভৌত অবকাঠামো যেমন, র‍্যাম্প, উপযোগী টয়লেট, হুইল চেয়ার ইত্যাদির সংস্থান করা হয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরের Skills-21 প্রকল্পের আওতায় Disability Inclusion Advisory Group গঠন করা হয়েছে।

### ৩.১.১০ উপবৃত্তি প্রদান কার্যক্রম

২০২৪-২০২৫ অর্থবছরে মোট ৭,২৮,৯৭৫ জন সুবিধাভোগী শিক্ষার্থীকে উপবৃত্তি ও শিক্ষা উপকরণ ক্রয়ে সহায়তা বাবদ ২৬২,০৮,৬০,৯০৩/- (দুইশত বাষট্টি কোটি আট লক্ষ ষাট হাজার নয়শত তিন) টাকা বিতরণ করা হয়েছে।

উপবৃত্তি বিতরণের তথ্য

| বিতরণের সময় | শিক্ষার্থীর সংখ্যা | বিতরণকৃত টাকা |
|---|---|---|
| ২০২৩-২৪ অর্থবছরে ব্লকড হওয়া শিক্ষার্থীদের ২০২৪-২৫ বরাদ্দ হতে বিতরণ | ৯৯৪ জন | ২২.৫৮ লক্ষ |
| জুলাই-ডিসেম্বর ২০২৪ ও জানুয়ারি-জুন ২০২৪ মেয়াদে বিতরণ | ৩৫৬৯২৭ জন | ১৩৮২৩.১৭ লক্ষ |
| জানুয়ারি-জুন ২০২৫ ও জুলাই-ডিসেম্বর ২০২৪ মেয়াদ বিতরণ | ৩৭১০৫৪ জন | ১২৩৬২.৮৬ লক্ষ |
| সর্বমোট বিতরণ | ৭২৮৯৭৫ জন | ২৬২০৮.৬১ লক্ষ |

### ৩.১.১১ TVET Implementation Plan (2025-2030)

বাংলাদেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) খাতকে যুগোপযোগী ও শিল্পসম্মত রূপান্তরের লক্ষ্য নিয়ে TVET Implementation Plan (2025–2030) প্রণয়ন করা হয়েছে। এর আগে গৃহীত TVET Development Plan-এর অভিজ্ঞতা ও শিক্ষাগ্রহণের ভিত্তিতে এই পরিকল্পনাটি আরও পরিশীলিত ও ফলাফলমুখীভাবে প্রস্তুত করা হয়েছে। উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহ, শিল্পখাতের প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অংশীজনের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে পরিকল্পনাটি চূড়ান্ত করা হয়েছে, যা জাতীয় শিক্ষা নীতি, কর্মসংস্থান কৌশল ও মানবসম্পদ উন্নয়ন অগ্রাধিকারগুলোর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

পরিকল্পনায় মোট ৮৭টি অগ্রাধিকারভিত্তিক কর্মসূচি অন্তর্ভুক্ত করা হয়েছে, যার মধ্যে শিক্ষক নিয়োগ ও দক্ষতা উন্নয়ন, Bangladesh National Qualifications Framework (BNQF) কার্যকর বাস্তবায়ন, TVET Act প্রণয়ন, আধুনিক প্রযুক্তি-নির্ভর দক্ষতা যেমন চতুর্থ শিল্পবিপ্লব (4IR) এবং সবুজ দক্ষতা অর্জন, পাশাপাশি শিল্পখাত ও উন্নয়ন সহযোগীদের সঙ্গে অংশীদারিত্বকে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছে। এ পরিকল্পনা জাতীয় পর্যায়ে একটি অভিন্ন দিকনির্দেশনা প্রদান করবে এবং স্থানীয় পর্যায়ে অঞ্চলভিত্তিক অভিযোজন ও ধারাবাহিক প্রচার-প্রচারণা কার্যক্রম পরিচালনায় সহায়ক ভূমিকা পালন করবে। এ ছাড়া পরিকল্পনার অগ্রগতি ও ফলাফল নিশ্চিত করতে প্রতিবছর বার্ষিক কার্যপরিকল্পনা (Annual Operation Plan – AOP) প্রণয়ন ও বাস্তবায়ন করবে।

TVET Implementation Plan (2025–2030) সফলভাবে বাস্তবায়িত হলে একটি অন্তর্ভুক্তিমূলক, আধুনিক ও শিল্প–সংযুক্ত TVET ব্যবস্থা প্রতিষ্ঠিত হবে, যা দেশের যুবসমাজকে কর্মসংস্থানের নতুন দিগন্তে পৌঁছে দিবে। একই সঙ্গে এটি আন্তর্জাতিক স্বীকৃতিসম্পন্ন দক্ষ মানবসম্পদ তৈরির মাধ্যমে বৈশ্বিক শ্রমবাজারে বাংলাদেশের প্রতিযোগিতা শক্তি বৃদ্ধি করবে এবং জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

### ৩.১.১২ Sector Performance Monitoring Framework (SPMF)

বাংলাদেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (TVET) খাতকে আধুনিক, কর্মমুখী এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত কাঠামোর আওতায় আনার জন্য একটি সমন্বিত অগ্রগতি মনিটরিং ব্যবস্থার প্রয়োজনীয়তা দীর্ঘদিনের। সে প্রেক্ষাপটে TVET Sector Performance Monitoring Framework (SPMF) 2021–2025 প্রণয়ন করা হয়, যা পূর্ববর্তী TVET উন্নয়ন পরিকল্পনা ও অভিজ্ঞতার আলোকে এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত Results-Based Management (RBM) কাঠামোর ভিত্তিতে প্রণীত। TMED, DTE ও BTEB এর অংশগ্রহণে এবং ইউরোপীয় ইউনিয়নের (EU) Human Capital Development Programme 21 (HCDP-21) বাজেট সাপোর্ট প্রোগ্রামের সহায়তায় এই ফ্রেমওয়ার্ক চূড়ান্ত করা হয়।

SPMF মূলত তিনটি স্তরে গঠিত-Impact, Outcome এবং Sector Capacity-যা TVET খাতের বিস্তৃত ও বহুমাত্রিক দিকসমূহকে প্রতিফলিত করে। এর মধ্যে রয়েছে অংশগ্রহণ বৃদ্ধি, গুণগত মানোন্নয়ন, শ্রমবাজারে প্রাসঙ্গিকতা নিশ্চিতকরণ ও টেকসই অর্থায়ন ব্যবস্থা। প্রতিটি স্তরের সঙ্গে সংযুক্ত রয়েছে পরিমাপযোগ্য সূচক (KPI), যার মাধ্যমে সংশ্লিষ্ট খাতের অগ্রগতি নিয়মিতভাবে মূল্যায়ন করা সম্ভব হবে। এ কাঠামো কেবল মনিটরিং নয় বরং নীতিনির্ধারণ ও ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নের জন্য একটি জোরালো ভিত প্রদান করছে।




Launching of TVET Implementation Plan (2025-2030)

### ৩.১.১৩ Annual Sector Performance Report (ASPR)

Annual Sector Performance Report (ASPR) হলো SPMF বাস্তবায়নের একটি দৃশ্যমান ফলাফল, যার মাধ্যমে প্রতি বছর TVET খাতের উন্নয়ন অগ্রগতি পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা হয়। ASPR 2024 দ্বিতীয় সংস্করণ হিসেবে প্রকাশিত হয়েছে এবং এটি আগের তুলনায় আরও বিস্তৃত ও অন্তর্ভুক্তিমূলক রূপলাভ করেছে। প্রথম দিকে এই রিপোর্ট শুধুমাত্র TMED-এর আওতাভুক্ত তথ্যের ভিত্তিতে প্রস্তুত করা হতো। তবে ২০২৪ সালের সংস্করণে কৃষি, শ্রম ও কর্মসংস্থান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান, নৌ পরিবহনসহ মোট পাঁচটি মন্ত্রণালয়ের অধীনস্থ TVET কার্যক্রমকে একত্রিত করা হয়েছে। এর ফলে ASPR এখন একটি জাতীয় পরিপ্রেক্ষিত প্রদান করছে, যা বহুমাত্রিক TVET ব্যবস্থাকে একটি অভিন্ন কাঠামোর অধীনে মূল্যায়ন ও উপস্থাপন করতে সক্ষম।

ASPR 2024 কেবল সূচক বা সংখ্যাগত তথ্য উপস্থাপনের মধ্যেই সীমাবদ্ধ নয়; বরং এটি নীতি প্রণয়ন, বাজেট অগ্রাধিকার, আন্তঃমন্ত্রণালয় সমন্বয় এবং ভবিষ্যৎ সহযোগিতার দিকনির্দেশনা প্রদান করছে। প্রতিবেদনে TVET-এর সম্প্রসারণ, মানোন্নয়ন, শিল্প-অংশীদারিত্ব, শিক্ষক প্রশিক্ষণ, এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির অগ্রগতির চিত্র প্রতিফলিত হয়েছে। একই সঙ্গে, চ্যালেঞ্জ ও সীমাবদ্ধতাগুলো চিহ্নিত করে ভবিষ্যৎ পদক্ষেপের জন্য একটি প্রমাণভিত্তিক রূপরেখা তৈরি করা হয়েছে।




সাম্প্রতিক ছবি: Launching of TVET ASPR 2024

### ৩.১.১৪ ভোকেশনাল ই-লার্নিং সেন্টার অ্যাকশন প্ল্যান-২০২৫

বাংলাদেশের TVET খাতে দ্রুত পরিবর্তিত প্রযুক্তি ও ৪র্থ শিল্প-বিপ্লবের প্রেক্ষাপটে প্রশিক্ষক ঘাটতি পূরণে একটি কৌশলগত পদক্ষেপ হিসেবে ভোকেশনাল ই-লার্নিং সেন্টার অ্যাকশন প্ল্যান ২০২৫ প্রণীত হয়েছে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (TMED)-এর উদ্যোগে এবং ভিটিটিআই বগুড়াকে কেন্দ্র করে এই পরিকল্পনায় একটি আধুনিক ই-লার্নিং প্ল্যাটফর্ম গড়ে তোলা হবে, যা মাইক্রো-লার্নিং মডিউলের মাধ্যমে প্রশিক্ষকদের বাস্তব দক্ষতা ঘাটতি পূরণে সহায়ক হবে।

পরিকল্পনায় তিন বছরে মোট ৫৭৫টি ডিজিটাল মডিউল তৈরি এবং ধাপে ধাপে ১৯৬ জন প্রশিক্ষককে প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এর আওতায় ডিজিটাল প্রোডাকশন ল্যাব, রেকর্ডিং স্টুডিও এবং কনটেন্ট ডেভেলপমেন্ট টিম গঠন করা হবে। লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম (LMS Moodle) জাতীয় ডেটা সেন্টারে হোস্ট করা হবে এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের HRMIS-এর সাথে ইন্টিগ্রেট করা হবে। কনটেন্ট উন্নয়নের তিনটি অগ্রাধিকার নির্ধারণ করা হয়েছে। যথা- (i) নতুন প্রশিক্ষক (ii) অপরিচিত যন্ত্রপাতি ব্যবহারে দক্ষতা (iii) সাধারণ প্রশিক্ষণ।

মোট ৬.০২ কোটি টাকা ব্যয়ে এই পরিকল্পনা বাস্তবায়িত হবে, যেখানে মূল ব্যয় খাতগুলোর মধ্যে রয়েছে: ডিজিটাল যন্ত্রপাতি, লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম, কোয়ালিটি অ্যাসিউরেন্স ও প্রশিক্ষণ।

### ৩.১.১৫ স্কিলস কম্পিটিশন আয়োজন

সরকার ২০৩০ সালের মধ্যে দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় ভর্তির হার ৩০ শতাংশে উন্নীত করার লক্ষ্য নির্ধারণ করেছে। এই লক্ষ্যে পৌঁছাতে অ্যাকসেলারেটিং এন্ড স্ট্রেনদেনিং স্কিলস ফর ইকনমিক ট্রান্সফরমেশন (ASSET) প্রকল্পের অধীনে নানান কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কারিগরি শিক্ষার জনপ্রিয়তা বাড়াতে এবং এর প্রচারের জন্য কারিগরি শিক্ষার্থীদের সাথে একটি দক্ষতা ও উদ্ভাবনী প্রতিযোগিতা আয়োজন করা হয়। এই উদ্ভাবনী প্রতিযোগিতার মাধ্যমে দেশের কারিগরি শিক্ষার্থীদের মেধা এবং উদ্ভাবনী শক্তি বিকশিত হবে। দেশের জেলা/বিভাগীয় পর্যায় থেকে বিভিন্ন বৃত্তি ও পেশায় নিয়োজিত মানুষের কর্ম নৈপুণ্যের বিষয়টি প্রতিযোগিতার মাধ্যমে তুলে ধরে জাতীয় পর্যায়ে তাদের স্বীকৃত প্রদান ও পুরস্কৃত করাই এই প্রতিযোগিতার মূল উদ্দেশ্য। জাতি গঠনে ও অর্থনৈতিক প্রবৃত্তি অর্জনে সমাজের সকল পেশার স্বীকৃতি প্রদানের মাধ্যমে তরুণ সমাজকে বিভিন্ন পেশায় অংশগ্রহণে উদ্বুদ্ধ করাও এই প্রতিযোগিতার অন্যতম লক্ষ্য। এই আয়োজন স্থানীয় প্রশাসন, মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা ছাত্র-ছাত্রীদের, তাদের অভিভাবক, শিক্ষক-কর্মকর্তা, শিল্পকারখানার মালিক, ব্যবসায়ী, সুশীল সমাজ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিদের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে।

উদ্ভাবনী ও দক্ষতা প্রতিযোগিতাটি তিনটি পর্যায়ে আয়োজন করা হবে - প্রাতিষ্ঠানিক পর্যায়, আঞ্চলিক পর্যায় ও জাতীয় পর্যায়। প্রাতিষ্ঠানিক পর্যায়ে, নিজ নিজ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা দলগত বা এককভাবে এ প্রতিযোগিতায় অংশ নেয়। প্রতিটি প্রতিষ্ঠানে একযোগে দেশজুড়ে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। দিনব্যাপী উদ্ভাবনী প্রকল্পের প্রদর্শন সাধারণ দর্শকদের জন্য উন্মুক্ত থাকে। এর সাথে প্রকল্পগুলোর মূল্যায়ন চলমান থাকে। দিন শেষে ফলাফল ঘোষিত হয়। বিজয়ী তিনটি উদ্ভাবন আঞ্চলিক প্রতিযোগিতার জন্য নির্বাচিত হয়। একইভাবে প্রাতিষ্ঠানিক পর্যায়ের বিজয়ীদের নিয়ে আঞ্চলিক পর্যায়ে প্রতিযোগিতা আয়োজিত হয়।

### ৩.১.১৬ স্কিলস কম্পিটিশন-২০২৫ এর জন্য নির্বাচিত জবের তালিকা

| ক্র. নং | জবের নাম |
|---|---|
| ১ | একটি সুইচ, একটি সকেট, একটি ইন্ডিকেটর, একটি ফিউজ, এনার্জি মিটারসহ ওয়্যারিং |
| ২ | ফ্যান রেগুলেটর ডিজাইন ও তৈরী করণ (ইলেকট্রনিক টাইপ) |
| ৩ | ৩ ফেজ স্টার ডেল্টা সংযোগ প্রদান |
| ৪ | CAD এর সাহায্যে Hexagonal 3D নাট ডিজাইন |
| ৫ | আর্ক ওয়েল্ডিং এর সাহায্যে বাট জয়েন্ট (2G) পজিশনে তৈরীকরণ |
| ৬ | এম এস সিটের ফানেল তৈরি |
| ৭ | স্প্লিট টাইপ এয়ার কন্ডিশনার স্থাপন ও গ্যাস চারজিং |
| ৮ | টিউবিং করণ ও লিক টেস্ট পরীক্ষণ |
| ৯ | ইনজেক্টর সার্ভিসিং এর দক্ষতা অর্জন |
| ১০ | Perfect frame ট্রাস মডেল নির্মান |
| ১১ | CAD ব্যাবহার করে ফ্লোরপ্ল্যান ( ১২০০ এসএফটি,তিন রুম,তিন বাথরুম,বারান্দা) |
| ১২ | ইংলিশ বন্ড পদ্ধতিতে ৬ স্তরের দেয়াল তৈরি |
| ১৩ | গ্রাফিক্স ডিজাইন টুলস ব্যবহার করে লোগো তৈরী |
| ১৪ | পাইথন প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ ব্যবহার করে ক্যালকুলেটর তৈরি |
| ১৫ | বাটার কুকিজ প্রস্তুতকরণ |

### ৩.১.১৭ স্কিলস কম্পিটিশন-২০২৫ এ অংশগ্রহণকারী প্রতিষ্ঠান

| ক্র. নং | প্রতিষ্ঠানের ধরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | সরকারি পলিটেকনিক/মনোটেকনিক | ৫০ টি |
| ২ | সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ | ৬৪ টি |
| ৩ | বেসরকারি পলিটেকনিক/মনোটেকনিক | ১৬ টি |
| ৪ | ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি | ৬ টি |
| | **মোট অংশগ্রহণকারী প্রতিষ্ঠান** | **১৩৬ টি** |



স্কিলস কম্পিটিশন ২০২৫ এর প্রতিষ্ঠান পর্যায়ে ব্রাহ্মণবাড়িয়া পলিটেকনিক ইনস্টিটিউটের ইলেকট্রোমেডিকেল টেকনোলজির হাউজ ওয়ারিং দক্ষতা প্রজেক্ট



স্কিলস কম্পিটিশন ২০২৫ এর প্রতিষ্ঠান পর্যায়ে রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রজেক্ট

### ৩.১.১৮ দক্ষতাভিত্তিক কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণ এবং মানোন্নয়ন

- ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজের লক্ষ্যে অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ ও বিভিন্ন ধরনের শিল্প-কারখানা, প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ক্ষুদ্র ও কুটির শিল্প এবং ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপের মধ্যে ২৫২টি Memorendum of Understanding (MoU) স্বাক্ষরিত হয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধী ৪টি পলিটেকনিকি ইনস্টিটিউট ও ৭টি টেকনিক্যাল স্কুল ও কলেজে জব ফেয়ার অনুষ্ঠিত হয়েছে। উক্ত জব ফেয়ারে চাকরি প্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩৬০ জন;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিকি ইনস্টিটিউটসমূহে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিশ্ববাজারের উপযোগী ৮৮টি ল্যাব/ওয়ার্কসপ আধুনিকায়ন করা হয়েছে;
- ২০২৫ শিক্ষাবর্ষে জানুয়ারি মাসে পর্যন্ত ১৫৫টি টেকনিক্যাল স্কুল ও কলেজে ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি পর্যন্ত জুনিয়র ভোকেশনাল কোর্সে ৩৪,৪১৫ জন, ৯ম শ্রেণিতে ২১৭৩৭ জন এবং একাদশ শ্রেণিতে ২৩৯৯ জন শিক্ষার্থী ভর্তি করা হয়েছে;
- সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীগণ সাধারণ শিক্ষা ধারায় অন্তর্ভুক্ত বিষয়গুলোর সাথে একটি করে কারিগরি বিষয় অধ্যয়নের সুযোগ পাচ্ছে। অন্যদিকে, এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ভোকেশনাল) কোর্সে সাধারণ বিষয়ের সাথে কারিগরি শিক্ষায় হাতে কলমে দক্ষতা অর্জনের জন্য শিক্ষার্থীগণ ৪টি ট্রেড বিষয়ে অধ্যয়নের সুযোগ পাচ্ছে;
- এছাড়াও ১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্পের আওতায় ২০২৬ শিক্ষাবর্ষে অবশিষ্ট ৯টি টিএসসি-তে শিক্ষা কার্যক্রম শুরুর পরিকল্পনা রয়েছে এবং এ লক্ষ্যে সার্বিক কার্যক্রম পরিচালিত হচ্ছে।
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন "বিদ্যমান ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের আওতায় ৩০টি সাইটের ভবনের নির্মাণ কাজ শেষ হয়েছে এবং বাকী ৩৪টি সাইটে নির্মাণ ও পূর্ত কাজ চলমান রয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন "সিলেট, বরিশাল, ময়মনসিংহ ও রংপুর বিভাগীয় শহরে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় সবগুলো সাইটে নির্মাণ ও পূর্ত কাজ প্রায় সম্পন্ন হয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন "বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় সবগুলো সাইটে নির্মাণ ও পূর্ত কাজ চলমান রয়েছে;
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রতিষ্ঠানসমূহের জন্য ১২,৮০৫টি নতুন পদ সৃষ্টি করা হয়েছে;
- ১০০টি উপজেলায় একটি করে সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (টিএসসি) স্থাপন প্রকল্পের আওতায় রাজস্ব খাতে ৬৪০০টি পদ এবং আউটসোর্সিং খাতে ৪০০টি পদসহ মোট ৬,৮০০টি নতুন পদ সৃষ্টি করা হয়েছে;
- ঢাকাস্থ চীনা দূতাবাসের যৌথ উদ্যোগে বাংলাদেশ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে বৃত্তির আওতায় ডিপ্লোমা ও বিএসসি পর্যায়ে ৮৪৪ জন শিক্ষার্থীকে চীনের বিভিন্ন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে।

## ৩.১.১৯ কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ

২০২৪-২৫ অর্থবছরে কারিগরি অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের তথ্য (রাজস্ব বাজেট ও উন্নয়ন বাজেট)

| ক্র. নং | প্রশিক্ষণ কর্মসূচির নাম ও ভেন্যু | প্রশিক্ষণপ্রাপ্ত জনবলের সংখ্যা | প্রশিক্ষিত জনবলের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বুনিয়াদী প্রশিক্ষণ বিয়াম ফাউন্ডেশন, ঢাকা, কক্সবাজার, বগুড়া। | ১৫০ জন | ৯ম ও তদুর্ধ্ব গ্রেডভূক্ত পলিটেকনিক-টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ২ মাসব্যাপী |
| ২ | বেসিক প্রশিক্ষণ কোর্স টিটিটিসি, ঢাকা। | ৫০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র ১০ম গ্রেডভুক্ত শিক্ষক-কর্মকর্তাগণ | ১ মাসব্যাপী |
| ৩ | "Improving English Language Skill" শীর্ষক প্রশিক্ষণ, টিটিটিসি, ঢাকা | ৬০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১ মাসব্যাপী |
| ৪ | আইসিটি বিষয়ক প্রশিক্ষণ নেকটার, বগুড়া | ৩২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৫ | RAC এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং BKTTC, Dhaka, Chattogram | ৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৬ | এ্যাপারেল ম্যানুফেকচারিং বেসিকস এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং BKTTC, Dhaka | ৩৮ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৭ | "সিভিল কন্সট্রাকশন এন্ড সেফটি" এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং BKTTC, Dhaka | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৮ | "অটোমোটিভ ম্যাকানিকস" এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং BKTTC, চট্টগ্রাম | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ৯ | IT Support Service এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং BKTTC, Chattogram | ৮০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১০ | "গ্রাফিক ডিজাইন" এর উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং BKTTC, চট্টগ্রাম | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১১ | Graphic Design (Level-3) ট্রেডের উপর বিষয়ভিত্তিক স্কিলস ট্রেনিং DTTTI, Dhaka | ১২০ জন | Asset প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১২ | BNQF Level-1 সনদায়নের জন্য Automotive Mechanics এর উপর প্রশিক্ষণ ডিটিটিআই, ঢাকা। | ২০ জন | Asset প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৩ | BNQF Level-3 সনদায়নের জন্য Web Design এর উপর প্রশিক্ষণ ডিটিটিআই, ঢাকা। | ২০ জন | Asset প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৪ | NTVQF Level-2 সনদায়নের জন্য Food Processing এর উপর প্রশিক্ষণ ডিটিটিটিআই, ঢাকা। | ৮০ জন | Asset প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৫ | NTVQF Level-1 সনদায়নের জন্য EIM এর উপর প্রশিক্ষণ ভিটিটিআই, বগুড়া। | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৬ | NTVQF/BNQF Level-2 সনদায়নের জন্য EIM এর উপর | ১৮০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রশিক্ষণ ভিটিটিআই, বগুড়া/টিটিটিসি ঢাকা। | | | |
| ১৭ | NTVQF Level-2 সনদায়নের জন্য Plumbing এর উপর প্রশিক্ষণ ভিটিটিআই, বগুড়া। | ১৮০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৮ | NTVQF Level-1 সনদায়নের জন্য Consumer Electronics এর উপর প্রশিক্ষণ ভিটিটিআই, বগুড়া। | ১৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ১৯ | NTVQF Level-2 সনদায়নের জন্য Consumer Electronics এর উপর প্রশিক্ষণ ভিটিটিআই, বগুড়া। | ৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২০ | NTVQF Level-1 সনদায়নের জন্য Welding এর উপর প্রশিক্ষণ ভিটিটিআই, বগুড়া। | ৬০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২১ | NTVQF Level-1 সনদায়নের জন্য Plumbing এর উপর প্রশিক্ষণ ভিটিটিআই, বগুড়া। | ৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২২ | NTVQF Level-1 সনদায়নের জন্য RAC এর উপর প্রশিক্ষণ ভিটিটিআই, বগুড়া। | ৮০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২৩ | RAC এর উপর বিষয়ভিত্তিক স্কিল প্রশিক্ষণ ঠাকুরগাঁও পলিটেকনিক ইন্সটিটিউট, ঠাকুরগাঁও । | ৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১ মাসব্যাপী |
| ২৪ | NTVQF Level-2 সনদায়নের জন্য RAC এর উপর প্রশিক্ষণ ভিটিটিআই, বগুড়া। | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২৫ | NTVQF Level-3 সনদায়নের জন্য Computer Operation এর উপর প্রশিক্ষণ ভিটিটিআই, বগুড়া/ভিটিটিটিআই, ঢাকা। | ৪৬০ জন | Asset প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২৬ | NTVQF Level-1 সনদায়নের জন্য Machine Shop Practice এর উপর প্রশিক্ষণ, ভিটিটিআই, বগুড়া। | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২৭ | NTVQF Level-3 সনদায়নের জন্য Machine Shop Practice এর উপর প্রশিক্ষণ, ভিটিটিআই, বগুড়া। | ১৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২৮ | BNQF Level-3 সনদায়নের জন্য 2D & 3D CAD এর উপর প্রশিক্ষণ টিটিটিসি, ঢাকা। | ২০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১৪ দিনব্যাপী |
| ২৯ | প্যাডাগোজি লেভেল-৪ (ট্রেইনার পার্ট) (পার্ট-২) বিষয়ক প্রশিক্ষণ টিটিটিসি, ঢাকা | ৩০ জন | ১০ম ও তদূর্ধ্ব গ্রেডভুক্ত টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১০ দিনব্যাপী |
| ৩০ | NTVQF Level-3 সনদায়নের জন্য CNC Machine Operation এর উপর প্রশিক্ষণ বিটাক, ঢাকা। | ৪০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১ মাসব্যাপী |
| ৩১ | NTVQF Level - 4 সনদায়নের জন্য PLC এর উপর প্রশিক্ষণ বিটাক, ঢাকা। | ৬০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ১ মাসব্যাপী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩২ | Institution Supported & Feedback Oriented Advanced Pedagogy TVET বিষয়ক প্রশিক্ষণ IUT, গাজিপুর | ৮০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ৩ ফেজে ১১ দিন |
| ৩৩ | Leadership & Management শীর্ষক প্রশিক্ষণ বিসিএস একাডেমি, ঢাকা | ১৫০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ৬ দিনব্যাপী |
| ৩৪ | Public Procurement শীর্ষক প্রশিক্ষণ ইএসসিবি, মুন্সীগঞ্জ | ৩০৬ জন | Asset প্রকল্পের গ্রান্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মকর্তাগণ | ৩ সপ্তাহব্যাপী |
| ৩৫ | ই-জিপি সিস্টেমে Procuring Entity (PE) User Module বিষয়ে প্রশিক্ষণ দোহাটেক, ঢাকা। | ৬০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ৫ দিনব্যাপী |
| ৩৬ | Basic Procurement শীর্ষক প্রশিক্ষণ ইএসসিবি, ঢাকা/মুন্সীগঞ্জ | ১০ জন | অধিদপ্তরাধীন বিভিন্ন পলিটেকনিক এবং টিএসসি'র শিক্ষক-কর্মকর্তাগণ | ৩ সপ্তাহব্যাপী |
| ৩৭ | "অফিস ব্যবস্থাপনা" শীর্ষক ইন-হাউজ প্রশিক্ষণ কারিগরি শিক্ষা অধিদপ্তর | ১৭৯ জন | কারিগরি শিক্ষা অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ | ৩ দিনব্যাপী |
| | মোট= | **৩৩৯৩ জন** | | |




ASSET প্রকল্পের আওতায় কম্পিউটার অপারেশন লেভেল-৩ (১৪ দিনব্যাপী) প্রশিক্ষণ

### ৩.১.২০ বৈদেশিক প্রশিক্ষণ

| SN | Name of Training Program | Participants | Venue and Time | Duration | Organizer |
|---|---|---|---|---|---|
| 1. | Collaborative Regional Program on 'TVET Research Methodology for TVET Leaders and Practitioners' | 01 | Malaysia 05-09 May 2024 | 05 Days | CPSC |
| 2. | Group and Region Focused Training Course on 'Human Resources Development Administration through the promotion of Technical and Vocational Education and Training' | 02 | Japan 18 November 2024 to 06 December 2024 | 19 Days | JICA |
| 3. | Study Visit on 'Automotive Technology Training to Support the Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)' | 06 | Seoul, South Korea 11-15 November 2024 | 05 Days | ADB |
| | **Total=** | 09 | | | |

### ৩.১.২১ কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্পাদিত গবেষণা

কারিগরি শিক্ষার সার্বিক উন্নয়নে সরকারের গৃহীত কর্মপরিকল্পনা সফল বাস্তবায়নের পাশাপাশি কারিগরি শিক্ষার ক্ষেত্রে গবেষণাধর্মী কার্যক্রমের গুরুত্ব অপরিসীম। সে লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ''রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল'' তার অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের রাজস্বখাতে কর্মরত শিক্ষক/কর্মকর্তাগণের সরাসরি অংশগ্রহণে প্রতি অর্থবছরে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সংক্রান্ত ১০ (দশ) টি গবেষণা কার্যক্রম পরিচালনা করে। ২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত গবেষণাসমূহের শিরোনাম:

| Sl. No | Research Titles |
|---|---|
| **1.** | Status Of Foreign Manpower In Bangladesh: Analyzing Skills Gaps To Enhance Employability Of TVET Graduates |
| **2.** | Investigation of Existing Sanitation Condition Using SFD Graphic Tools with Resource Recovery Approach: A Case Study on Barisal City |
| **3.** | Formulation Optimization Of Edible Film For Industrial Application |
| **4.** | Design and Implementation of a Cost-Effective and Environment friendly Solar-Powered Irrigation System for Enhancing Agricultural Productivity in Rural Areas of Bangladesh |
| **5.** | Tea leaf disease detection and classification using 'YOLOv11' object detection algorithm |
| **6.** | Determination of side effects of taking energy drink on human health by using biomedical tools. |
| **7.** | Green Practices among TVET Professionals: Fostering Green Jobs for a Green Economy |
| **8.** | Exploring The Competency Gap Between Curriculum Intentions And Employers' Expectations Of Diploma In Engineering Graduates |
| **9.** | Exploring Challenges In Implementing Educational Technology (Edtech) In Polytechnic Institutes Of Khulna Division, Bangladesh |
| **10.** | Implementation Of Short-Term Load Forecasting Model Using LSTM Architecture: A Case Study Of Sylhet Division. |



২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত গবেষণাসমূহের Dessimination Workshop

### ৩.১.২২ অডিট সংক্রান্ত তথ্য

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠানের বিগত তিন বছরের (২০২২-২০২৩, ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ অর্থবছরের) অডিট আপত্তি ও নিষ্পত্তির তথ্য:

| ক্র. নং | বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান | ৩ বছরে আগত মোট অডিট আপত্তি | ৩ বছরে মোট নিষ্পত্তিকৃত অডিট আপত্তি |
|---|---|---|---|
| ০১ | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ। | ৫০১ | * ৬৩৫ |

* নিষ্পত্তিকৃত অডিট আপত্তির মধ্যে পূর্ববর্তী বছরসমূহের পুঞ্জিভূত আপত্তিও রয়েছে। ফলে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা আগত অডিট আপত্তির চেয়ে বেশি হয়েছে।

### ৩.১.২৩ মামলা সংক্রান্ত তথ্য

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠানের বিগত তিন বছরের (**২০২২-২০২৩, ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫** অর্থবছরের) মামলা সংক্রান্ত তথ্য সংস্থায়

| | ২০২২-২০২৩ | | ২০২৩-২০২৪ | | ২০২৪-২০২৫ | | মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|
| **দপ্তর-সংস্থার নাম** | **দায়ের** | **নিষ্পত্তি** | **দায়ের** | **নিষ্পত্তি** | **দায়ের** | **নিষ্পত্তি** | **দায়ের** | **নিষ্পত্তি** |
| কারিগরি শিক্ষা অধিদপ্তর | ৫৬ | ২২ | ৭২ | ১৭ | ৪৩ | ২৬ | ১৭১ | ৬৫ |

## ৩.২ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

### ৩.২.১ পটভূমি

মাদ্রাসা শিক্ষায় গতিশীলতা আনয়নের লক্ষ্যে ০১.০৬.২০১৫ খ্রি. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা করা হয়। এ অধিদপ্তরের অন্যতম উদ্দেশ্য হলো বাংলাদেশে আলিয়া মাদ্রাসা ধারার বিভিন্ন স্তর যেমন স্বতন্ত্র এবতেদায়ী, সংযুক্ত এবতেদায়ী, দাখিল, আলিম, ফাযিল ও কামিল মাদ্রাসার শিক্ষা ব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালনা করা। এছাড়া মাদ্রাসাসমূহে নৈতিক, বাস্তবমুখী, যুগোপযোগী ও আধুনিক শিক্ষানির্ভর জীবনদক্ষতাভিত্তিক শিক্ষার প্রসার ও গুণগত মানোন্নয়নের লক্ষ্যে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর নিরন্তর কাজ করে চলেছে। বিভিন্ন সেবা কার্যক্রম ডিজিটালাইজেশনের মাধ্যমে সেবা সহজীকরণের ফলে অধিদপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।

### ৩.২.২ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

- ❖ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের বিদ্যমান ৫০টি পদের অতিরিক্ত বিভিন্ন ক্যাটাগরির ০৯টি নতুন পদ এবং ৮টি বিভাগীয় পর্যায়ে আঞ্চলিক অফিস স্থাপনের জন্য বিভিন্ন ক্যাটাগরির ৩৩টিসহ মোট ৪২টি পদ রাজস্বখাতে সৃজন করা হয়েছে;
- ❖ দুটি সেবা ডিজিটালাইজেশনের মাধ্যমে অনলাইনে আবেদনের সুযোগ প্রদান করা হয়েছে;
- ❖ ৭৪৫৩টি স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার ডাটাবেইস তৈরি করা হয়েছে;
- ❖ মাদ্রাসার শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা ইএফটির মাধ্যমে প্রদান করা হচ্ছে;
- ❖ মাদ্রাসায় কর্মরত এনটিআরসিএ সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের বদলির জন্য ট্রান্সফার মডিউল প্রস্তুত করা হচ্ছে;
- ❖ মাদ্রাসাসমূহে নিজস্ব ওয়েবসাইট তৈরির কার্যক্রম গ্রহণ করা হয়েছে;
- ❖ যুব সমাজকে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ৫৪৮টি মাদ্রাসায় দাখিল ভোকেশনাল কোর্স চালু করা হয়েছে;
- ❖ ৪৯৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন সম্পন্ন হয়েছে;
- ❖ নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্পের আওতায় ১০৩৮টি মাদ্রাসায় ভবন নির্মাণ করা হয়েছে এবং ৩০৬টি মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহ সম্পন্ন হয়েছে;
- ❖ ২০২৪-২৫ অর্থবছরে ৩৫৪৭ জন শিক্ষককে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ৮৫২ জন শিক্ষককে প্রশাসন ও অফিস ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- ❖ আইসিটি অধিদপ্তরের মাধ্যমে ১০৩৬টি মাদ্রাসায় ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে;
- ❖ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রত্যেক্ষ তত্ত্বাবধানে মাদ্রাসার শিক্ষার্থীদের অংশগ্রহণে জাতীয় বিজ্ঞান মেলা ও ইনোভেশন ফেয়ার আয়োজন করা হয়েছে;
- ❖ ২০২৪-২৫ অর্থবছরে এনটিআরসিএ-এর নিবন্ধন পরীক্ষার মাধ্যমে এবং ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডির মাধ্যমে বেসরকারী মাদ্রাসায় অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সুপার/সহসুপারসহ ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ৬৪৫৭ জন শিক্ষক/কর্মচারীকে নিয়োগ প্রদান করা হয়েছে।

### ৩.২.৩ জনবল সংক্রান্ত তথ্য

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম: | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূণ্য পদ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১ম শ্রেণী | ২য় শ্রেণী | ৩য় শ্রেণী | ৪র্থ শ্রেণী | মোট |
| ১ | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর; | ৯২ | ৫১ | ০৮ | ০০ | ২৩ | ১০ | ৪১ |
| ২ | সরকারি মাদ্রাসা-ই আলিয়া, ঢাকা; | ৯২ | ৫৮ | ১৮ | ৮ | ০২ | ০৬ | ৩৪ |
| ৩ | সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট; | ৭৫ | ২৩ | ২৭ | ৮ | ০৬ | ১১ | ৫২ |
| ৪ | সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া; | ৪৩ | ১৮ | ১৪ | ৬ | ০১ | ০৪ | ২৫ |
| | মোট = | ৩০২ | ১৫০ | ৬৭ | ২২ | ৩২ | ৩১ | ১৫২ |

### ৩.২.৪ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধিক্ষেত্র

❖ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এমপিওভুক্ত মাদ্রাসায় শিক্ষক-কর্মচারী ও ছাত্রছাত্রীর সংখ্যা

(ক) এমপিওভুক্ত প্রতিষ্ঠানসমূহ

| মাদ্রাসার ধরন | মাদ্রাসার সংখ্যা | শিক্ষক কর্মচারীর সংখ্যা | ছাত্র-ছাত্রীর সংখ্যা |
|---|---|---|---|
| দাখিল মাদ্রাসা | ৫৭৬৮টি | প্রায় ১,৭৭,৮২৮ জন | প্রায় ৪৭,০০,০০০ জন [ব্যানবেইস ২০২২-২৩ সালের তথ্য মতে] |
| আলিম মাদ্রাসা | ১২৮৪টি | | |
| ফাযিল মাদ্রাসা | ৯৯৩টি | | |
| কামিল মাদ্রাসা | ১৮৪টি | | |
| মোট= | ৮২২৯টি | | |




### (খ) স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাসমূহ

| মাদ্রাসার ধরন | মাদ্রাসার সংখ্যা | শিক্ষক কর্মচারীর সংখ্যা | ছাত্র-ছাত্রীর সংখ্যা |
|---|---|---|---|
| অনুদানভুক্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা | ১৫১৯ | প্রায় ৪,৭১৩ জন | প্রায় ৪,৪১,৬২০ জন [ব্যানবেইস ২০২২-২৩ সালের তথ্য মতে] |
| অনুদানবিহীন স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা | ৫৯৩৪ | প্রায় ১৯,১৮৩ জন | |
| মোট= | প্রায় ৭৪৫৩টি | ২৩৮৯৬ | |




### (গ) সরকারি প্রতিষ্ঠান/দপ্তর সমূহ

১. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই);
২. সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা;
৩. সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট;
৪. সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।

### ৩.২.৫ অডিট সংক্রান্ত তথ্য

| ক্র.নং | বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান | ৩ বছরে আগত মোট অডিট আপত্তি | ৩ বছরে মোট নিষ্পত্তিকৃত অডিট আপত্তি |
|---|---|---|---|
| ০১. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ৮০ | ২৩ |

### ৩.২.৬ মামলা সংক্রান্ত তথ্য

| | ২০২২-২০২৩ | | ২০২৩-২০২৪ | | ২০২৪-২০২৫ | | মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|
| দপ্তর-সংস্থার নাম | দায়ের | নিষ্পত্তি | দায়ের | নিষ্পত্তি | দায়ের | নিষ্পত্তি | দায়ের | নিষ্পত্তি |
| মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ১৭৮ | ৯২ | ১০২ | ৫৩ | ৭৭ | ৬০ | ৩৫৭ | ২০৪ |

### ৩.২.৭ শিক্ষার্থীদের ২০২৪-২৫ অর্থবছরে প্রদত্ত উপবৃত্তি/বৃত্তি

| প্রতিষ্ঠান | উপবৃত্তি/বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা | অর্থের পরিমান |
|---|---|---|
| কারিগরি (উপবৃত্তি) | ৭২৭৯৭৫ জন | ২৬২,০৮,৬০,৯০৩ |
| মাদ্রাসা (মেধাবৃত্তি) | ২৬৮৫ জন | ৮২,৮২,৪০০ |





কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন

## ৩.৩ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

### ৩.৩.১ ভূমিকা

"বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড" একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান হিসেবে ১৯৫৪ সালে স্থাপিত হয় এবং কারিগরি শিক্ষা আইন, ১৯৬৭ (১৯৬৭ সনের ০১ নং আইন) দ্বারা এর কার্যক্রমের সূচনা হয়। বর্তমান প্রেক্ষাপটে দেশে যুগোপযোগী, গুণগত মানসম্পন্ন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের প্রসার ও উন্নয়নে নতুনভাবে 'বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮' প্রবর্তণ করা হয়। উক্ত আইন মোতাবেক দেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান অনুমোদন, পরিচালনা, তদারকি, মান নিয়ন্ত্রণ ও মান উন্নয়ন, স্বীকৃতি প্রদান, কোর্স নির্ধারণ এবং কোর্স পরিচালনার জন্য শিক্ষাক্রম প্রণয়ন ও পরিমার্জণ, শিক্ষা উপকরণ তৈরি, পরীক্ষা গ্রহণ ও ব্যবস্থাপনা এবং উত্তীর্ণ পরীক্ষার্থীদের সনদ প্রদান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অন্যতম প্রধান উদ্দেশ্য।

### ভিশন

নৈতিক মূল্যবোধসম্পন্ন দক্ষ মানবসম্পদ উন্নয়ন।

### মিশন

মানসম্পন্ন কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা ও প্রশিক্ষন প্রদান, পাঠ্যসুচী ও পাঠদান পদ্ধতির মানোন্নয়ন ও শিক্ষার সুযোগ সম্প্রসারন নিশ্চিত করা।

### ৩.৩.২ সাংগঠনিক কাঠামো (Organogram)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সাংগঠনিক কাঠামো একজন চেয়ারম্যানের নেতৃত্বে নিম্নেবর্ণিত ০৫ (পাঁচ) টি বিভাগের সমন্বয়ে গঠিত।

১. প্রশাসন বিভাগ (Administration Division)
২. কারিকুলাম বিভাগ (Curriculum Division)
৩. পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (Examination Control Division)
৪. পরিদর্শন বিভাগ (Inspection Division)
৫. কোয়ালিটি অ্যাসুরেন্স অ্যান্ড ইন্ডাস্ট্রি রিলেশনস বিভাগ (Quality Assurance and Industry Relations Division)

### ৩.৩.৩ বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন ২০১৮ অনুযায়ী বোর্ডের দায়িত্ব ও কার্যাবলী নিম্নরুপ:

- কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা এবং প্রশিক্ষন পরিচালনা, স্বীকৃতি ও নিয়ন্ত্রন;
- এই আইনের পরিধিভুক্ত কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা এবং প্রশিক্ষন কোর্স নির্ধারন এবং উক্ত কোর্সসমুহের জন্য পাঠ্যক্রম প্রস্তুত ও কারিকুলাম প্রণয়ন;
- বোর্ড কর্তৃক প্রণীত কারিকুলাম অনুযায়ী পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরন তৈরী;
- কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা এবং প্রশিক্ষন পরীক্ষা গ্রহন, সক্ষমতা যাচাই, ফি নির্ধারণ, ফল প্রকাশ এবং সনদ প্রদান;
- বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা এবং প্রশিক্ষন প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি এবং আন্তঃপ্রতিষ্ঠান শিক্ষার্থী বদলী সংক্রান্ত নীতিমালা প্রণয়ন;
- বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা এবং প্রশিক্ষন প্রদানকারী প্রতিষ্ঠানসমুহ পরিদর্শন,তদারকি ও পরিবীক্ষন;
- এই আইনের পরিধিভুক্ত পুর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদান;
- বোর্ড কর্তৃক স্বীকৃত কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা এবং প্রশিক্ষন প্রদানকারী প্রতিষ্ঠানসমুহের তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি স্থাপন ও রক্ষনাবেক্ষণ;
- শিল্প দক্ষতা পরিষদের মাধ্যমে কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা এবং প্রশিক্ষণের চাহিদা সংক্রান্ত তথ্য সংগ্রহ;
- শিল্প দক্ষতা পরিষদের সহযোগিতায় সক্ষমতাভিত্তিক প্রশিক্ষন ও মূল্যায়ন পাঠ্যক্রম প্রস্তুত করা;
- জাতীয় কারিগরি ও বৃত্তিমুলক যোগ্যতা কাঠামো এর আওতায় যোগ্যতা মানদন্ড নির্ধারণ;
- কারিগরি ও বৃত্তিমুলক শিক্ষা এবং প্রশিক্ষনের ক্ষেত্রে বৃত্তি, পদক ও পুরস্কার প্রদান;
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড আইন ২০১৮ এর উদ্দেশ্য পূরনকল্পে কোন সংস্থার সহিত চুক্তি সম্পাদন।

### ৩.৩.৪ জনবল সংক্রান্ত তথ্য

| অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | মোট |
| ২২২ | ১২৮ | ২৮ | ০৭ | ৩৩ | ২৬ | ৯৪ |

### ৩.৩.৫ বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত অনুমোদিত নীতিমালা/নির্দেশিকাসমূহ

১. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ-৮ম শ্রেণি) ও এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২৪;

২. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০২৪;

৩. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরিদর্শন ও পরিবীক্ষণ নির্দেশিকা, ২০২৪;

৪. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩;

### ৩.৩.৬ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক গৃহীত কার্যক্রম ও অগ্রগতি

| ক্রম | কার্যক্রম | শিক্ষাক্রম | অগ্রগতি (ব্যাচ/প্রতিষ্ঠান/টেকনোলজি/ট্রেড/কমিটি'র সংখ্যা) |
|---|---|---|---|
| ১ | প্রতিষ্ঠান অনুমোদন | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | ১৪ |
| | | ডিপ্লোমা ইন এগ্রিকালচার | ০২ |
| | | এসএসসি (ভোকেশনাল) | ৩৭ |
| | | জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) | ০০ |
| | | অ্যাডভান্স সার্টিফিকেট কোর্স (১বছর মেয়াদি) | ৩৬ |
| ২ | ব্যাচ/আসন বৃদ্ধি | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | ০৪ |
| | | এসএসসি (ভোকেশনাল) | ০০ |
| | | জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) | ০০ |
| ৩ | টেকনোলজি/ট্রেড সংযোজন | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | ০৫ |
| | | এসএসসি (ভোকেশনাল) | ০৮ |
| | | জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম | ০০ |
| | | অ্যাডভান্স সার্টিফিকেট কোর্স (১বছর মেয়াদি) | ০৫ |
| | ব্যবস্থাপনা ও এডহক কমিটি গঠন | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম | ১১৩ |
| | | এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম | ১৮৪ |
| | | এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম | ৪৫৪ |
| ৪ | শিক্ষানুরাগী/বিদ্যুৎসাহী সদস্য মনোনয়ন | এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম | ১০০ |
| | | এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম | ৪৭ |
| ৫ | পাঠদান নবায়ন | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম | ৬৮ |
| | | কৃষি ডিপ্লোমা শিক্ষাক্রম | |
| | | এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম | ৪৫০ |
| | | এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম | ৪৯৮ |

| ক্রম | কার্যক্রম | শিক্ষাক্রম | অগ্রগতি (ব্যাচ/প্রতিষ্ঠান/টেকনোলজি/ট্রেড/কমিটি'র সংখ্যা) |
|---|---|---|---|
| ৬ | একাডেমিক স্বীকৃতি | এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম | ৫০ |
| | | কৃষি ডিপ্লোমা শিক্ষাক্রম | - |
| | | এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম | ২০ |
| ৭ | নিয়োগ বাছাই কমিটি | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে | - |
| | | এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রমে | ৭৭ |
| | | কৃষি ডিপ্লোমা শিক্ষাক্রমে | ১১ |
| | | এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে | ৫৯ |
| ৮ | ট্রেড/টেকনোলজী বন্ধকরন | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম | ৪৭ |
| | | কৃষি ডিপ্লোমা শিক্ষাক্রম | |
| | | এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম | - |
| | | এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম | - |
| | | জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম | ০৩ |

## ৩.৩.৭ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান অনুমোদন

| প্রতিষ্ঠানের ধরন | বছর ভিত্তিক অনুমোদিত মোট প্রতিষ্ঠান সংখ্যা | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| সরকারি | | ৬৯৩ | ৭৮২ | ৬৮৬ | ৭৭৬ | ১২০৪ | ১০৭২ |
| বেসরকারি | | ৯৯৬৭ | ৯৯০১ | ১০১৫৬ | ১০৩৪১ | ১০৮৯৭ | ১১৮৬০ |
| মোট | | **১০,৬৬০** | **১০,৬৮৩** | **১০,৮৪২** | **১১,১১৭** | **১২,১০১** | **১২,৯৩২** |

## ৩.৩.৮ বিভিন্ন শিক্ষাক্রমের স্তর অনুযায়ী প্রতিষ্ঠানভিত্তিক আসন সংখ্যা

| ক্রঃ নং | শিক্ষাক্রম | মেয়াদ (বছর) | ট্রেড/টেকনোলজী/স্পেশালাইজেশন সংখ্যা | সরকারি (সংখ্যা) | | বেসরকারি (সংখ্যা) | | মোট (সংখ্যা) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | প্রতিষ্ঠান | আসন | প্রতিষ্ঠান | আসন | প্রতিষ্ঠান | আসন |
| ০১ | ডিপ্লোমা লেভেল | ৪ | ৬৫ | ১১৮ | ৫৬১০০ | ১২৯৩ | ২৬৯১৫০ | ১৪১১ | ৩২৫২৫০ |
| ০২ | এইচএসসি লেভেল | ২ | ২৩ | ১৪৫ | ২৭০০০ | ১৯৩২ | ২৮৪৮০০ | ২০৭৭ | ৩১১৮০০ |
| ০৩ | এসএসসি লেভেল | ২ | ৫৮ | ১৯৭ | ১২৯৫০০ | ৩৬২৭ | ৪৭৩৫০০ | ৩৮২৪ | ৬০৩০০০ |
| ০৪ | জেএসসি লেভেল | ৩ | ১ | ১৫৫ | ২৩২৫০ | ৪৫৫ | ৬৮২৫০ | ৬১০ | ৯১৫০০ |
| ০৫ | প্রফেসনাল কোর্সেস | ১/২ থেকে ৩ | ৪৭৪ | ৪৫৭ | ৭৫৫৪৫ | ৪৫৫৩ | ৫৬৭৪৮০ | ৫০১০ | ৬৪৩০০৫ |
| ০৬ | সর্বমোট | | ৬২১ | ১০৭২ | ৩১১৩৯৫ | ১১৮৬০ | ১৬৬৩১৮০ | ১২৯৩২ | ১৯৭৪৫৫৫ |

## ৩.৩.৯ বিভিন্ন শিক্ষাক্রম অনুযায়ী প্রতিষ্ঠানভিত্তিক আসন সংখ্যা

| ক্রঃ | শিক্ষাক্রমের নাম | মেয়াদ (বছর) | টেকনোলজি/ট্রেড স্পেশালাইজেশন/ অকুপেশন সংখ্যা | প্রতিষ্ঠানের সংখ্যা | | | আসন সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সরকারি | বেসরকারি | মোট | সরকারি | বেসরকারি | মোট |
| ডিপ্লোমা স্তর | | | | | | | | | |
| ১. | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | ৪ | ৩২ | ৫৬ | ৬১২ | ৬৬৮ | ৪৩৫০০ | ১৬০১৫০ | ২০৩৬৫০ |
| ২. | ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | ৪ | ৮ | ১৮ | ২২৩ | ২৪১ | ৫৪৫০ | ৬৫৯৫০ | ৭১৪০০ |
| ৩. | ডিপ্লোমা ইন এগ্রিকালচার | ৪ | ১ | ২০ | ১৬৫ | ১৮৫ | ৪৯৫০ | ৮৪৫০ | ১৩৪০০ |
| ৪. | ডিপ্লোমা ইন ফিসারিজ | ৪ | ১ | ৫ | ৫৫ | ৬০ | ২৫০ | ২৮০০ | ৩০৫০ |
| ৫. | ডিপ্লোমা ইন ফরেস্ট্রি | ৪ | ১ | ১ | ১ | ২ | ৫০ | ৫০ | ১০০ |
| ৬. | ডিপ্লোমা ইন লাইভস্টক | ৪ | ১ | ৭ | ০ | ৭ | ৩৫০ | ০ | ৩৫০ |
| ৭. | ডিপ্লোমা ইন ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি | ৪ | ১ | ৭ | ৫ | ১২ | ৩৫০ | ২৫০ | ৬০০ |
| ৮. | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) | ৪ | ৪ | ১ | ০ | ১ | ৪৫০ | ০ | ৪৫০ |
| ৯. | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি) | ৪ | ৫ | ৩ | ০ | ৩ | ৭৫০ | ০ | ৭৫০ |
| ১০. | ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি | ৪ | ১১ | ০ | ২৩২ | ২৩২ | ০ | ৩১৫০০ | ৩১৫০০ |
| উচ্চ মাধ্যমিক স্তর | | | | | | | | | |
| ১১. | এইচএসসি (ভোকেশনাল) | ২ | ১৫ | ১৩৫ | ২ | ১৩৭ | ২৭০০০ | ২০০ | ২৭২০০ |
| ১২. | এইচএসসি (বিএমটি) | ২ | ৫ | ১০ | ১৯২৩ | ১৯৩৩ | ০০ | ২৮৩৯০০ | ২৮৩৯০০ |
| ১৩. | ডিপ্লোমা ইন কমার্স | ২ | ৩ | ০ | ৭ | ৭ | ০ | ৭০০ | ৭০০ |
| মাধ্যমিক স্তর | | | | | | | | | |
| ১৪. | এসএসসি (ভোকেশনাল) | ২ | ২৯ | ১৯৭ | ৩২৭০ | ৩৪৬৭ | ১২৯৫০০ | ৪৩৭৮০০ | ৫৬৭৩০০ |
| ১৫. | দাখিল (ভোকেশনাল) | ২ | ২৯ | ০ | ৩৫৭ | ৩৫৭ | ০ | ৩৫৭০০ | ৩৫৭০০ |
| নিম্ন মাধ্যমিক স্তর | | | | | | | | | |
| ১৬. | জেএসসি (ভোকেশনাল) | ৩ | ১ | ১৫৫ | ৪৫৫ | ৬১০ | ২৩২৫০ | ৬৮২৫০ | ৯১৫০০ |
| শর্ট কোর্স | | | | | | | | | |
| ১৭. | জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) | ৩/৬ মাস | ১২১ | ২৫৮ | ৩৪৭৩ | ৩৭৩১ | ৬৫৭০০ | ৫০৪৫৫০ | ৫৭০২৫০ |
| অন্যান্য কোর্স | | | | | | | | | |
| ১৮. | ডিপ্লোমা ইন ফিসারিজ (ইন সার্ভিস) | ৩ | ১ | ১ | ১ | ২ | ৫০ | ৫০ | ১০০ |
| ১৯. | ডিপ্লোমা ইন ফরেস্ট্রি (ইন সার্ভিস) | ২ | ১ | ১ | ০ | ১ | ৬০ | ০ | ৬০ |
| ২০. | ডিপ্লোমা ইন এনিম্যাল হেলথ্ অ্যান্ড প্রডাকশন (ইন সার্ভিস) | ২ | ১ | ৩ | ০ | ৩ | ৩৭৫ | ০ | ৩৭৫ |
| ২১. | সার্টিফিকেট ইন মেরিন ট্রেড | ২ | ৪ | ১ | ০ | ১ | ২০০ | ০ | ২০০ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২২. | ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন | ১ | ৩ | ১ | ০ | ১ | ১৫০ | ০ | ১৫০ |
| ২৩. | ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন | ১ | ৮ | ১ | ০ | ১ | ১০০ | ০ | ১০ |
| ২৪. | ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড | ১ | ১ | ০ | ১৫ | ১৫ | ০ | ২৬০০ | ২৬০০ |
| ২৫. | সার্টিফিকেট ইন ভোকেশনাল এডুকেশন | ২ | ১৮ | ১ | ০ | ১ | ৪৫০ | ০ | ৪৫০ |
| ২৬. | সার্টিফিকেট ইন হেলথ্ টেকনোলজি | ১ | ৭ | ১ | ১৪৩ | ১৪৪ | ৫০ | ১২৮৫০ | ১২৯০০ |
| ২৭. | সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং | ১ | ১ | ০ | ২১ | ২১ | ০ | ১০৫০ | ১০৫০ |
| ২৮. | সার্টিফিকেট ইন এনিম্যাল হেলথ্ অ্যান্ড প্রডাকশন | ১ | ১ | ০ | ৪০ | ৪০ | ০ | ১৬০০ | ১৬০০ |
| ২৯. | জাতীয় দক্ষতামান- II | ১ | ১৭ | ৫ | ১২ | ১৭ | ৫৭০ | ৯০০ | ১৪৭০ |
| ৩০. | জাতীয় দক্ষতামান- III | ১ | ১৭ | ৫ | ৯ | ১৪ | ৫৭০ | ৬৫০ | ১২২০ |
| ৩১. | অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স | ১ | ৩ | ০ | ২৫৪ | ২৫৪ | ০ | ২০৬৫০ | ২০৬৫০ |
| ৩২. | সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড | ৬ মাস | ১ | ০ | ৩৮ | ৩৮ | ০ | ১৯০০ | ১৯০০ |
| ৩৩. | প্রফেশনাল ডিপ্লোমা ইন অটোমোবাইল | ৬ মাস | ১ | ১ | ০ | ১ | ৫০ | ০ | ৫০ |
| ৩৪. | Competency Based Training & Assessment (CBT&A) | - | ২৬৮ | ১৭৮ | ৫৪৭ | ৭২৭ | ৭২২০ | ২০৬৬০ | ২৭৮৮০ |
| | | **মোট =** | **৬২১** | **১০৭২** | **১১৮৬০** | **১২৯৩৪** | **৩১১৩৯৫** | **১৬৬৩১৬০** | **১৯৭৪৫৫৫** |

## ৩.৩.১০ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত আসন সংখ্যা

### আসন সংখ্যার তথ্য

| প্রতিষ্ঠানের ধরন | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|
| সরকারি | ১৬৩০১৫ | ১৪৮১২৫ | ১৫৮৯১৫ | ১৫৪৮৯৫ | ৩১৯৫৯০ | ৩১১৩৯৫ |
| বেসরকারি | ৯৫৫৭৪৪ | ১০৫২২৮৪ | ১৪৩৬৪০০ | ১২১৪২১০ | ১৪৫৭৫৫০ | ১৬৬৩১৬০ |
| মোট | **১১১৮৭৫৯** | **১২০০৪০৯** | **১৫৯৫৩১৫** | **১৩৬৯১০৫** | **১৭৭৭১৪০** | **১৯৭৪৫৫৫** |

### ৩.৩.১১ বোর্ড অনুমোদিত বিভিন্ন শিক্ষাক্রমে শিক্ষার্থী রেজিস্ট্রেশন প্রদান

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় অনুমোদিত বিভিন্ন শিক্ষাক্রমে ২০২৪-২৫ অর্থবছরে রেজিস্ট্রেশনকৃত মোট শিক্ষার্থীর সংখ্যা ৭৭৮২৪৩ (সাত লক্ষ আটাত্তর হাজার দুইশত তেতাল্লিশ) জন। এর মধ্যে ছাত্র সংখ্যা ৪৬০৯৮১ (চার লক্ষ ষাট হাজার নয়শত একাশি) এবং ছাত্রী সংখ্যা ৩১৭২৬২ (তিন লক্ষ বাহাত্তর হাজার দুইশত বাষট্টি) জন অর্থাৎ ছাত্রী প্রায় ৪৩.০২%।

**২০২৪-২৫ অর্থবছরে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর তথ্যঃ**

| ক্রমিক | শিক্ষাক্রম | প্রতিষ্ঠান | ছাত্র | ছাত্রী | মোট |
|---|---|---|---|---|---|
| ১. | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | সরকারি | ৩২৪৯৩ | ৫৭২১ | ৩৮২১৪ |
| | | বেসরকারি | ২৬৩৭৫ | ৪২৫০ | ৩০৬২৫ |
| ২. | ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | সরকারি | ২৫৫৭ | ৩৬৬ | ২৯২৩ |
| | | বেসরকারি | ৩১৩২ | ৫৫২ | ৩৬৮৪ |
| ৩. | ডিপ্লোমা ইন এগ্রিকালচার | সরকারি | ২৩৬০ | ১১০২ | ৩৪৬২ |
| | | বেসরকারি | ৪০৭৬ | ২৩২৮ | ৬৪০৪ |
| ৪. | ডিপ্লোমা ইন ফিসারিজ | সরকারি | ৭২ | ২৫ | ৯৭ |
| | | বেসরকারি | ১৮০ | ৬৯ | ২৪৯ |
| ৫. | ডিপ্লোমা ইন ফরেস্ট্রি | সরকারি | ৪৪ | ০ | ৪৪ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ৬. | ডিপ্লোমা ইন লাইভস্টক | সরকারি | ২৩৬ | ২৬ | ২৬২ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ৭. | ডিপ্লোমা ইন ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ৮. | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) | সরকারি | ৮০ | ০ | ৮০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ৯. | ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি) | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ১০. | ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ১১. | এইচএসসি (ভোকেশনাল) | সরকারি | ৮৭৫০ | ১৩৯৫ | ১০১৪৫ |
| | | বেসরকারি | ১৩ | ৬ | ১৯ |
| ১২. | এইচএসসি (বিএমটি) | সরকারি | ১০৪৭৭ | ৪১৭৯ | ১৪৬৫৬ |
| | | বেসরকারি | ৯৭২১৩ | ৪৩২৩৫ | ১৪০৪৪৮ |
| ১৩. | ডিপ্লোমা ইন কমার্স | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ২৫৫ | ১২৩ | ৩৭৮ |
| ১৪. | এসএসসি (ভোকেশনাল) | সরকারি | ৩১৮০১ | ৮২৬৬ | ৪০০৬৭ |
| | | বেসরকারি | ৯৩০২৫ | ৪৫৪১৭ | ১৩৮৪৪২ |
| ১৫. | দাখিল (ভোকেশনাল) | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ৩২৮৯ | ১৫৫৭ | ৪৮৪৬ |
| ১৬. | জেএসসি (ভোকেশনাল) | সরকারি | ৯৫৫৯ | ৩৪৮১ | ১৩০৪০ |
| | | বেসরকারি | ১২৩৬ | ৭৯৪ | ২০৩০ |
| ১৭. | ডিপ্লোমা ইন ফিসারিজ ইন সার্ভিস | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ১৮. | ডিপ্লোমা ইন ফরেস্ট্রি ইন সার্ভিস | সরকারি | ০ | ০ | ০ |

| ২০২৪-২৫ অর্থবছরে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর তথ্য: | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রমিক | শিক্ষাক্রম | প্রতিষ্ঠান | ছাত্র | ছাত্রী | মোট |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ১৯. | ডিপ্লোমা ইন এনিম্যাল হেলথ্ অ্যান্ড প্রডাকশন (ইন সার্ভিস) | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ২০. | ডিপ্লোমা ইন টেকনিক্যাল এডুকেশন | সরকারি | ১০ | ৩ | ১৩ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ২১. | ডিপ্লোমা ইন ভোকেশনাল এডুকেশন | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ২২. | সার্টিফিকেট ইন ভোকেশনাল এডুকেশন | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ২৩. | ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ২৪. | সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ৯৭ | ৮৫ | ১৮২ |
| ২৫. | সার্টিফিকেট ইন মেরিন ট্রেড | সরকারি | ৭৮ | ২ | ৮০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ২৬. | স্কিল সার্টিফিকেট কোর্স | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ২৭. | সার্টিফিকেট ইন হেলথ্ টেকনোলজি | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ২৮. | সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ২৯. | সার্টিফিকেট ইন এনিম্যাল হেলথ্ অ্যান্ড প্রডাকশন | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ৩০. | জাতীয় দক্ষতামান- ii | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ৩১. | জাতীয় দক্ষতামান- iii | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ৩২. | প্রফেশনাল ডিপ্লোমা ইন অটোমোবাইল | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ৩৩. | অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ৪৯২৯ | ৪০১২ | ৮৯৪১ |
| ৩৪. | জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ঘন্টা) | সরকারি | ০ | ০ | ০ |
| | | বেসরকারি | ০ | ০ | ০ |
| ৩৫. | Competency Based Training & Assessment (CBT&A) | সরকারি ও বেসরকারি | ১২৮৬৪৪ | ১৯০২৬৮ | ৩১৮৯১২ |
| | | মোট | ৪৬০৯৮১ | ৩১৭২৬২ | ৭৭৮২৪৩ |

### ৩.৩.১২ কারিকুলাম ও পাঠ্যক্রম সম্পর্কিত

জাতীয় শিক্ষানীতি, ২০১০ অনুযায়ী দক্ষ মানব সম্পদ উন্নয়নে দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে চাহিদার আলোকে শিক্ষার বিভিন্ন স্তরে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ০৩ মাস থেকে ০৪ বছর মেয়াদি মোট ৩৫ (পঁয়ত্রিশ)টি শিক্ষাক্রম প্রণয়ন ও বাস্তবায়ন করেছে। প্রণীত এ সকল শিক্ষাক্রমের টেকনোলজি, ট্রেড, স্পেশালাইজেশন এবং অকুপেশনের সংখ্যা ৬৪১টি। ২০২৪-২৫ অর্থ বছর পর্যন্ত বোর্ড অনুমোদিত মোট ১২,৯৩২টি প্রতিষ্ঠানে এ সকল শিক্ষাক্রম বাস্তবায়ন করা হয়েছে। বোর্ড অনুমোদিত এ সকল শিক্ষাক্রমের নাম নিম্নে তুলে ধরা হলো :

- ০৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা স্তরের শিক্ষাক্রম : ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন ফিশারিজ, ডিপ্লোমা ইন ফরেস্ট্রি, ডিপ্লোমা ইন লাইভস্টক, ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি, ডিপ্লোমা ইন ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (নেভাল) ও ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্মি);
- ০২ (দুই) বছর মেয়াদি উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম : এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি) ও ডিপ্লোমা ইন কমার্স;
- ০২ (দুই) বছর মেয়াদি মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম : এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল);
- ০৩ (তিন) বছর মেয়াদি নিম্ন মাধ্যমিক স্তরের শিক্ষাক্রম : জেএসসি (ভোকেশনাল);
- ০১ বছর মেয়াদী অ্যাডভ্যান্সড সার্টিফিকেট কোর্স;
- ০৩/০৬ মাস মেয়াদি শিক্ষাক্রম (শর্ট কোর্স) : জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ঘন্টা);
- বিভিন্ন মেয়াদি অন্যান্য শিক্ষাক্রম : সার্টিফিকেট ইন মেরিন ট্রেড, ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড, স্কিল সার্টিফিকেট কোর্স, সার্টিফিকেট ইন ভোকেশনাল এডুকেশন, সার্টিফিকেট ইন হেলথ্ টেকনোলজি, সার্টিফিকেট ইন পোল্ট্রি ফার্মিং, সার্টিফিকেট ইন এনিম্যাল হেলথ্ অ্যান্ড প্রডাকশন, জাতীয় দক্ষতামান- ii, জাতীয় দক্ষতামান-iii, সার্টিফিকেট ইন মেডিকেল আলট্রাসাউন্ড ও প্রফেশনাল ডিপ্লোমা ইন অটোমোবাইল।

### ৩.৩.১৩ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর প্রকাশনা সম্পর্কিত তথ্যাবলি

- করিগরি শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত ডিপ্লোমা - ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বিভিন্ন পর্বের ব্যবহারিক বিষয়ের উপর Hands on Manual for Practical Training and Experiment শীর্ষক Mannual টি বাংলায় অনুবাদ করা হয়েছে।
- এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের 'ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন' ট্রেডের পান্ডুলিপি প্রণয়ন, মূল্যায়ন ও ভ্যালিডেশন কার্যক্রম অব্যাহত রয়েছে।
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের বিভিন্ন বিভাগের কার্যাবলী সংক্ষিপ্তভাবে তুলে ধরে প্রসপেক্টাস প্রকাশ করা হয়েছে।
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের গবেষণা প্রতিবেদন ''A Tracer Study for Matching Diploma in Engineering Curriculum for Local and Global Employability'' মুদ্রণ করা হয়েছে।
- ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি পর্যন্ত কারিগরি ও ট্রেড বিষয়ের মোট-১২৩টি বই এনসিটিবি'র সাথে সমন্বয় করে তত্ত ও তথ্যগত ভুল পরিমার্জন, ছবি যাচাই ও পরিবর্তন, মুদ্রণ এবং বিতরণে প্রকাশনা শাখা বিশেষ ভূমিকা পালন করে থাকে।

### ৩.৩.১৪ পরীক্ষা সম্পর্কিত তথ্যাবলি

একাডেমিক ক্যালেন্ডার অনুসারে ৭০টি পাবলিক পরীক্ষা অনুষ্ঠানের জন্য পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ, ফরম ফিলাপ করা, কেন্দ্র নির্বাচন, পরীক্ষার সময়সূচি প্রকাশ, প্রশ্নপত্র প্রণয়ন, মডারেশন ও মুদ্রণ, এবং উত্তরপত্র ও পরীক্ষার অন্যান্য ফরম যথা সময়ে কেন্দ্রে প্রেরণ করা হয়ে থাকে।

বোর্ডের সকল পরীক্ষার প্রবেশপত্র অনলাইনে প্রতিষ্ঠানে প্রদান করা হয়। বোর্ডের ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিংসহ অন্যান্য কয়েকটি পরীক্ষার প্রশ্নপত্র পরীক্ষা শুরুর ৩০ মিনিট পুর্বে বোর্ডের নিজস্ব সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে কেন্দ্রে প্রেরণ করা হয়। সকল পাবলিক পরীক্ষার ফলাফল ৬০ দিনের মধ্যে প্রকাশ করা হয়।

### ৩.৩.১৫ কোয়ালিটি অ্যাসুরেন্স অ্যান্ড ইন্ডাস্ট্রি রিলেশন্স সংক্রান্ত তথ্য

জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি- ২০১১ এর আওতায় চাহিদাভিত্তিক, নমনীয় ও দায়িত্বশীল প্রশিক্ষণ ব্যবস্থা চালু করার জন্য কোয়ালিটি অ্যাসুরেন্স অ্যান্ড ইন্ডাস্ট্রি রিলেশন্স বিভাগ সৃষ্টি করা হয়েছে। এ বিভাগের মূল কাজ হল শিল্পখাতের চাহিদার ভিত্তিতে বিভিন্ন সেক্টরের চাহিদা

অনুযায়ী বিভিন্ন অকুপেশনের কম্পিটেন্সি ভিত্তিক প্রশিক্ষণ ও সনদায়ন কার্যক্রম বাস্তবায়ন করা। এই কাজের জন্য বিভাগ কর্তৃক কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড প্রণয়ন, কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস এবং অ্যাসেসমেন্ট টুলস প্রণয়ন করা হয়। সক্ষমতা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও অ্যাসেসমেন্ট **(CBT&A)** পরিচালনার জন্য প্রশিক্ষণ প্রদানকারি প্রতিষ্ঠানগুলোকে রেজিস্ট্রার্ড ট্রেনিং অর্গানাইজেশন (RTO) হিসেবে স্বীকৃতি প্রদান ও নিবন্ধন পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি (**RPL**) পদ্ধতিতে সনদায়নের ব্যবস্থা করা বিভাগের অন্যতম কাজ। বিভাগের কার্যক্রম পরিচালনার জন্য স্বতন্ত্র ওয়েবসাইট ও ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম রয়েছে।

## ৩.৩.১৬ ভবিষ্যৎ পরিকল্পনা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কার্যক্রম গতিশীল, স্বচ্ছ ও মানসম্পন্ন পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে এবং দেশের বিপুল অদক্ষ জনগোষ্ঠীকে দক্ষ জনশক্তিতে রূপান্তর করার কাজে সহায়তা করার জন্য বোর্ড হতে নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হবে:

১. দেশ ও বিদেশে চাহিদার আলোকে কর্ম বাজারের প্রতি লক্ষ্য রেখে পাঠ্যসূচি পরিবর্তন ও পরিমার্জন করার পদক্ষেপ গ্রহণ;

২. শিক্ষাক্রমের বিদ্যমান অ্যাফিলিয়েশন নীতিমালা পর্যায়ক্রমে সংশোধন ও পরিমার্জন;

৩. বিভিন্ন শিক্ষাক্রমের পাঠ্যসূচি অনুযায়ী লেখক/প্রকাশক কর্তৃক প্রণীত পাঠ্যপুস্তক মূল্যায়নের জন্য কমিটি গঠন ও পান্ডুলিপি মূল্যায়নপূর্বক পাঠ্যপুস্তক আকারে প্রকাশের জন্য অনুমোদন;

৪. বোর্ডের আওতাধীন বিভিন্ন শিক্ষাক্রমের পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশের নীতিমালা প্রণয়ন;

৫. পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের জন্য প্রধান পরীক্ষক/নিরীক্ষক ও পরীক্ষকদের ডাটাবেজ প্রণয়ন;

৬. বোর্ডের কাজের গতিশীলতা আনয়নের জন্য জনবল কাঠামো সম্প্রসারণ;

৭. বিভিন্ন কোর্স ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের মান নিশ্চিত করার লক্ষ্যে "Quality Assurance Manual" প্রণয়ন;

৮. দেশে ও বিদেশে শ্রম-বাজারের চাহিদা অনুযায়ী দক্ষ জনশক্তির তথ্য সম্বলিত একটি ডাটাবেজ প্রণয়ন;

৯. সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠী, কর্মজীবী শিশু এবং প্রতিবন্ধীদের দক্ষতা অর্জনের সুযোগ সৃষ্টির লক্ষ্যে "Community Based Training" এর ব্যবস্থা গ্রহণ;

১০. সকল সেবাকে Educational Management Information System (EMIS) এর আওতায় আনা; এবং

১১. E- Library (Electronics Library) কার্যক্রম বাস্তবায়ন।



ILO - প্রতিনিধি দলের সাথে মত বিনিময়

## ৩.৪ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

### ৩.৪.১ পটভূমি

ভারতীয় উপমহাদেশে জ্ঞান-বিজ্ঞান চর্চা এবং ইসলামি শিক্ষা সম্প্রসারণে বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে মাদ্রাসা শিক্ষা বোর্ডের গৌরবোজ্জ্বল ইতিহাস রয়েছে। প্রায় দেড়শত বছর ধরে স্থান এবং কালের বিবর্তনের মধ্য দিয়ে এ প্রতিষ্ঠান নিজ অধিক্ষেত্রে গৌরবময় অবদান রেখে চলেছে। তৎকালীন বৃটিশ সরকারের উদ্যোগ ও সহায়তায় ১৭৮০ সালে 'কলকাতা আলিয়া মাদ্রাসা' প্রতিষ্ঠিত হয়। এর ধারাবাহিকতায় ভারতবর্ষে যেসকল মাদ্রাসা গড়ে উঠেছিলো কেন্দ্রীয়ভাবে সেগুলোর পাঠ্যসুচি নির্ধারণ, তত্ত্বাবধান, পরিচালনা, শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ, ডিগ্রি প্রদান ইত্যাদি প্রয়োজনে মাদ্রাসা শিক্ষা বোর্ড আত্মপ্রকাশ করে। 'কলকাতা আলিয়া মাদ্রাসা' প্রতিষ্ঠার পর উপ-মহাদেশে আনুষ্ঠানিকভাবে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার শুভ সূচনা হয়। পর্যায়ক্রমে অবিভক্ত বাংলা, বিহার, আসাম ও ত্রিপুরাসহ বিভিন্ন অঞ্চলে মাদ্রাসা শিক্ষা সম্প্রসারিত হওয়ায় মাদ্রাসাসমূহ ব্যবস্থাপনার জন্য 'মাদ্রাসা এডুকেশন বোর্ড অব বেঙ্গল' গঠন করে কলকাতায় এর কার্যালয় স্থাপন করা হয়। ১৯২৭ সালে বৃটিশ সরকার কর্তৃক Board of Central Madrasah Examinations, Bengal গঠন করে মাদ্রাসা শিক্ষা ধারাকে কেন্দ্রীয়ভাবে প্রাতিষ্ঠানিক ভিত্তি প্রদান করা হয়। ১৯৪৭ সালে পাকিস্তান প্রতিষ্ঠার পর পূর্ব পাকিস্তানে 'ইস্ট পাকিস্তান মাদ্রাসা এডুকেশন বোর্ড' এর ব্যবস্থাপনায় মাদ্রাসা শিক্ষার কার্যক্রম অব্যাহত থাকে। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার পর সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা ক্যাম্পাসে 'বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড' এর কার্যক্রম নতুন আঙ্গিকে শুরু হয়। পরবর্তীতে মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী করার লক্ষ্যে ১৯৭৮ সালে মাদ্রাসা শিক্ষা বোর্ড অধ্যাদেশ জারির মাধ্যমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড পুনর্গঠন করা হয়। ১৯৭৯ সালের ৪ জুন হতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে সমগ্র বাংলাদেশে এর কার্যক্রম অব্যাহত রেখেছে।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড দেশে ইসলামি শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে মাদ্রাসা প্রতিষ্ঠা, পাঠদান অনুমতি, স্বীকৃতি এবং বিভিন্ন শাখা খোলার অনুমতি প্রদান করে। দাখিল, আলিমসহ বিভিন্ন পরীক্ষা পরিচালনা করে এবং মাদ্রাসা শিক্ষার সিলেবাস ও পাঠ্যসূচি প্রণয়ন এবং পরিমার্জনে এনসিটিবিকে সহায়তা প্রদান করে থাকে।

২০০৩ সাল হতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর ০৮ টি আঞ্চলিক শাখা কার্যালয় স্থাপন করা হয়, যা বর্তমানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর আঞ্চলিক কার্যালয়ের ভবনে কার্যক্রম পরিচালনা করছে। শুরুতে মাদ্রাসা শিক্ষা ধারার ফাযিল ও কামিল স্তর পর্যন্ত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আওতাধীন থাকলেও ২০০৬ সালে ৪৪ নম্বর আইনের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধ্যাদেশ, ১৯৭৮ সংশোধন করে ফাযিল ও কামিল স্তরকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আওতাবহির্ভূত রাখা হয়।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর কর্মঅধিক্ষেত্র আইনের আওতায় এনে সুনির্দিষ্ট করার জন্য এবং ইসলামি শিক্ষা-ব্যবস্থাকে যুগোপযোগী ও কর্মমুখী করার লক্ষ্যে বিভিন্ন সময়ে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর ধারাবাহিকতায় THE MADRASAH EDUCATION ORDINANCE, 1978 (Ordinance No. IX of 1978) রহিতক্রমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন, ২০২০ জারি করা হয়। এই আইনের অধীনে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান হিসেবে দেশ ব্যাপী এর কার্যক্রম পরিচালনা করছে।

### ৩.৪.২ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ভিশন ও মিশন

ভিশন: ধর্মীয় মূল্যবোধ সম্বলিত মানসম্মত শিক্ষা

মিশন: মাদ্রাসা শিক্ষার সকল পর্যায়ে যুগোপযোগী, আধুনিক, টেকসই, স্বচ্ছ ও জবাবদিহিমূলক, নৈতিক ও ধর্মীয় মূল্যবোধ সম্বলিত মানসম্মত শিক্ষার মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়ন

### ৩.৪.৩ কার্যক্রম

১. দাখিল,আলিম এবং অন্যান্য পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, খাতা মূল্যায়ন, ফলাফল প্রকাশসহ যাবতীয় কার্যক্রম;
২. দাখিল/আলিম মাদ্রাসা স্থাপন/পাঠদান/একাডেমিক স্বীকৃতি প্রদান;
৩. স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা স্থাপন, পাঠদান ও নবায়ন;
৪. মাদ্রাসা শিক্ষার সিলেবাস এবং কারিকুলাম প্রণয়ন ও পরিমার্জন;
৫. দাখিল ও আলিম পরীক্ষার মূল সনদ বিতরণ;
৬. দাখিল ও আলিম পরীক্ষার সাময়িক সনদ প্রদান;

৭. সনদপত্রে নাম সংশোধন ;
৮. শিক্ষার্থীর বয়স/জন্মতারিখ সংশোধন;
৯. সংশোধিত ফ্রেশ এ্যাডমিট কার্ড, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেট প্রদান;
১০. ইংরেজি ভার্সন এ্যাডমিট কার্ড, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেট প্রদান;
১১. দ্বি-নকল এ্যাডমিট কার্ড, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেট প্রদান;
১২. বিদেশগামী শিক্ষার্থীদের দাখিল/ আলিম সার্টিফিকেট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট সত্যায়ন;
১৩. ব্যক্তিগত একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেট/ আরবিতে অনুবাদকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেট যাচাই/সত্যায়ন;
১৪. প্রাতিষ্ঠানিক একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেট যাচাই/সত্যায়ন;
১৫. মাইগ্রেশন সার্টিফিকেট প্রদান;
১৬. ইবতেদায়ি সংশোধিত ফ্রেশ সনদ প্রদান;
১৭. একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সার্টিফিকেট এর ফরম্যাট মুদ্রন ও আনয়ন;
১৮. মাদ্রাসার স্বকীয়তা নির্ধারণী বই প্রস্তুতকরণ;
১৯. নীতিমালা/প্রবিধানমালা প্রণয়ন।




### ৩.৪.৪ জনবল সংক্রান্ত তথ্য

| ক্রমিক | পদের শ্রেণি ও গ্রেড | অনুমোদিত পদ সংখ্যা | কর্মরত | শূন্য পদ |
|---|---|---|---|---|
| ০১ | ১ম শ্রেণি (৯ম থেকে তদুর্ধ) | ৩৬ | ২৬ | ১০ |
| ০২ | ২য় শ্রেণি (১০ম-১২তম) | ১৭ | ০২ | ১৫ |
| ০৩ | ৩য় শ্রেণি (১৩তম-১৬তম) | ৯০ | ৫৭ | ৩৩ |
| ০৪ | ৪র্থ শ্রেণি (১৭ তম-২০তম) | ৫২ | ৩৪ | ১৮ |
| | সর্বমোট | ১৯৫ | ১১৯ | ৭৬ |

### ৩.৪.৫ বিদ্যমান আইন, বিধি, প্রবিধান, নীতিমালা

১. বেসরকারি মাদ্রাসা (দাখিল ও আলিম) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২৫
২. বেসরকারি মাদ্রাসার দাখিল ও আলিম স্তরে ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি প্রবিধানমালা-২০২৫
৩. স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা স্থাপন, পাঠদান, স্বীকৃতি, পরিচালনা ও জনবল কাঠামো এবং এমপিও নীতিমালা,২০২৫

৪. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের কর্মকর্তা-কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২৫ (প্রস্তাবিত)
৫. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন, ২০২০
৬. মাদ্রাসা শিক্ষা অর্ডিনেন্স-১৯৭৮ (অর্ডিনেন্স নং- ৯/১৯৭৮)
৭. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৬
৮. জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি), দাখিল ও আলিম পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা
৯. জুনিয়র দাখিল সার্টিফিকেট (জে.ডি.সি.), দাখিল ও আলিম পরীক্ষা কেন্দ্র স্থাপন নীতিমালা
১০. নাম ও বয়স সংশোধন নীতিমালা
১১. The Affiliated Non-Government Madrasah Teachers' Terms and Conditions of Service Regulations, 1979

### ৩.৪.৬ বিভিন্ন শ্রেণির মাদ্রাসা সংখ্যা

| ক্রমিক | মাদ্রাসার ধরণ | | মাদ্রাসা সংখ্যা |
|---|---|---|---|
| ১. | স্বতন্ত্র ইবতেদায়ি | অনুদানভুক্ত | ১৫১৯ |
| | | অনুদান বহির্ভুত | ৬০০৯ |
| ২. | সংযুক্ত ইবতেদায়ি | | ৯২৯৫ |
| ৩. | দাখিল মাদ্রাসা | | ৬৪৭৮ |
| ৪. | আলিম মাদ্রাসা | | ১৫৭৮ |
| ৫. | ফাযিল মাদ্রাসা | | ১০৮২ |
| ৬. | কামিল মাদ্রাসা | | ২১৭ |

* বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডর ডাটা বেজ অনুযায়ী

### ৩.৪.৭ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অনলাইন সেবা

- বোর্ডের সকল পরীক্ষক, প্রধান পরীক্ষক, নিরীক্ষকদের তথ্য এন্ট্রি, ডাটা প্রসেসিং, অটোমেটেড পদ্ধতিতে তালিকা প্রস্তুত ও নিয়োগপত্র প্রেরণ;
- পরীক্ষক, প্রধান পরীক্ষকদের বিল অটোমেটেড পদ্ধতিতে প্রস্তুতকরণ ও স্ব-স্ব ব্যাংক অ্যাকাউন্টে সম্মানী প্রেরণ;
- কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে এস.এম.এস.'র মাধ্যমে গোপনীয়ভাবে পরীক্ষা সংক্রান্ত তথ্য (সেট কোড) প্রেরণ;
- বোর্ডের হিসাব শাখার সকল কার্যক্রম;
- Payroll Software-এর মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা প্রদান;
- Biometric Attendance System এ কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি;
- কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত ডাটাবেইজ সংরক্ষণ।

### ৩.৪.৮ বিগত ০২ বছরের দাখিল পরীক্ষার ফলাফল

| বৎসর | পরীক্ষার্থী সংখ্যা | কৃতকার্য | পাসের হার |
|---|---|---|---|
| **২০২৪** | ২৯১৩৯০ | ২২৬৭৫৪ | ৭৮% |
| **২০২৫** | ২৯৫২৮৪ | ১৯৬১৩৩ | ৬৮.০৯% |

### ৩.৪.৯ বিগত ০২ বছরের আলিম পরীক্ষার ফলাফল

| বৎসর | পরীক্ষার্থী সংখ্যা | কৃতকার্য | পাসের হার |
|---|---|---|---|
| **২০২৩** | ৯৮১৩৯ | ৮৬৮৬৭ | ৮৯% |
| **২০২৪** | ৮৮৬১৪ | ৭৯৯১৯ | ৯০% |

### ৩.৪.১০ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর চ্যালেঞ্জসমূহ

| ক্র. নং | চ্যালেঞ্জসমূহ | চ্যালেঞ্জ মোকাবেলার উপায় |
|---|---|---|
| ০১ | জুলাই বিপ্লবোত্তর বাংলাদেশের সামাজিক বিবর্তন এবং জন আকাঙ্খার প্রেক্ষিতে সারা দেশে মাদ্রাসার প্রাতিষ্ঠানিক সম্প্রসারণের তাগিদ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সমন্বিত কার্যক্রম গ্রহণ |
| ০২ | মাদ্রাসা শিক্ষার স্বকীয়তা বজায় রাখার স্বার্থে ইসলামের সুমহান আদর্শ, চিন্তা, দর্শন, ঈমান, আখলাক, তাহযিব, তমুদ্দুন ইত্যাদি বিবেচনায় নিয়ে এর কারিকুলাম এবং সিলেবাসের আমুল পরিবর্তন; | টিএমইডি, এনসিটিবি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের সমন্বয়ে কমিটি গঠন করে টিএমইডি কর্তৃক অধিক্ষেত্র নির্ধারণ করা, মাদ্রাসায় প্রচলিত পাঠ্য বই পর্যালোচনা, সমস্যা চিহ্নিতকরণ এবং বই প্রণয়নের জন্য উপযুক্ত লেখক নির্বাচন; |
| ০৩ | মাদ্রাসা শিক্ষার জন্য যুগোপযোগী কারিকুলাম এবং সিলেবাস প্রণয়নে কিছু উন্নত মুসলিম দেশ যেমন তুরস্ক, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া ইত্যাদি দেশে প্রচলিত শিক্ষা কারিকুলাম এবং সিলেবাসকে বিবেচনায় নেয়া; | বাংলাদেশে বিদ্যমান তুরস্ক, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া ইত্যাদি দেশের হাইকমিশনের সাথে প্রয়োজনীয় যোগাযোগ তৈরী, বৈদেশিক সফরের মাধ্যমে, তথ্য, উপাত্ত এবং অভিজ্ঞতার আদান প্রদান; |
| ০৪ | মাদ্রাসাগুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা; | মাদ্রাসাগুলোতে একাডেমিক পরিবেশ তৈরী, শিক্ষকদের প্রশিক্ষণ, জোরদার মনিটরিং ব্যবস্থা; |
| ০৫ | বর্ধিত চাহিদার প্রেক্ষিতে সেবা প্রত্যাশীদের সেবা নিশ্চিত করা; | আধুনিক সুবিধাসহ মাদ্রাসা বোর্ডের জন্য ভবন নির্মাণ, অনলাইন কার্যক্রমকে আরো সম্প্রসারিত করা, পুরাতন রেকর্ডসমূহ আর্কাইভ করে সনদ সংশোধন, ফ্রেশকপি এবং দ্বি-নকল প্রদানে গতিশীলতা সৃষ্টি, পরিদর্শন এবং মনিটরিং জোরদার করা; |
| ০৬ | মাদ্রাসা শিক্ষার্থীদেরকে যুগের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ এবং যোগ্য হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মাদ্রাসাগুলোতে বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা অধ্যয়নের সুযোগ সৃষ্টি করা; | দাখিল এবং আলিম মাদ্রাসায় যোগ্যতা যাচাইক্রমে বিজ্ঞান এবং ব্যবসায় শিক্ষা চালু করা; |
| ০৭ | মাদ্রাসার উচ্চমাধ্যমিক স্তরে (আলিম স্তরে) অধিকতর এনরোলমেন্ট নিশ্চিত করা জন্য উপযুক্ত দাখিল মাদ্রাসাগুলোকে আলিম মাদ্রাসায় উন্নীত করা; | যোগ্যতা থাকার শর্তে দাখিল মাদ্রাসাকে আলিম স্তরে উন্নীত করা; |
| ০৮ | মাদ্রাসা শিক্ষা বোর্ডের সাথে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বিএমটিটিআই, এনসিটিবি, এনটিআরসিএ-এর সাথে যথাযথ সমন্বয় সাধন করা; | প্রতিষ্ঠানগুলোর মধ্যে আন্তসংযোগ গড়ে তোলা, শিক্ষা সংক্রান্ত জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে সকলের সমন্বয়ে সেমিনার, সিম্পোজিয়াম, ওয়েবিনার, সভা বা ওয়ার্কশপের আয়োজন করা; |
| ০৯ | বোর্ডের জনবল সমস্যার সমাধান করা এবং জেলা ও উপজেলা পর্যায়ে এর কার্যক্রম সম্প্রসারিত করা; | যথাযথ প্রক্রিয়ায় জনবল নিয়োগ, জেলা এবং উজেলা পর্যায়ে অফিস সম্প্রসারণ; |
| ১০ | বোর্ডের সার্বিক কার্যক্রম বিবেচনায় সকল কর্মকর্তা কর্মচারীর প্রশিক্ষণ নিশ্চিত করা; | আইসিটি প্রশিক্ষণ, আইন ও বিধি সংক্রান্ত প্রশিক্ষণ, আচরণ-বিধি সংক্রান্ত প্রশিক্ষণ; |

### ৩.৪.১১ ভবিষ্যৎ পরিকল্পনা

- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের জন্য আধুনিক সুবিধা বিশিষ্ট ভবন নির্মাণ;
- বোর্ডের সকল রেকর্ড, নথি ও তথ্য ডিজিটালাইজডকরণ;
- বোর্ডের সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত পেশাগত প্রশিক্ষণ প্রদান;
- মাদ্রাসা পরিদর্শন কার্যক্রম জোরদারকরণ;
- প্রশ্নপ্রণেতা ও মডারেটরদের প্রশিক্ষণের মাধ্যমে অধিকতর দক্ষ করা।

## ৩.৫ জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী

### ৩.৫.১ পটভূমি

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার) শিক্ষা মন্ত্রনালয়ের নিয়ন্ত্রণাধীন কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণামূলক একটি প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান ১৯৮৪ সালে বগুড়ায় প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্নে এর নাম ছিল জাতীয় বহুভাষী সাঁটলিপি প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নট্রামস)। পরবর্তীতে যুগের চাহিদা অনুযায়ী ২০০৫ সালে জাতীয় সংসদের ১২ নং আইনে এ প্রতিষ্ঠানের নামকরণ করা হয় “জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার)”। এ প্রতিষ্ঠান তথ্য প্রযুক্তি ও কম্পিউটার বিষয়ে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ কোর্স পরিচালনা করে থাকে। ২০২৪-২৫ অর্থবছরে মোট ৪১৫০ প্রশিক্ষণার্থীকে তথ্য প্রযুক্তি ও কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

**ভিশন:** দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের অবদান ও আইসিটি অঙ্গনে দক্ষ জনগোষ্ঠী গড়ে তুলতে আধুনিক কম্পিউটার প্রযুক্তি বিষয়ে গবেষণা, শিক্ষা ও প্রশিক্ষণ পরিচালনা।

### মিশন

- কম্পিউটার প্রযুক্তি বিষয়ে গবেষণা, শিক্ষা ও প্রশিক্ষণ পরিচালনা করা এবং এ বিষয়ে জ্ঞানের উৎকর্ষ সাধন করা;
- সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত বা বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের সিলেবাস নির্ধারণ, প্রশিক্ষণ পরিচালনা ও মূল্যায়ন করা;
- শিক্ষা ও প্রশিক্ষণের জন্য পাঠ্যক্রম নির্ধারণ করা;
- একাডেমী কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অধ্যয়ন সম্পন্ন করেছেন এমন ব্যক্তিদের মূল্যায়ন করা এবং ডিপ্লোমা ও সার্টিফিকেট প্রদান করা;
- একাডেমী কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ, পরীক্ষা অনুষ্ঠান, সার্টিফিকেট ও ডিপ্লোমা প্রদান ইত্যাদি খাতে ফি নির্ধারণ আদায়;
- সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের চাহিদা অনুসারে কম্পিউটার প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনা।

### ৩.৫.২ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ও অর্জনসমূহ (২০২৪-২০২৫ অর্থবছর)

২০২৪-২৫ অর্থবছরে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ, বেকার যুবক ও যুব মহিলাদের মুক্ত পেশাজীবী ও উদ্যোক্তা সৃজন এবং আইসিটি বিষয়ে ৩৬৬০ জনকে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী বিগত ২০২৪-২৫ অর্থবছরের অর্জনসমূহ উপস্থাপন করা হলো:

(ক) ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ও অর্জনসমূহ

| ক্রমিক | প্রশিক্ষণ কোর্সের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন | পুরুষ | মহিলা |
|---|---|---|---|---|---|
| ১ | স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কোর্স [৩০দিন/১৪৪ঘন্টা।] | ৬৫০ | ৬৬১ | ৫৭৫ | ৮৬ |
| ২ | আইসিটি শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নেকটার এর “ভৌত অবকাঠামো উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্প এর আওতায় শিক্ষকগণের আইসিটি বিষয়ক উচ্চতর প্রশিক্ষণ কোর্স (৩০দিন মেয়াদী) | ৪০০ | ৪০০ | ৩৩৮ | ৬২ |
| ৩ | মুক্ত পেশাজীবী ও উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কোর্সসমূহ। | ১৯৭০ | ২২৫৬ | ১৮৭৩ | ৩৮৩ |
| ৪ | প্রোগ্রামিং বিষয়ে প্রশিক্ষণ [৬০ ঘন্টা /২০দিন] । | ১৬৫ | ২০৯ | ১৮৮ | ২১ |
| ৫ | স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের এ্যাডভান্সড কোর্স অন আইসিটি [১৫দিন/৭৮ ঘন্টা]। | ২৫০ | ১৭৫ | ১৫৫ | ২০ |
| ৬ | এ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স অন কম্পিউটার [৬মাস/৩৬০ ঘন্টা] | ২২৫ | ২৪০ | ১৫৮ | ৮২ |
| ৭ | দক্ষতা ভিত্তিক লেভেল-৩ এর প্রশিক্ষণ কোর্সসমূহ | ২টি ব্যাচ | ২টি ব্যাচ | ৮৪ | ১৭ |
| ৮ | দক্ষতা ভিত্তিক লেভেল-৪ এর প্রশিক্ষণ কোর্সসমূহ | ২টি ব্যাচ | ২টি ব্যাচ | ৮৮ | ২০ |
| | **সর্বমোট** | **৩৬৬০** | **৪১৫০** | **৩৪৫৯** | **৬৯১** |

## (খ) ASSET কর্তৃক পরিচালিত কোর্সের প্রতিবেদন

| ক্র. নং | প্রশিক্ষণ কোর্সের নাম | ব্যাচ নম্বর | ব্যাচের ধরন | কোর্সের মেয়াদ | | মোট অর্জন | প্রশিক্ষণার্থীদের সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | হতে | পর্যন্ত | | পুরুষ | মহিলা |
| ০১. | গ্রাফিক্স ডিজাইন ফর ফ্রিল্যান্সিং লেভেল-৩ (ASSET) | ২য় | সরাসরি | ০২/০৫/২৪ | ৩১/০৮/২৪ | ২০ | ১১ | ০৯ |
| ০২. | ওয়েব ডিজাইন ফর ফ্রিল্যান্সিং লেভেল-৩ (ASSET) | ২য় | সরাসরি | ০২/০৫/২৪ | ৩১/০৮/২৪ | ২০ | ১৯ | ০১ |
| ০৩. | ডিজিটাল মার্কেটিং ফর ফ্রিল্যান্সিং লেভেল-৩ (ASSET) | ২য় | সরাসরি | ০২/০৫/২৪ | ৩১/০৮/২৪ | ২০ | ১২ | ০৮ |
| ০৪. | কম্পিউটার অপারেশন, লেভেল-৩ (ASSET) | ২য় | সরাসরি | ০২/০৫/২৪ | ৩১/০৮/২৪ | ২০ | ০৮ | ১২ |
| ০৫. | ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট ফর ফ্রিল্যান্সিং লেভেল-৩ (ASSET) | ২য় | সরাসরি | ০২/০৫/২৪ | ৩১/০৮/২৪ | ২০ | ১৭ | ০৩ |
| | **মোট-** | **০৯ টি ব্যাচ** | | | | **১০০** | **৬৭** | **৩৩** |



আইসিটি বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ

### ৩.৫.৩ রেজিস্ট্রেশন ও পরীক্ষা নিয়ন্ত্রণ সেকশন (২০২৪-২৫)

রেজিস্ট্রেশন ও পরীক্ষা নিয়ন্ত্রণ সেকশন (Department of Registration and Examination Control)
(ক) ১. ২০২৪-২৫ অর্থবছরে এ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স অন কম্পিউটার ট্রেনিং (৬ মাস মেয়াদী)- এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সনদ প্রদানের পরিসংখ্যান

| ক্রমিক নং | ব্যাচ নং | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | | সফলতার সাথে উত্তীর্ণ |
|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | ৬৪, ৬৫ | ৭৩ | ৪৭ | ১২০ | ৯৭ |
| ২ | ৬৬, ৬৭ | ৭৭ | ৪৩ | ১২০ | ১০৬ |
| | **মোট =** | **১৫০** | **৯০** | **২৪০** | **২০৩** |

ক) ২. ৬মাস মেয়াদী (৩৬০ ঘন্টা) মেশিন লার্নিং ও ডাটা সায়েন্স কোর্স - এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সনদ প্রদানের পরিসংখ্যান

| ক্রমিক নং | ব্যাচ নং | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | | সফলতার সাথে উত্তীর্ণ |
|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | ৩, ৪ | ৫৪ | ১৭ | ৭১ | ৪৩ |
| ২ | ৫, ৬ | ৪২ | ১৭ | ৫৯ | ৫১ |
| মোট- | | ৯৬ | ৩৪ | ১৩০ | ৯৪ |

(খ) ২০২৪-২৫ অর্থবছরে নেকটার কর্তৃক পরিচালিত সংক্ষিপ্ত কোর্স – এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদানের পরিসংখ্যান

| ক্রমিক নং | কোর্সের নাম | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | | মোট উত্তীর্ণ |
|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | |
| ০১ | Digital Content Development | ২৫ | ০৫ | ৩০ | ২৬ |
| ০২ | Fundamentals of Webpage Designing | ৩৮ | ১৩ | ৫১ | ৫১ |
| ০৩ | Graphics Design (Adobe Photoshop & Adobe Illustrator | ৪৬২ | ৬৭ | ৫২৯ | ৫২৮ |
| ০৪ | JavaScript | ২০ | ০২ | ২২ | ১৮ |
| ০৫ | Basic Computer Application | ১৬৬ | ৭৭ | ২৪৩ | ২১১ |
| ০৬ | WordPress Theme Customization | ২০ | ০১ | ২১ | ১৫ |
| ০৭ | Android App Development | ৩৩ | ০৫ | ৩৮ | ০৯ |
| ০৮ | Video Editing | ২০৬ | ৪১ | ২৪৭ | ১৪৫ |
| ০৯ | Programming in Python | ৩১০ | ৩৫ | ৩৪৫ | ২৯৮ |
| ১০ | Programming Essential in Python | ৩১ | ০৬ | ৩৭ | ১৮ |
| ১১ | Web Development Using & PHP & My SQL | ৬৩ | ০৫ | ৬৮ | ৪৫ |
| | মোট- | ১৩৭৪ | ২৫৭ | ১৬৩১ | ১৩৬৪ |

(গ) ২০২৪-২৫ অর্থবছরে নেকটার কর্তৃক পরিচালিত NTVQF Level-3/4 কোর্স– এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সনদপত্র পৃদানের পরিসংখ্যান

| ক্রমিক নং | কোর্সের নাম | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | | মোট উত্তীর্ণ |
|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | |
| ১ | Graphics Design for Freelancing (NTVQF Level-3) | ২০৮ | ৫৪ | ২৬২ | ১৬৮ |
| ২ | Graphics Design for Freelancing (NTVQF Level-4) | ১৩ | ০৮ | ২১ | ১৩ |
| ৩ | Digital Marketing for Freelancing NTVQFLevel-3) | ২১৮ | ৪৮ | ২৬৬ | ১৮১ |
| ৪ | Digital Marketing for Freelancing NTVQFLevel-4) | ৭৫ | ১২ | ৮৭ | ৭৩ |
| | মোট- | ৫১৪ | ১২২ | ৬৩৬ | ৪৩৫ |

(ঘ) ২০২৪-২৫ অর্থবছরে সরকারি-বেসরকারি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল, কলেজ, মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকগণের বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ শেষে সনদ প্রদানের পরিসংখ্যান

| ক্র. নং | কোর্সের নাম | প্রশিক্ষণার্থীর সংখ্যা | | | মোট উত্তীর্ণ |
|---|---|---|---|---|---|
| | | পুরুষ | মহিলা | মোট | |
| ০১ | ৩০ দিন মেয়াদি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ কোর্স | ৫৭৫ | ৮৬ | ৬৬১ | ৬৬১ |
| ০২ | ১৫ দিন মেয়াদি এ্যাডভান্সড তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ কোর্স | ১৫৫ | ২০ | ১৭৫ | ১৭৫ |
| ০৩ | ভৌত অবকাঠামো উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় শিক্ষকগণের আইসিটি বিষয়ক উচ্চতর প্রশিক্ষণ (৩০দিন মেয়াদি) | ৩৩৮ | ৬২ | ৪০০ | ৪০০ |
| ০৪ | ১৪ দিন মেয়াদী টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ (টিএসসি) সমূহের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ২৪৭ | ৪০ | ২৮৫ | ২৮৫ |
| | সর্বমোট- | ১৩১৫ | ২০৮ | ১৫২১ | ১৫২১ |

## ৩.৬ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)

### ৩.৬.১ পরিচিতি

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল স্তরের মাদ্রাসা শিক্ষকগণের একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান হলো বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)। ১৯৯৫ সালের ২৮ ডিসেম্বর গাজীপুর জেলার বোর্ডবাজারে বিএমটিটিআই-এর ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়। বিএমটিটিআই-এর অবকাঠামোগত উন্নয়নের পর ১৯৯৯ সালে সর্বপ্রথম প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়। বর্তমানে বিএমটিটিআই-তে সরকারের নিজস্ব অর্থায়নে এবতেদায়ি, দাখিল, আলিম, ফাজিল ও কামিল স্তরের শিক্ষকগণের পেশাগত ও তথ্য প্রযুক্তি ব্যবহারের দক্ষতা বৃদ্ধির জন্য ব্লেন্ডেড ও আবাসিক প্রশিক্ষণ এবং অনলাইনে আরবি ও ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে।

**রূপকল্প (Vision):** উচ্চ নৈতিকতা ও মূল্যবোধ সম্পন্ন, দক্ষ মানব সম্পদ তৈরি।

**অভিলক্ষ্য (Mission):** মাদ্রাসা শিক্ষার সকল পর্যায়ে যুগোপযোগী আধুনিক মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার মাধ্যমে উচ্চ নৈতিকতা ও মূল্যবোধ সম্পন্ন মানব সম্পদ তৈরির প্রচেষ্টা অব্যাহত রাখা।

### ৩.৬.২. উদ্দেশ্য

১. মাদ্রাসা শিক্ষার মান উন্নয়নে প্রশিক্ষিত শিক্ষক তৈরি;
২. মাদ্রাসা ব্যবস্থাপনার মানোন্নয়ন;
৩. মাদ্রাসা শিক্ষার্থীদেরকে জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের (বিশেষ করে মধ্যপ্রাচ্যের) জন্য দক্ষ ও উপযোগী করে গড়ে তোলা;
৪. মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে আরবি ও ইংরেজি ভাষার দক্ষতা বৃদ্ধি;
৫. বিএমটিটিআই এর সক্ষমতা, স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধি ও প্রশিক্ষণের সার্বিক মানোন্নয়ন।

### ৩.৬.৩ কার্যক্রম

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট এর কার্যক্রমসমূহ নিম্নরূপ:

- মাদ্রাসার বিভিন্ন স্তরের শিক্ষকগণকে শ্রেণি কক্ষে পাঠদানের কলা-কৌশল সম্পর্কে প্রশিক্ষণ প্রদান;
- শিক্ষাক্রম বিস্তরণ সম্পর্কে সম্যক ধারণা প্রদান;
- সকল স্তরের মাদ্রাসার শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনাকে গতিশীলকরণ;
- শিক্ষকগণকে আইসিটি ব্যবহারে পারদর্শী করে তোলা;
- শিক্ষকগণকে আরবি ও ইংরেজি ভাষায় পারদর্শী করে তোলা।

### ৩.৬.৪ প্রশিক্ষণ

### ক. বিষয়ভিত্তিক প্রশিক্ষণ

১. এবতেদায়ীস্তরের জুনিয়র শিক্ষকগণের জন্য ০২ (দুই) সপ্তাহ মেয়াদি (আরবি, ইংরেজি, কুরআন মাজিদ, বাংলা, গণিত এবং বিজ্ঞান) বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।
২. দাখিলস্তরের সহকারী শিক্ষকগণের জন্য ০৪ (চার) সপ্তাহ মেয়াদি (আরবি, ইংরেজি, গণিত, বিজ্ঞান, বাংলা, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ইসলামের ইতিহাস, আইসিটি, আল-কোরআন, আল-হাদিস, কৃষি এবং আকাইদ ও ফিকহ) বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।
৩. সিনিয়রস্তরের (আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসার প্রভাষক/সহকারী অধ্যাপকগণের জন্য ০৪ (চার) সপ্তাহ মেয়াদি (আরবি, আল-হাদিস, ইংরেজি, গণিত, বাংলা, জীববিজ্ঞান, রসায়ন এবং পদার্থবিজ্ঞান) বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।

### খ. শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ

১. এবতেদায়ীস্তরের মাদ্রাসার প্রধানদের জন্য ০২ (দুই) সপ্তাহ মেয়াদি প্রশিক্ষণ।
২. সুপার/সহকারী সুপারগণের জন্য ০৩ (তিন) সপ্তাহ মেয়াদি প্রশিক্ষণ।
৩. অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের জন্য ০৩ (তিন) সপ্তাহ মেয়াদি প্রশিক্ষণ।
৪. সুপার/সহকারী সুপারগণের জন্য ০৫ (পাঁচ) দিন মেয়াদি শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (সঞ্জীবনী) প্রশিক্ষণ।
৫. অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের জন্য ০৫ (পাঁচ) দিন মেয়াদি শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (সঞ্জীবনী) প্রশিক্ষণ।

## গ. ভাষা শিক্ষা (অনলাইন)

১. দাখিলস্তরের সহকারী মৌলভী/সিনিয়র মাদ্রাসা (আলিম, ফাযিল ও কামিল) স্তরের শিক্ষকগণের জন্য ৩৬ (ছত্রিশ) দিন মেয়াদি অনলাইন আরবি ভাষা শিক্ষা প্রশিক্ষণ।

২. দাখিলস্তরের মাদ্রাসার সহকারী শিক্ষকগণের জন্য ৩৬ (ছত্রিশ) দিন মেয়াদি অনলাইন ইংরেজি ভাষা শিক্ষা প্রশিক্ষণ।

৩. এবতেদায়ি প্রধান এবং সুপার/সহকারী সুপারগণের ১৮ (আঠারো) দিন মেয়াদি অনলাইন আরবি ভাষা শিক্ষা প্রশিক্ষণ।

## ঘ. প্রকল্পের আওতায় পরিচালিত কোর্স

১. মাদ্রাসা শিক্ষকগণের শিক্ষণ দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ এবং বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।

২. নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ এবং বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।

৩. ক্যাপাসিটি ডেপেলপমেন্ট অব মাদ্রাসা এডুকেশন স্কিম-এর আওতায় প্রশাসন ও অফিস ব্যবস্থাপনা এবং বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।

## ঙ. ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন

ব্যাচেলর অব এডুকেশন (বিএড)-এর সমমানের ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন (বিএমএড) কোর্সটি জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধীনে একমাত্র বিএমটিটিআই-তে পরিচালিত হয়।

## ৩.৬.৫ প্রশিক্ষণের তথ্য: (২০২৪-২৫ অর্থবছর)

| ক্র.নং | প্রশিক্ষণ কোর্স | কোর্সের নাম | মোট ব্যাচ | মোট প্রশিক্ষণার্থী | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| ১. | বিষয়ভিত্তিক | এবতেদায়ীস্তরের শিক্ষকগণের প্রশিক্ষণ কোর্স | ১৪টি | ৫৪৫ জন | ৩৫৪৭ জন |
| ২. | | দাখিলস্তরের সহকারী শিক্ষকগণের প্রশিক্ষণ কোর্স | ১১টি | ১০৯০ জন | |
| ৩. | | সিনিয়র মাদ্রাসার প্রভাষক/সহকারী অধ্যাপকগণের প্রশিক্ষণ কোর্স | ০৮টি | ৩০০ জন | |
| ৪. | | অনলাইন ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স | ১০টি | ২৮৪ জন | |
| ৫. | | অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স | ৪৪টি | ১৩২৮ জন | |
| ৬. | শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা | অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | ০৪টি | ১৫৯ জন | ৮৫২ জন |
| ৭. | | অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (সঞ্জীবনী) প্রশিক্ষণ কোর্স | ০৩টি | ১০৮ জন | |
| ৮. | | সুপার/সহকারী সুপারগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | ০৬টি | ২৬৯ জন | |
| ৯. | | সুপার/সহকারী সুপারগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (সঞ্জীবনী) প্রশিক্ষণ কোর্স | ০৩টি | ১১৪ জন | |
| ১০. | | এবতেদায়ী প্রধানগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | ০৫টি | ২০২ জন | |
| | | সর্বমোট: | ১০৮টি | ৪৩৯৯ জন | ৪৩৯৯ জন |



বিএমটিটিআই'র কম্পিউটার ল্যাবে আইসিটি সেশনে প্রশিক্ষণার্থীরা

### ৩.৬.৬ জনবল

| জনবল | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | মোট |
|---|---|---|---|---|---|
| অনুমোদিত | ২৭ | - | ১৩ | ১৫ | ৫৫ |
| কর্মরত | ২০ | - | ১০ | ১১ | ৪১ |
| শূন্য | ০৭ | | ০৩ | ০৪ | ১৪ |

### ৩.৬.৭ গবেষণা

"অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়ন"-শীর্ষক গবেষণা পরিচালিত হয়েছে।

### ৩.৬.৮ অনলাইন সেবা

দেশে সর্বপ্রথম প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে বিএমটিটিআই ২০২১ সালে ব্লেন্ডেড পদ্ধতির প্রশিক্ষণ প্রচলন করে। বর্তমানেও বিএমটিটিআই পরিচালিত ০৪ (চার) সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ কোর্সসমূহ ব্লেন্ডেড পদ্ধতিতে পরিচালনা করা হচ্ছে। এছাড়াও অনলাইনে সিনিয়র মাদ্রাসার প্রভাষক/সহকারী অধ্যাপক এবং দাখিল মাদ্রাসা সহকারী শিক্ষকগণকে আরবি ভাষায় পারদর্শী করে তোলার জন্য আরবি এবং দাখিলস্তরের মাদ্রাসার সহকারী শিক্ষককে ইংরেজি ভাষায় পারদর্শী করে তোলার জন্য ইংরেজি ভাষা শিক্ষা প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।




ব্রিটিশ কাউন্সিল এবং বিএমটিটিআই কর্তৃক যৌথভাবে আয়োজিত বিএমটিটিআই-তে লার্নিং, শেয়ারিং এবং সেফগার্ডিং কর্মশালা আয়োজন

### ৩.৬.৯ ভবিষ্যৎ পরিকল্পনা

- ২০২৫-২৬ অর্থ বছরে প্রায় ৫০০০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান;
- বিএমটিটিআই-কে ন্যাশনাল একাডেমি ফর মাদ্রাসা এডুকেশন-এ রূপান্তর করা;
- ০৪ (চার)টি বিভাগে আরও বিএমটিটিআই-এর আঞ্চলিক কেন্দ্র চালু করা;
- নতুন কারিকুলামের সাথে সামঞ্জস্য রেখে মডিউল ও ম্যানুয়াল পরিমার্জন করা;
- শূন্য পদসমূহ পূরণ ও নতুন পদ সৃষ্টির মাধ্যমে জনবল বৃদ্ধি;
- ১৬ তলা বিশিষ্ট বহুতল ভবন নির্মাণ;
- আবাসিক সুবিধা বৃদ্ধি করা;
- অধিবেশন কক্ষগুলো স্মার্ট ইকুইপমেন্টসহ সুসজ্জিতকরণ।

# চতুর্থ অধ্যায়

# কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রকল্পসমূহ

## ৪.১ কারিগরি শিক্ষা অধিদপ্তর

২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ১২টি প্রকল্প বাস্তবায়নাধীন।

### ৪.১.১ প্রকল্পের নাম: ১০০ টি উপজেলায় ১ (এক) টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন (২য় সংশোধনী)

| | |
|---|---|
| মেয়াদ | জানুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত |
| প্রাক্কলিত ব্যয় | ২৫২০৩৯.৭৭ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১৯৭০৯৬.৬৮ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণের জন্য ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি পর্যন্ত একটি কারিগরি বিষয় অন্তর্ভূক্ত করে প্রি-ভোকেশনাল এবং নবম হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত একটি কারিগরি বিষয় অন্তর্ভূক্ত করে প্রি-ভোকেশনাল এবং নবম হতে দ্বাদশ শ্রেণীতে ৪টি এসএসসি ও এইচএসসি ভোকেশনাল সার্টিফিকেট কোর্স প্রবর্তন করা;<br>• কারিগরি শিক্ষায় দক্ষতা বৃদ্ধিতে ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত একাডেমিক শিক্ষা ও প্রশিক্ষণ এবং স্বল্প মেয়াদি প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির জন্য মানসম্মত ল্যাব ও ওয়ার্কশপসহ অবকাঠামো স্থাপন করা।<br>• প্রতি প্রতিষ্ঠানে ১০৮০ জন করে শিক্ষার্থীর এনরোলমেন্টের সুযোগ সৃষ্টি। |
| বাস্তব অগ্রগতি | • ইতোমধ্যে ৯১টি টিএসসিতে ৬ষ্ঠ-৯ম শ্রেণিতে শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে।<br>২০২৬ শিক্ষাবর্ষে আরও ৫টি টিএসসিতে শিক্ষা কার্যক্রম চালুর কার্যক্রম প্রক্রিয়াধীন। |



শ্যামনগর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, সাতক্ষীরা



শালিখা টেকনিক্যাল স্কুল ও কলেজ, শালিখা, মাগুরা

### ৪.১.২ প্রকল্পের নাম: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি প্রকল্প (১ম সংশোধিত)

| | |
|---|---|
| মেয়াদ | ফেব্রুয়ারি ২০১৯ হতে জুন ২০২৫ পর্যন্ত [প্রস্তাবিত: ফেব্রুয়ারি ২০১৯ হতে জুন ২০২৭] |
| প্রাক্কলিত ব্যয় | ১৩৯৫৬৯.৮০ লক্ষ টাকা [প্রস্তাবিত: ১৪০৫৮২.৭৩ লক্ষ টাকা] |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৬২৩২০.২৪ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • দক্ষ, কর্মক্ষম ও আত্মকর্মসংস্থানের উপযোগী মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট বৃদ্ধিকরণ;<br>• বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সম্প্রসারণের জন্য ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি পর্যন্ত একটি কারিগরি বিষয় অন্তর্ভূক্ত করে প্রি-ভোকেশনাল এবং নবম হতে দ্বাদশ শ্রেণিতে ৪টি ট্রেডে এসএসসি ও এইচএসসি ভোকেশনাল সার্টিফিকেট কোর্স প্রবর্তন করা;<br>• ৬৪টি টিএসসিতে চার বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করা; |
| বাস্তব অগ্রগতি | • ১৮০ ব্যাচের মধ্যে মোট ১৩১ ব্যাচের স্থানীয় প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে;<br>• সকল প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। |



হোসেনাবাদ টেকনিক্যাল স্কুল ও কলেজ এর নবনির্মিত ৫তলা ভবন



চাঁপাইনবাবগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ এর নবনির্মিত ৫তলা ভবন

### ৪.১.৩ প্রকল্পের নাম: সিলেট, বরিশাল, ময়মনসিংহ ও রংপুর বিভাগীয় শহরে ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (১ম সংশোধিত) প্রকল্প

| মেয়াদ | **জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৭** |
|---|---|
| প্রাক্কলিত ব্যয় | ৪০১১৪.৯০ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১২৫৪৯.৮২ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • কারিগরি শিক্ষায় নারীদের অধিকতর সম্পৃক্ত করে তাদেরকে দক্ষ ও যোগ্য মানবসম্পদ হিসাবে গড়ে তোলা;<br>• ৪টি মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে প্রতি বছর ১৬০০ জন ছাত্রীর ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির সুযোগ সৃষ্টিকরণ; এবং<br>• কারিগরি শিক্ষায় নারীর অংশগ্রহণ উৎসাহিতকরণ। |
| বাস্তব অগ্রগতি | • রংপুরে একাডেমিক ভবন, প্রশাসনিক ভবন, ছাত্রী হোস্টেল, ওয়ার্কশপ, স্টাফ কোয়ার্টার, অধ্যক্ষের বাসভবন ও শিক্ষক ডরমেটরীর কাজ শেষ পর্যায়ে রয়েছে।<br>• ময়মনসিংহে ছাত্রী হোস্টেল, স্টাফ কোয়ার্টার, অধ্যক্ষের বাসভবন, একাডেমিক ভবন, ওয়ার্কশপ, শিক্ষক ডরমিটরী ও প্রশাসনিক ভবনের কাজ শেষ পর্যায়ে রয়েছে।<br>• বরিশালে ছাত্রী হোস্টেল, একাডেমিক ভবন ও শিক্ষক ডরমেটরীর কাজ শেষ পর্যায়ে রয়েছে।<br>• সিলেটে একাডেমিক ভবন, ওয়ার্কশ, প্রশাসনিক ভবন, শিক্ষক ডরমেটরী ও অধ্যক্ষের বাসভবনের নির্মাণ কাজ চলমান রয়েছে। |



ময়মনসিংহ মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের এডমিন ভবন



বরিশাল মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের মহিলা হোস্টেল



রংপুর মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের এডমিন ভবন



ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইনস্টিটিউট, রাজশাহীতে নির্মাণাধীন ভবন

### ৪.১.৪ প্রকল্পের নাম: বাংলাদেশ ভূমি জরিপ শিক্ষার উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)

| | |
|---|---|
| মেয়াদ | জুলাই ২০১৮ থেকে জুন ২০২৭ পর্যন্ত |
| প্রাক্কলিত ব্যয় | ৩৪৩৮২.৩৬ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১৩৯৩৮.৬১ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • দেশে-বিদেশের বর্তমান ও ভবিষ্যতের শ্রম বাজারের চ্যালেঞ্জের মোকাবেলা করার জন্য ল্যান্ড সার্ভে/ভূমি জরিপ সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চমানের দক্ষতা সম্পন্ন জনশক্তি/টেকনিক্যাল জনবলের সংখ্যা বৃদ্ধি করা;<br>• সার্ভে ইঞ্জিনিয়ারিং এডুকেশন ও ট্রেনিংয়ের ক্ষেত্রে প্রফেশনাল ম্যানপাওয়ার/জনবলের উন্নয়ন সাধন (ডিপ্লোমা লেভেলে ১৬০০ জন ভর্তি প্রতি বছর);<br>• চারটি টেকনোলজিতে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করা। যথা- (ক) ল্যান্ড রিসোর্স এন্ড এনভায়রনমেন্টাল সাইন্স ও (খ) ফটোগ্রাফী এন্ড ডিজিটাল ইমেজিং (গ) ল্যান্ডস্কেপ আর্কিটেকচার (ঘ) ল্যান্ডস্কেপ ডিজাইন ইঞ্জিনিয়ারিং; |
| বাস্তব অগ্রগতি | • যশোর জেলার মনিরামপুর উপজেলায় নির্মাণাধীন সার্ভে ইনস্টিটিউটের একাডেমিক কার্যক্রম শীঘ্রই চালু করা হবে। প্রশাসনিক ভবন, একাডেমিক কাম ওয়ার্কশপ ভবন, মাল্টিপারপাস ভবন, শিক্ষক-কর্মকর্তা ডরমেটরি, স্টাফ কোয়াটার, ছাত্রাবাস, ছাত্রীনিবাস, অধ্যক্ষ কোয়াটার ভবনের কাজ শেষ পর্যায়ে রয়েছে।<br>• কুমিল্লাতে প্রশাসনিক ভবন, শিক্ষক-কর্মকর্তা ডরমেটরি, মাল্টিপারপাস ভবনের ও ছাত্রাবাস নির্মাণ সম্পন্ন হয়েছে।<br>• রাজশাহীতে একাডেমিক কাম ওয়ার্কশপ ভবন ও মাল্টিপারপাস ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।<br>• পটুয়াখালীতে ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হয়েছে। অধ্যক্ষ কোয়াটারের নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। |

### ৪.১.৫ প্রকল্পের নাম: ২৩টি জেলায় পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)

| | |
|---|---|
| মেয়াদ | অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৫ [প্রস্তাবিত: অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৮] |
| প্রাক্কলিত ব্যয় | ৩৬৫১৩৭.০০ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৩৫৩৪৮.৩৬ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • বাংলাদেশের যে ২৩টি জেলায় কোন সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট নেই সেই জেলাসমূহে পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের মাধ্যমে টিভিইটি সম্প্রসারণ;<br>• দেশে ও বিদেশে বর্তমান এবং ভবিষ্যৎ চাকুরি বাজারের চাহিদার চ্যালেঞ্জ মোকাবেলার জন্য দক্ষ জনশক্তি সৃষ্টি করা;<br>• ২৩টি প্রতিষ্ঠানের জন্য ০৪টি করে মোট ০৯টি টেকনোলজির সমন্বয়ে ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স এন্ড টেকানোলজি, পাওয়ার, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, ইলেকট্রনিক্স, কেমিক্যাল ও আর্কিটেকচার) কোর্স সমূহ চালু করা;<br>• ২৩টি পলিটেকনিক ইনস্টিটিউটে প্রতি বছর মোট ৯২০০ জন শিক্ষার্থীর ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির সুযোগ সৃষ্টি;<br>• ২৩টি পলিটেকনিক ইনস্টিটিউটের পূর্ণাঙ্গ কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় অবকাঠামো, জনবল নিয়োগ এবং অন্যান্য ভৌত সুবিধা তৈরি করা। |

| | |
|---|---|
| বাস্তব অগ্রগতি | • এ প্রকল্পের ২৩টি জেলার মধ্যে ১৮টি জেলার জমি অধিগ্রহণের জন্য অর্থ ছাড় করা হয়েছে।<br>• ১৬টি জেলার জমি বুঝে পেয়ে নির্মাণ ও পূর্ত কাজের জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিকট হস্তান্তর করা হয়েছে এবং ভূমির ডিজিটাল সার্ভে সম্পন্ন হয়েছে। |



জামালপুর পলিটেকনিক ইনস্টিটিউটের জন্য অধিগ্রহণকৃত জমি পরিদর্শন



গাজীপুর পলিটেকনিক ইনস্টিটিউটের জন্য অধিগ্রহণকৃত জমি পরিদর্শন

### ৪.১.৬ প্রকল্পের নাম: চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর বিভাগে একটি করে ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)

| | |
|---|---|
| মেয়াদ | অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৫ পর্যন্ত (প্রস্তাবিত: অক্টোবর ২০১৮ হতে জুন ২০২৮) |
| প্রাক্কলিত ব্যয় | ১২২২৩৯.০০ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৮৬৬৪.৬০ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • স্নাতক পর্যায়ে প্রকৌশল শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করা।<br>• দক্ষ প্রকৌশলী তৈরি ও গবেষণার ক্ষেত্র সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ভৌত অবকাঠামোসহ জনবল নিয়োগ করা।<br>• দেশে-বিদেশে প্রকৌশল ক্ষেত্রে দক্ষ জনশক্তির চাহিদা মেটানো।<br>• ৪টি ইঞ্জিনিয়ারিং কলেজে প্রতি বছর ৭২০ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ সৃষ্টি।<br>• ২ টি কলেজে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং এবং ২টি কলেজে এইচএসসি পাশকৃত ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার ক্ষেত্র সম্প্রসারণ করা। |
| বাস্তব অগ্রগতি | • সবগুলো সাইটেই ভূমি অধিগ্রহন সম্পন্ন হয়েছে এবং নির্মাণ কাজ চলমান রয়েছে। |



নড়াইল ইঞ্জিনিয়ারিং কলেজের প্রশাসনিক ভবনের চলমান কাজ



ঠাকুরগাঁও ইঞ্জিনিয়ারিং কলেজের প্রশাসনিক ভবনের কাজ

### ৪.১.৭ প্রকল্পের নাম: উপজেলা পর্যায়ে ৩২৯ টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (২য় পর্যায়)

| | |
|---|---|
| মেয়াদ | জানুয়ারি ২০২০ থেকে ডিসেম্বর ২০২৫ |
| প্রাক্কলিত ব্যয় | ২০৫২৫৬৯.০০ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১০৫৯৬.১৭ লক্ষ টাকা |

| | |
|---|---|
| লক্ষ্য ও উদ্দেশ্য | • প্রস্তাবিত প্রতিষ্ঠানসমূহে ৬ষ্ঠ-৮ম শ্রেণী পর্যন্ত সাধারণ শিক্ষার পাশাপাশি ১টি করে কারিগরি বিষয় অন্তর্ভূক্তির প্রয়োজনীয় সুবিধা সৃষ্টিকরণ। এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ভোকেশনাল) কোর্স চালু করার মাধ্যমে দেশব্যাপী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সম্প্রসারণ।<br>• কর্মক্ষম যুবকদের দেশে ও বিদেশে বর্তমান এবং ভবিষ্যত চাকরি বাজারের চাহিদার চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা।<br>• দরিদ্র জনগোষ্ঠীর জীবিকা সংস্থানের লক্ষ্যে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিকরণ।<br>• ৪টি ট্রেড ও ৪টি স্বল্পমেয়াদী প্যারাট্রেড কোর্স চালুকরণ। |
| বাস্তব অগ্রগতি | • ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে-২৩টি;<br>• টিএসসি নির্মাণ কাজ চলমান রয়েছে-১৩টি;<br>• ভূমি নির্বাচন সম্পন্ন হয়েছে- ১৯৫টি<br>• প্রাথমিক কিংবা পূর্ণাঙ্গ প্রস্তাব পাওয়া যায়নি-১২০টি |




ভূমি অধিগ্রহণের জন্য হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলা পরিদর্শন



ভূমি অধিগ্রহণের জন্য চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলা পরিদর্শন

### ৪.১.৮ প্রকল্পের নাম: Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET)

| | |
|---|---|
| মেয়াদ | জুলাই ২০২১ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত |
| প্রাক্কলিত ব্যয় | ৪২৯৯৯৯.৫৫ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৪৯৪২৮.৫৮ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | আগামী দিনের কাজের উপযোগী এবং সম্ভাবনাময় উন্নত কর্মসংস্থানের চাহিদা অনুযায়ী বাংলাদেশের নারী ও অনগ্রসর জনগোষ্ঠীসহ দক্ষ যুবসমাজ ও কর্মীবাহিনী গড়ে তোলা।<br>যুবাদেরকে ভবিষ্যৎ কর্মসংস্থানের জন্য দক্ষ করে গড়ে তোলা এবং চাকুরী বাজারের সাথে সামঞ্জস্য রেখে ইমার্জিং টেকনোলজির প্রশিক্ষণ প্রদান করা।<br>দক্ষতার ইকোসিস্টেমকে (দক্ষতা উন্নয়ন, চাকুরীবাজার, চাকুরীদাতা ও উদ্যোক্তা উন্নয়নের সমন্বিত কার্যক্রম) প্রতিক্রিয়াশীল, কর্মতৎপর এবং চাহিদাভিত্তিক করা। |
| বাস্তব অগ্রগতি | ASSET প্রকল্পের মাধ্যমে RPL Orientation ও সনদায়ন কার্যক্রমের আওতায় ৩০/০৬/২৫ তারিখ পর্যন্ত মোট ৫২৯৪০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;<br>৮০০০ জন অ্যাসেসর তৈরীর কার্যক্রম চলমান রয়েছে;<br>নির্বাচিত ১৬৩টি সরকারি কারিগরি প্রতিষ্ঠান এবং ২৪টি বেসরকারি কারিগরি প্রতিষ্ঠানে মোট ৯৩,৭১৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;<br>৩৬৪৯ জনের Enterprise Based training (EBT) প্রশিক্ষণ চলমান রয়েছে। |

### ৪.১.৯ প্রকল্পের নাম: ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের অবকাঠামো উন্নয়ন।

| | |
|---|---|
| মেয়াদ | অক্টোবর ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত |
| প্রাক্কলিত ব্যয় | ৪৭২১.২৫ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৯.২৯ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য | • ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটের অবকাঠামো উন্নয়নের মাধ্যমে আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন শ্রেণিকক্ষের সংখ্যা বৃদ্ধিসহ প্রতিষ্ঠানে অধিক সংখ্যক শিক্ষার্থীর সুষ্ঠু পাঠদানের সুযোগ সৃষ্টি করা;<br>• চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ ডিপ্লোমা প্রকৌশলী সৃষ্টির লক্ষ্যে আধুনিক সুযোগ-সুবিধা সম্পন্ন শিক্ষা অবকাঠামো উন্নয়ন;<br>• ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা;<br>• ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষায় বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য সুযোগ সুবিধা বৃদ্ধি। |
| বাস্তব অগ্রগতি | • ভবনের স্ট্রাকচারাল ডিজাইনের কাজ সম্পন্ন করা হয়েছে;<br>• আর্কিটেকচারাল ৩ডি ডিজাইনের কাজ সম্পন্ন করা হয়েছে। |





ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউটের একাডেমিক ভবন নির্মানের ভিত্তি প্রস্তর স্থাপন

### ৪.১.১০ প্রকল্পের নাম: Project for the Improvement of Equipment for Technical Education

| | |
|---|---|
| মেয়াদ | জানুয়ারি ২০২৩ হতে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত |
| প্রাক্কলিত ব্যয় | ৯৮০০.৮৬ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৪২১৫.৫৮০ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য | • টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এবং ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটের ল্যাব/ওয়ার্কসপের আধুনিকায়ন করা;<br>• নির্বাচিত ৪টি টেকনোলজির (ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল এবং কম্পিউটার) ল্যাব/ওয়ার্কসপের প্রয়োজনীয় সংস্কার এবং যন্ত্রপাতির ইনস্টলেশন;<br>• ব্যবহারিক ক্লাশে সরবরাহকৃত যন্ত্রপাতির যথাযথ পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে শিক্ষক/প্রশিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি। |
| বাস্তব অগ্রগতি | • প্রকল্পের আওতায় ১ম থেকে ৪র্থ চালানের যন্ত্রপাতি ইতোমধ্যে প্রতিষ্ঠানে সরবরাহ করা হয়েছে;<br>• অবশিষ্ট চালানের আমদানি কার্যক্রম সম্পন্ন হয়েছে, যন্ত্রপাতি ও উপকরণ শীঘ্রই সরবরাহ করা হবে। |



শিক্ষকদের ওরিন্টেশন প্রশিক্ষণ



মালামাল আনলোডিং

### ৪.১.১১ প্রকল্পের নাম: Promoting Gender Responsive Enterprise Development and TVET Systems (ProGRESS)

| | |
|---|---|
| মেয়াদ | অক্টোবর ২০২২ হতে সেপ্টেম্বর ২০২৭ পর্যন্ত |
| প্রাক্কলিত | ১২৮৬১.০০ লক্ষ টাকা |
| ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ৫৭১০.৪০ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • অন্তর্ভুক্তিমূলক দক্ষতা উন্নয়ন;<br>• নারী, যুবক এবং অন্যান্য সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির জন্য দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ ও কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য নীতিমালাসমূহের সমন্বয় ও বাস্তবায়নে সরকারকে সহায়তা প্রদান;<br>• যুব, নারী এবং সুবিধাবঞ্চিত গোষ্ঠির জন্য নির্বাচিত ভ্যালু চেইন এবং বাজার ব্যবস্থাপনায় কর্মসংস্থান এবং শিল্পোদ্যোগকে উৎসাহীত করা;<br>• যুব, নারী এবং সুবিধাবঞ্চিত গোষ্ঠিসহ টার্গেট প্রশিক্ষণার্থীদের Green Skills প্রশিক্ষণের সুযোগের জন্য প্রবেশযোগ্যতা, অন্তর্ভুক্তিকরণ ও টেকসইকরণের ব্যবস্থা করা। |
| বাস্তব অগ্রগতি | • সরকারি ও বেসরকারি খাতের ১,৫০০ জন প্রতিনিধিকে gender equality and inclusion বিষয়ে প্রশিক্ষণ ও সচেতনতামূলক কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে;<br>• DTE-এর ২২ জন শিক্ষককে gender mainstreaming বিষয়ে UN Women এর সহায়তায় প্রশিক্ষণ দেওয়া হয়েছে;<br>• BMET-এর ৩৭ জন শিক্ষককে চট্টগ্রাম, বান্দরবান ও রাঙামাটিতে gender equality virtual module উন্নয়নের অংশ হিসেবে TNA ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;<br>• ঢাকা ও খুলনায় ৩৫০ জন শিক্ষক ও শিক্ষার্থীকে gender-based violence বিষয়ে সচেতনতামূলক সেমিনারে অংশগ্রহণ করানো হয়েছে;<br>• ২,০৪৭ জন যুবক-যুবতী (যার মধ্যে ৬৮% নারী) কে প্রাতিষ্ঠানিক ও অ্যাপ্রেন্টিসশিপভিত্তিক স্কিল ট্রেইনিং প্রদান করা হয়েছে;<br>• ৩০০ জন মাস্টার ক্রাফট পারসন এর মাধ্যমে ৬০০ জন যুবক-যুবতীকে সবুজ চাকরি ও অনানুষ্ঠানিক খাতে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে (CHT ও অন্যান্য এলাকায়);<br>• TVET শিক্ষক ও শিল্প প্রতিষ্ঠানভিত্তিক অ্যাসেসরদের জন্য Trainers and Assessors Development Programme পরিচালনা করা হয়েছে।<br>• ১৩টি কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (CS) এবং ১০৫টি CBLM এর মাধ্যমে ৩৬৫ জন ইন্ডাস্ট্রি এক্সপার্ট উন্নয়ন করা হয়েছে;<br>• TSC/পলিটেকনিক শিক্ষার্থীদের জন্য BTEB-এর অধীনে দ্বৈত সার্টিফিকেশন প্রোগ্রাম চালু করা হয়েছে;<br>• নারী উদ্যোক্তাদের জন্য মৌলভীবাজারে ১৬ জনকে হ্যান্ডিক্রাফট তৈরির জন্য যন্ত্রপাতিসহ প্রশিক্ষণ ও সহায়তা প্রদান করা হয়েছে। |



ProGRESS প্রকল্পের আওতায় নারীদের প্রশিক্ষণের চিত্র

### ৪.১.১২ প্রোগ্রামের নাম: EU-funded "Human Capital Development Programme for Bangladesh 2021 (HCDP-21)" শীর্ষক বাজেট সাপোর্ট প্রোগ্রাম

| | |
|---|---|
| মেয়াদ | ২০১৮-২০১৯ অর্থবছর থেকে ২০২৪-২০২৫ পর্যন্ত |
| প্রাক্কলিত | ৮৫.৮ মিলিয়ন টাকা |
| ব্যয় | ৫৭.৬২৫ মিলিয়ন টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য: | • গুণগতমান, প্রাসঙ্গিকতা এবং দক্ষতা বৃদ্ধি;<br>• সমান ও ন্যায়নিষ্ঠ প্রবেশাধিকার;<br>• ব্যবস্থাপনা ও প্রশাসনিক দক্ষতা উন্নয়ন। |
| বাস্তব অগ্রগতি | • প্রোগ্রামটির মাধ্যমে নিম্নোক্ত ৩টি ডকুমেন্ট প্রস্তুত করা হয়েছে যা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে:<br>• Annual Sector Performance Report (ASPR) 2024,<br>• 'TVET ইমপ্লিমেন্টেশন প্ল্যান ২০২৫-২০৩০,<br>• 'ভোকেশনাল ই-লার্নিং সেন্টার অ্যাকশন প্ল্যান ২০২৫<br>• এছাড়াও, TVET Sector Performance Monitoring Framework (SPMF) 2021-25 প্রণয়ন করা হয়েছে। |

### ৪.১.১৩ অনুমোদনের জন্য বিবেচনাধীন প্রোগ্রাম/প্রকল্প/স্কিম

২০২৫ সালে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন নিম্নবর্ণিত ৮টি প্রকল্প/Scheme অনুমোদনের কাজ চলমান রয়েছে এবং প্রতিটিই এডিপি ২০২৪-২৫ এ অন্তর্ভুক্ত রয়েছে:

১. কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৮টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের একাডেমিক ভবন নির্মাণ
২. ১৫টি বিদ্যমান সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধি
৩. TVET Teachers for the Future (TTF)
৪. Strengthening Vocational Education in Bangladesh
৫. NextGen Secondary Education Program;
৬. Skills 21-Empowering Citizens for Inclusive and Sustainable Growth (1st Revised)
৭. Professional Education in Industrial and Environmental Safety (PRECISE);
৮. Vocational Training in the Field of Renewable Energy (TVET4RE).

## ৪.২ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরাধীন প্রকল্পসমূহ

২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ০৬ টি প্রকল্প এবং ০১টি স্কীম বাস্তবায়নাধীন।

### ৪.২.১ প্রকল্পের নাম: "নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প

| | | |
|---|---|---|
| মেয়াদ | : | ০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০২৬ |
| **প্রাক্কলিত ব্যয়** | : | ৫৮৩৪৮২.০৫ লক্ষ টাকা |
| **লক্ষ্য ও উদ্দেশ্য** | : | • শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে ও ডিজিটাল বাংলাদেশ লক্ষ্য অর্জন করার জন্য নির্বাচিত মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে অভ্যন্তরীণ বৈদ্যুতিকরণ, পয়ঃপ্রণালী ও পানি সরবরাহসহ একাডেমিক ভবন নির্মাণ করা হবে;<br>• সাধারণ শিক্ষাসহ মাধ্যমিক পর্যায়ে মাদ্রাসা শিক্ষার অবকাঠামোগত বৈষম্য কমিয়ে সমতা আনয়ন;<br>• জেলা শহর ও উপজেলা এলাকার শিক্ষাঙ্গণে ছাত্র-ছাত্রীদের বিদ্যমান চাপ কমানোর জন্য মাদ্রাসায় সুযোগ-সুবিধা বৃদ্ধি করা;<br>• শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে সৃজনশীল শিক্ষা কার্যক্রম সৃষ্টি। |
| **আর্থিক অগ্রগতি** | : | ৪৬৩০১৩.৭৪ লক্ষ টাকা (৭৯.৩৫ %) (জুন ২০২৫ পর্যন্ত) |
| **বাস্তব অগ্রগতি** | : | • ৮৫.০০% (জুন ২০২৫ পর্যন্ত)<br>• প্রকল্পটির মাধ্যমে নির্ধারিত ১৬৪৮টি মাদ্রাসার মধ্যে ১২৫৯ টি মাদ্রাসার ভবন নির্মাণ কাজ শতভাগ সম্পন্ন করা হয়েছে।<br>• ১৩১২টি মাদ্রাসায় আসবাবপত্র সরবরাহের জন্য কার্যাদেশ দেয়া হয়েছে এবং ৭২৫ টি মাদ্রাসায় ইতোমধ্যে আসবাবপত্র সরবরাহ করা হয়েছে।<br>• শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ে ১৯টি ব্যাচে মোট ৬৭০ জন, আরবি বিষয়ে ১৯টি ব্যাচে ৫৯৯ জন, ইংরেজি বিষয়ে ১৯টি ব্যাচে ৬৪৬জন এবংআইসিটি ১৯টি ব্যাচে ৬৫৫জন। মোট ০৪টি বিষয়ে ৭৬টি ব্যাচে ৩০৮৩জন শিক্ষকের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। |



মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত মাদারীপুর আহমদিয়া কামিল মাদ্রাসা, মাদারীপুর।

### ৪.২.২ প্রকল্পের নাম: ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন শীর্ষক প্রকল্প

| | | |
|---|---|---|
| মেয়াদ | : | ০১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০২৫; [মেয়াদ বৃদ্ধির কার্যক্রম চলমান] |
| প্রাক্কলিত ব্যয় | : | ৩৬১৩.৩১ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য | : | • মাল্টিমিডিয়া ক্লাসরুম তথা আইসিটিভিত্তিক শিখন-শিখানো পদ্ধতির মাধ্যমে মানসম্মত শিক্ষার্থী গড়ে তোলা;<br>• শিক্ষার্থীদের ক্লাসমুখি করার জন্য উদ্দীপনামূলক পদ্ধতির উদ্ভাবন;<br>• মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে শক্তিশালীকরণ;<br>• আইসিটি শিক্ষাকে উন্নত করা এবং আইসিটি বিষয়ে মাদ্রাসা সেক্টরে সচেতনতা বৃদ্ধি করা;<br>• আইসিটি ব্যবহারের মাধ্যমে শিখন-শিখানো কার্যক্রমের উন্নয়ন করা। |
| আর্থিক অগ্রগতি | : | ২৯১০.৪৫ লক্ষ টাকা (৮০.৫৪%) (জুন ২০২৫ পর্যন্ত) |
| বাস্তব অগ্রগতি | : | • ৮২.৮৪% (জুন ২০২৫ পর্যন্ত)<br>• প্রকল্পটির মাধ্যমে সর্বমোট ৬৫৩টির মধ্যে ৪৯৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করা হয়েছে। |



মাল্টিমিডিয়া ক্লাসরুম

### ৪.২.৩ প্রকল্পের নাম: মাদ্রাসা এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (MEMIS)

| | | |
|---|---|---|
| মেয়াদ | : | ০১ জুলাই ২০১৭ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ |
| প্রাক্কলিত ব্যয় | : | ১৭২০.২০ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য | : | • এমপিওভুক্ত মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের অনলাইন সেবা প্রদান;<br>• এমপিওভুক্ত মাদ্রাসার শিক্ষক ও কর্মচারীদের প্রতিমাসের এমপিও প্রদান;<br>• নতুন যোগদানকৃত শিক্ষক ও কর্মচারীদের এমপিওতে অন্তর্ভুক্তকরণ। |
| আর্থিক অগ্রগতি | : | ১৫০৪.২০ লক্ষ টাকা (৮৭.৪৪%) (জুন ২০২৫ পর্যন্ত) |
| বাস্তব অগ্রগতি | : | • ৮৮.০০% (জুন ২০২৫ পর্যন্ত)<br>• প্রায় ১,৮৯,০০০ জন শিক্ষক/কর্মচারীকে এমপিওসহ অন্যান্য সেবা প্রদান করা হচ্ছে। |

### ৪.২.৪ প্রকল্পের নাম: "মাদ্রাসা শিক্ষকগণের শিক্ষণ-দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্প

| | | |
|---|---|---|
| মেয়াদ | : | ০১ জানুয়ারি ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ |
| প্রাক্কলিত ব্যয় | : | ৪৫৬৬.৮২ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য | : | • মাদ্রাসা শিক্ষকগণের শিক্ষণ দক্ষতা বৃদ্ধি করা;<br>• মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে কর্মমুখী এবং যুগোপযোগী করার লক্ষ্যে দক্ষ শিক্ষক গড়ে তোলা;<br>• বিষয়ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে মাদ্রাসা শিক্ষকদের PEDAGOGY বিষয়ে বিশেষভাবে সুদক্ষ করা;<br>• মাদ্রাসা শিক্ষকগণের প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি করা। |
| আর্থিক অগ্রগতি | : | ২২৩০.১৬ লক্ষ টাকা (৪৮.৮৩%) (জুন২০২৫ পর্যন্ত) |
| বাস্তব অগ্রগতি | : | • ৫৯.৪৭% (জুন২০২৫ পর্যন্ত);<br>• এখন পর্যন্ত প্রকল্পটি হতে সর্বমোট ৭১৩৬ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |



প্রকল্পের আওতায় শিক্ষক প্রশিক্ষণ আয়োজন

### ৪.২.৫ প্রকল্পের নাম: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে নিজস্ব ভবন নির্মাণ প্রকল্প

| | | |
|---|---|---|
| মেয়াদ | : | ০১ জুলাই ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ (মেয়াদ বৃদ্ধিসহ প্রকল্প সংশোধনের জন্য প্রক্রিয়াধীন) |
| প্রাক্কলিত ব্যয় | : | ৪৪৫৮.২১ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য | : | • মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উন্নত কর্মপরিবেশ নিশ্চিতকরণ;<br>• মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকরণ;<br>• মাদ্রাসা স্টেকহোল্ডারদের সহজ সেবা সহজীকরণ; |
| আর্থিক অগ্রগতি | : | জুন ২০২৪ পর্যন্ত কোন ব্যয় হয়নি। |
| বাস্তব অগ্রগতি | : | স্থান সংক্রান্ত জটিলতার কারণে কোন বাস্তব অগ্রগতি হয়নি। |

### ৪.২.৬ প্রকল্পের নাম: দারুল উলুম ইসলাহুল বানাত ফাযিল মাদ্রাসা" (সাবেক বালাগঞ্জ), সিলেট-এর অবকাঠামো উন্নয়ন প্রকল্প

| | | |
|---|---|---|
| মেয়াদ | : | জুলাই ২০২৩ - জুন ২০২৬ |
| প্রাক্কলিত ব্যয় | : | ৩৪৭৮.৩২ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য | : | • প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে শিক্ষার গুণগতমান বৃদ্ধি ও প্রসার ঘটানো;<br>• শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টির লক্ষ্যে প্রতিষ্ঠানের সুযোগ-সুবিধা বৃদ্ধি;<br>• শ্রেণিকক্ষ ও আবাসন সুবিধা বৃদ্ধির মাধ্যমে শিখন পরিবেশ উন্নয়ন। |
| আর্থিক অগ্রগতি | : | ৭৫৮.৭৫ লক্ষ টাকা (২১.৮১%) (জুন ২০২৫ পর্যন্ত) |
| বাস্তব অগ্রগতি | : | • ২৫.০০% (জুন ২০২৫ পর্যন্ত);<br>• একাডেমিক ভবনের ৪র্থ তলার উর্ধ্বমূখী সম্প্রসারণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে;<br>• মাল্টিপারপাস ও একাডেমিক ভবন নির্মাণ কাজ ৩০% সম্পন্ন হয়েছে;<br>• মাদ্রাসার বিদ্যমান জমির (নিচু অংশের) ভূমি উন্নয়ন কাজ ৯০% সম্পন্ন হয়েছে;<br>• ছাত্রনিবাস কাজ ২০% সম্পন্ন হয়েছে;<br>• ছাত্রীনিবাস কাজ ২০% সম্পন্ন হয়েছে; |

### ৪.২.৭ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্কিম

| স্কিমের নাম : | : | **'Capacity Development of Madrasah Education' শীর্ষক স্কিম** |
|---|---|---|
| মেয়াদ | : | জুলাই ২০২৩ - জুন ২০২৫ [মেয়াদ বৃদ্ধির কার্যক্রম চলমান] |
| প্রাক্কলিত ব্যয় | : | ১০০৩৪০.১৯ লক্ষ টাকা |
| লক্ষ্য ও উদ্দেশ্য : | : | • মাদ্রাসা শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি;<br>• মাদ্রাসায় সর্বাধুনিক প্রযুক্তিভিত্তিক যন্ত্রপাতি, সরঞ্জাম সরবরাহ;<br>• প্রশিক্ষণের মাধ্যমে সুপ্রশিক্ষিত এবং যোগ্য শিক্ষক গড়ে তোলা;<br>• মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম সরঞ্জাম ও আসবাবপত্র সরবরাহ করা। |
| আর্থিক অগ্রগতি | : | ১৯২৬.১৯ লক্ষ টাকা (**১.৯২%**) (জুন ২০২৫ পর্যন্ত) |
| বাস্তব অগ্রগতি | : | • ৫.০০% (জুন ২০২৫ পর্যন্ত)<br>• মোট ০৪টি বিষয়ে ৮১ টি ব্যাচে ২৫৮০ জন শিক্ষকের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>• আইসিটি, প্রশাসন ও অফিস ব্যবস্থাপনার উপর ম্যানুয়াল প্রিপারেশনের জন্য ০৬টি কর্মশালা সম্পন্ন হয়েছে।<br>• মাদ্রাসা শিক্ষা কারিগরি ট্রেড চালুর বিষয়ে ২০টি কর্মশালা সম্পন্ন হয়েছে।<br>• ২০২৪-২৫ অর্থ বছরের **মে**,২০২৫ পর্যন্ত ৪র্থ শিল্পবিপ্লব এবং মাদ্রাসায় ভোকেশনাল ট্রেড চালুর প্রয়োজনীয়তাসহ অন্যান্য বিষয়ে বিভাগীয় ও উপজেলা পর্যায়ে মোট ৭৬ টি কর্মশালা আয়োজন করা হয়েছে। |

## ৪.৩ জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার)

### ৪.৩.১ প্রকল্পের নাম: আইসিটি শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নেকটার এর ভৌত অবকাঠামো উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ

| | | |
|---|---|---|
| উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | : | জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), বগুড়া |
| মেয়াদ | : | অক্টোবর ২০২৩ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত। |
| প্রাক্কলিত ব্যয় | : | ১৫১৭৫.৪০ লক্ষ টাকা |

### লক্ষ্য ও উদ্দেশ্য

- আইসিটি শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নেকটার এর "ভৌত অবকাঠামো উন্নয়ন ও নতুন নতুন প্রশিক্ষণ কোর্স চালু করার নিমিত্ত ক্লাসরুম বৃদ্ধি, আইসিটি ল্যাবরেটরি তৈরি, গবেষণা ল্যাব তৈরি, কম্পিউটার সরঞ্জাম, ইন্টারনেট সুবিধা বৃদ্ধিকরণ, সেমিনার হল, আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা, ভৌত অবকাঠামো সুবিধা সম্প্রসারণ;
- আইসিটি বিষয়ে অভ্যন্তরীন প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে সরকারি-বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা এবং কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের পেশাগত দক্ষতা বৃদ্ধিকরণ;
- আইসিটি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে বেকার তরুণ ও তরুণীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা এবং কর্মসংস্থানের সৃষ্টি;
- আইসিটি বিষয়ে নেকটার-এর প্রশিক্ষক-কর্মকর্তাগণের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ সৃজন;
- প্রস্তাবিত প্রকল্পের মাধ্যমে দেশের আইসিটি প্রযুক্তি শিক্ষার সম্প্রসারণ আরো ত্বরান্বিত হবে, কারিগরি শিক্ষার হার বৃদ্ধি পাবে, স্বকর্মসংস্থানের পথ সুগম হবে।

### ❖ প্রকল্পের আওতায় প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা নির্ধারণ ও অর্জন

| ক্রমিক | প্রশিক্ষণ কোর্সের নাম | ২০২৪-২৫ | | ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা |
| ১. | আইসিটি শিক্ষা ও গবেষণা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে নেকটার এর "ভৌত অবকাঠামো উন্নয়ন ও প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্প এর শিক্ষকগণের আইসিটি বিষয়ক উচ্চতর প্রশিক্ষণ কোর্স (৩০ দিন মেয়াদী) | **৪০০ জন** | **৪০০ জন** | **৫০০ জন** |

# পঞ্চম অধ্যায়: বিবিধ

## ৫.০ বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো (BNQF)

## ৫.১ পটভূমি

শিক্ষার সকল ধারার সকল স্তরের সংগে সংগতিপূর্ণ যোগ্যতার সংজ্ঞায়ন, সনদায়নের আন্তর্জাতিক স্বীকৃতি, পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি, শিক্ষার্থীদের জীবনব্যাপী শিক্ষার সুযোগ নিশ্চিত করার জন্য একটি জাতীয় যোগ্যতা কাঠামো প্রয়োজন। বিদ্যমান শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতার স্বীকৃত কাঠামোর অনুপস্থিতির ফলে দেশ-বিদেশের কর্মক্ষেত্র ও শিক্ষাপ্রতিষ্ঠানে অনেক সময় ব্যক্তি বিশেষের সক্ষমতা উপযুক্তভাবে মূল্যায়িত হয় না। বৈশ্বিক মানের সঙ্গে ভারসাম্যের সীমাবদ্ধতার বিষয়টি অনুধাবন করে তা দূরীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোপূর্বে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ প্রনয়ণ করা হয়েছে। ২০১২ সালে জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (NTVQF) বাস্তবায়ন করার মধ্য দিয়ে সরকার জাতীয় পর্যায়ে একটি সমন্বিত যোগ্যতা কাঠামো (NQF) প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভব করে । পরবর্তীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) কর্তৃক উচ্চশিক্ষা খাতের জন্য জাতীয় যোগ্যতা কাঠামো ২০১৮- এর প্রস্তাব করা হয়। এর ধারাবাহিকতায় ২০১৮ সাল হতে শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো তথা বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন্স ফ্রেমওয়ার্ক (বিএনকিউএফ) প্রতিষ্ঠার জন্য কাজ করে আসছে। ফলশ্রুতিতে অংশীজনের সাথে পরামর্শ, আন্তমন্ত্রণালয় সভা এবং একাধিক সেমিনারের মাধ্যমে বিএনকিউএফ-এর কাঠামো চূড়ান্ত করা হয়েছে।

বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো (BNQF) -এর মূল উদ্দেশ্য হলো আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন, পূর্ব অর্জিত শিক্ষার স্বীকৃতি প্রদান এবং সকল শিক্ষার্থীর জন্য জীবনব্যাপী শিক্ষার সুযোগ সৃষ্টি করা। বাংলাদেশ কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক মূলত আন্তর্জাতিকভাবে স্বীকৃত রূপরেখা- যেখানে জ্ঞান, দক্ষতা ও সক্ষমতার উন্নয়ন, শ্রেণিবিন্যাস ও স্বীকৃতিকে সর্বসম্মতভাবে কয়েকটি আপেক্ষিক স্তরে সমন্বয় করা হয়েছে। এ কাঠামোর ১০টি স্তরে উচ্চশিক্ষা, সাধারণ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষার কার্যকর সমন্বয় ও আন্তঃসংযোগের ব্যবস্থাও থাকছে। ফলে কেউ চাইলে একটি শিক্ষা-ব্যবস্থা থেকে আরেকটিতে অর্জন অক্ষুন্ন রেখেই স্থানান্তরিত হতে পারবে। এ ছাড়া আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের বাইরে যেসব শিক্ষা, তার স্বীকৃতি ও জীবনব্যাপী শিক্ষার সুযোগও নিশ্চিত করবে এ কাঠামো। যোগ্যতাভিত্তিক প্রশিক্ষণ, মূল্যায়ন, সনদায়নের পাশাপাশি পূর্ব অভিজ্ঞতা ও দক্ষতার স্বীকৃতি এবং যোগ্যতা কাঠামো অনুযায়ী স্থানান্তরের ব্যবস্থাও থাকবে। এই কাঠামোর কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করার জন্য একটি শক্তিশালী গুণগতমান নিশ্চিতকরণ ব্যবস্থা এবং একটি বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, যা পুরোপুরি আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য মানদন্ডের আদলে তৈরি করা হয়েছে। এজন্য বিএনকিউএফ গুণগতমান নিশ্চিতকরণ ব্যবস্থার নির্দেশিকা (Quality Assurence Manual) ও বাস্তবায়ন নির্দেশিকা (Implementaion Guideline) প্রণয়ন করা হয়েছে।

### ৫.২ যৌক্তিকতা, লক্ষ্য ও উদ্দেশ্য

৫.২.১ "জাতীয় যোগ্যতা কাঠামো" হল একটি আন্তর্জাতিক মাপকাঠি যা জ্ঞান, দক্ষতা এবং দৃষ্টিভঙ্গির বিকাশ, শ্রেণীবিভাগ এবং স্তরভিত্তিক স্বীকৃতি প্রদানের জন্য ব্যবহৃত হয়।

৫.২.২ "বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো" শিক্ষাগত যোগ্যতার স্তরকে চিহ্নিত করবে এবং যোগ্যতার ফলাফলের জন্য মান স্থাপন করবে। এটি জাতীয়ভাবে স্বীকৃত ব্যবস্থা হিসাবে কাজ করবে যা দেশব্যাপী শিক্ষার্থীদের এবং কর্মীদের দ্বারা বিভিন্ন শিক্ষা পদ্ধতির মাধ্যমে অর্জিত জ্ঞান, দক্ষতা এবং মূল্যবোধকে অন্তর্ভুক্ত করে প্রতিষ্ঠিত মানদন্ডেরভিত্তিতে যোগ্যতার বিকাশ ও যোগ্যতার স্বীকৃতি প্রদান করবে। এর পথসমূহ যোগ্যতার জন্য অধিকতর প্রবেশাধিকার প্রদান করবে এবং শিক্ষা ও প্রশিক্ষণ উপ-খাত ও চাকরির বাজারের মধ্যে সহজে স্থানান্তর হতে সহায়তা করবে। সুতরাং, বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো-এর মূল লক্ষ্য হবে নিম্নরূপ, যেমন:-

(ক) স্কুল, মাদ্রাসা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ, দক্ষতা এবং উচ্চ শিক্ষা উপ-খাত জুড়ে যোগ্যতার অভিন্ন জাতীয় সংজ্ঞা, অভিন্নতা এবং স্বচ্ছতা নিশ্চিত করা;

(খ) আজীবন শিক্ষা এবং শিক্ষানবিশির মাধ্যমে পূর্বে অর্জিত জ্ঞানের স্বীকৃতি এবং সহজ ও নমনীয় পথ প্রদান, যা উন্নতির সুযোগ এবং মানসম্পন্ন কর্মসংস্থানকে উৎসাহিত করে।

(গ) শিক্ষার সকল ক্ষেত্র -সাধারণ, কারিগরি ও মাদ্রাসার মধ্যে যোগ্যতার সঙ্গতিপূর্ন সংজ্ঞায়ন করা।

(ঘ) উন্মুক্ত এবং পরিবর্তনশীল যোগ্যতা পথরেখা, পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি এবং শিখন স্থানান্তরের মাধ্যমে শিক্ষার্থীদের জীবনব্যাপী শিক্ষা এবং নিয়োগযোগ্যতা বৃদ্ধি করা।

(ঙ) নিজ প্রতিষ্ঠান, সেক্টর এবং বিভিন্ন দেশের মধ্যে কর্মীদের সকল ধরণের - সমান্তরাল বা উর্ধ্বমুখি/উলম্ব বিচরণ নিশ্চিত করা।

(চ) জাতীয়, আঞ্চলিক এবং আর্ন্তজাতিক ক্ষেত্রে বিভিন্ন কর্মসূচি এবং কর্মীদের যোগ্যতার স্বীকৃতি নিশ্চিত করা।

(ছ) জাতীয় ও আন্তর্জাতিক ব্যবস্থার মধ্যে শিক্ষার্থীদের যোগ্যতার সমতা এবং গতি ও স্থানান্তরের সক্ষমতা পরিমাপ ও তুলনা করা।

(জ) বিভিন্ন শিক্ষা ব্যবস্থার শুরু ও শেষ এবং একধরণের শিক্ষা ব্যবস্থা থেকে আরেকটিতে যাওয়ার একটি সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট পথরেখা তৈরি করা।

(ঝ) মানবসম্পদ উন্নয়ন এবং শিক্ষার্থীদের শিক্ষা ও কর্মক্ষেত্রের গতিধারা নির্ধারণ করার লক্ষ্যে একটি জাতীয় নীতি প্রনয়ণ করা।

## ৫.৩ যোগ্যতার সংযোগ পথসমূহ

বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো প্রবেশ এবং প্রস্থান পয়েন্টসহ বিভিন্ন পথ তৈরি করবে, যা ব্যক্তিগত অর্জনকে স্বীকৃতি দেয়। এর কাজ হবে নিম্নরূপ, যেমন:-

**বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো এর যোগ্যতার সংযোগ পথসমূহ**

| স্তর | উচ্চ শিক্ষা খাত | কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ এবং দক্ষতা খাত | | স্কুল ও মাদ্রাসা শিক্ষা খাত | |
|---|---|---|---|---|---|
| ১০ | ▪ পিএইচডি (রিসার্চ) | | | | |
| ৯ | ▪ স্নাতকোত্তর | | | কামিল | |
| ৮ | ▪ পোস্ট গ্রাজুযে ডিপ্লোমা/ সার্টিফিকেট | | | | |
| ৭ | ▪ স্নাতক | | | ফাযিল | |
| ৬ | | | | | আজীবন শিক্ষা |
| ৫ | | সার্টিফিকেট (এনএসসি ৫) | ব্রিজিং কোর্স | ▪ এইচ এস সি/আলিম | |
| ৪ | | ▪ ন্যাশনাল স্কিল সার্টিফিকেট (এনএসসি ৪) | | | |
| ৩ | | ▪ ন্যাশনাল স্কিল সার্টিফিকেট (এনএসসি ৩) | | ▪ এসএসসি/ দাখিল | |
| ২ | | ▪ ন্যাশনাল স্কিল সার্টিফিকেট (এনএসসি ২) | | | |
| ১ | | ▪ ন্যাশনাল স্কিল সার্টিফিকেট (এনএসসি ১) | | | |

## ৫.৪ অডিট সংক্রান্ত তথ্য

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠানের বিগত তিন বছরের ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের) অডিট আপত্তি ও নিষ্পত্তির তথ্যঃ

| ক্র. নং | বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান | অডিট আপত্তি | অডিট নিষ্পত্তি |
|---|---|---|---|
| ০১. | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ। | ৪৯৩ | ৫৮২ |
| ০২. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ৮০ | ২৩ |
| ০৩. | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। | ২০ | ২২ |
| ০৪. | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। | ৩৭ | ০০ |
| ০৫. | নেকটার বগুড়া | ০০ | ০০ |
| ০৬. | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, (BMTTI) গাজীপুর | ০২ | ০০ |
| | সর্বমোট = | ৬৩২ | ৬২৭ |

## ৫.৫ মামলা সংক্রান্ত তথ্য

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠানের বিগত তিন বছরের (**২০২২-২০২৩, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫** অর্থবছরের) মামলা সংক্রান্ত তথ্য (সংখ্যা)

| | ২০২২-২০২৩ | | ২০২৩-২০২৪ | | ২০২৪-২০২৫ | | মোট | |
|---|---|---|---|---|---|---|---|---|
| দপ্তর-সংস্থার নাম | দায়ের | নিষ্পত্তি | দায়ের | নিষ্পত্তি | দায়ের | নিষ্পত্তি | দায়ের | নিষ্পত্তি |
| কারিগরি শিক্ষা অধিদপ্তর | ৪৬ | ১৭ | ৮০ | ১৭ | -- | -- | ১৮২ | ৫০ |
| মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | ১৭৮ | ৯২ | -- | -- | ৭৭ | ৬০ | ২৫৫ | ১৫২ |
| বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড | ১৩ | ০২ | ০৮ | ০০ | -- | -- | ৪৫ | ০৪ |
| বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড | ৫১ | -- | ২১৫ | ০০ | ১৬৩ | -- | ৪২৯ | ০০ |
| জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ একাডেমি (নেকটার) | ০১ | ০১ | -- | -- | -- | -- | -- | -- |
| বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট | -- | -- | -- | -- | -- | -- | -- | -- |

## ৫.৬ ডিজিটাল কার্যক্রম

### ই-সার্ভিস সংক্রান্ত তথ্যাবলী

| ক্র. নং | ই-সেবার নাম |
|---|---|
| ১. | শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের অনুদান প্রদান |
| ২. | শিক্ষার্থীদের সনদ সত্যায়ন |
| ৩. | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ও. ভুক্তির আবেদন গ্রহণ |
| ৪. | Educational Institute Information & Monitoring System |
| ৫. | ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম |
| ৬. | বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের অনলাইন ডাটাবেস |
| ৭. | Online Casual Leave Approval for TSC Principals |
| ৮. | Develop Learning Management System (LMS) |
| ৯. | পাশকৃত শিক্ষার্থীদের না-দাবী প্রত্যয়ন প্রদান |
| ১০. | অনলাইন এমপিও সিস্টেম |
| ১১. | আইএমএস মডিউল : মাদ্রাসা ছাত্র-শিক্ষক,অবকাঠামো ও ভুমিসহ যাবতীয় তথ্য অনলাইনে সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ। |
| ১২. | অধিদপ্তরের ওয়েবসাইট |
| ১৩. | মাল্টিমিডিয়া ক্লাসরুম |
| ১৪. | প্রশিক্ষণার্থীদের আবেদন এবং রেজিস্ট্রেশন |
| ১৫. | প্রশিক্ষণার্থীদের সনদপত্র যাচাই |

| | |
|---|---|
| ১৬. | প্রশিক্ষণার্থীদের পরীক্ষার প্রবেশপত্র প্রদান/সংগ্রহ |
| ১৭. | প্রশিক্ষণার্থীদের পরীক্ষা গ্রহন ও পরীক্ষা স্ব-মূল্যায়ন |
| ১৮. | সর্ট কোর্স অনলাইনে পরিচালনা |
| ১৯. | সর্ট কোর্স-এর ভর্তি ফি গ্রহণ/প্রদান |
| ২০. | জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন (eSIF - Student Information Form) |
| ২১. | জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ (eFF - Form Fillup) |
| ২২. | অনলাইনে জেডিসি, দাখিল ও আলিম শ্রেণির পরীক্ষকের আবেদন গ্রহন (eEIS - Examinner Information System) |
| ২৩. | অনলাইনে জেডিসি, দাখিল ও আলিম পরিক্ষা কেন্দ্রের তথ্য গ্রহণ (eCIS - Centre Information System) |
| ২৪. | অনলাইনে জেডিসি, দাখিল ও আলিম পরিক্ষার ফলাফল প্রকাশ (eRPS - Result Publication System) |
| ২৫. | অনলাইনে EIIN এবং কোডনম্বর বিহীন (অনুমতি/স্বীকৃতিবিহীন) মাদ্রাসার জন্য নির্বাহী কমিটির অনুমোদন প্রদান |
| ২৬. | অনলাইনে অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত (EIIN এবং কোড নম্বরধারী) মাদ্রাসার জন্য নির্বাহী কমিটির অনুমোদন প্রদান |
| ২৭. | অনলাইনে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান |
| ২৮. | অনলাইনে এডহক কমিটি থাকাকালিন সভাপতি মনোনয়নসহ গভার্নিং বডির অনুমোদন প্রদান |
| ২৯. | অনলাইনে এডহক কমিটি থাকাকালিন সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটির অনুমোদন প্রদান |
| ৩০. | অনলাইনে নিয়মিত গভার্নিং বডি থাকা কালিন সভাপতি মনোনয়নসহ গভার্নিং বডির অনুমোদন প্রদান |
| ৩১. | অনলাইনে নিয়মিত ম্যানেজিং কমিটি থাকাকালিন সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটির অনুমোদন প্রদান |
| ৩২. | অনলাইনে সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন প্রদান |
| ৩৩. | অনলাইনে ফাজিল ও কামিল মাদ্রাসার বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন প্রদান |
| ৩৪. | অনলাইনে দাখিল/আলিম স্তরের একাডেমিক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির (নবায়ন) অনুমোদন প্রদান |
| ৩৫. | অনলাইনে অভিযোগের আবেদন গ্রহণ |
| ৩৬. | অনলাইনে বিভিন্ন পাবলিক পরীক্ষার দ্বিনকল সনদ উত্তোলনের আবেদন গ্রহণ |
| ৩৭. | অনলাইনে নাম ও বয়স সংশোধনের আবেদন গ্রহণ |
| ৩৮. | JDC, Dakhil & Alim's Examiner's Bill Payment system |
| ৩৯. | Alim Practical Exam Externel & Internel Bill Payment System |
| ৪০. | JDC, Dakhil & Alim Exam Setter & Moderator Bill Payment System |
| ৪১. | PIMS (Personnel Information Management systems) |
| ৪২. | Payroll Management system |
| ৪৩. | অনলাইনে প্রশ্নপত্র প্রেরণ |
| ৪৪. | শিক্ষার্থীর তথ্য সংশোধন |
| ৪৫. | শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন |
| ৪৬. | শিক্ষার্থীর অনলাইন ফরম ফিলাপ |

## ৫.৭ জাতীয় সামাজিক নিরাপত্তা কর্মসূচি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমুহে গত ২২ মার্চ ২০২১ তারিখে এ বিভাগের ২০২১-২২ অর্থবছরের জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় যার বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। সামাজিক নিরাপত্তা কৌশল কর্মপরিকল্পনার আওতায় ২০২৪-২৫ অর্থবছরে মোট ২,৬২০,৮৬০,৯০৩ টাকার অনুদান দেয়া হয়েছে।

| ক্র. নং | ক্লাস/সেমিস্টার | শিক্ষার্থী সংখ্যা | প্রদানকৃত টাকার পরিমান |
|---|---|---|---|
| ০১ | ক্লাস-৬ | ১৫,৭৪৯ | ২২,২৬৮,০৮২ |
| ০২ | ক্লাস-৭ | ১৯.০৭১ | ২৬,৯৬২,০৯৪ |
| ০৩ | ক্লাস-৮ | ২০,৪১৪ | ৩৫,০০৫,৫৭০ |
| ০৪ | ক্লাস-৯ | ১৪৪,৮০১ | ৩৭০,৮৬৮,০৫২ |
| ০৫ | ক্লাস-১০ | ১৯০,৪৫৩ | ৫৮২,৭৬২,৬৭২ |
| ০৬ | ক্লাস-১১ | ৬৯,১৯৯ | ২৭৮,০৫৩,৯৮৪ |
| ০৭ | ক্লাস-১২ | ৪২,৫১০ | ১৭১,১৫৮,৫৮৯ |
| ০৯ | জুলাই-২৩, জুন-২৪, ব্লকড | ৯৯৪ | ২,২৫৮,২৮০ |
| ১০ | ৪ বছর মেয়াদী ডিপ্লোমা | ২২৫,৭৮৪ | ১,১৩১,৫২৩,৫৮০ |
| | সর্বমোট = | ৭২৮,৯৭৫ | ২,৬২০,৮৬০,৯০৩ |

### ৫.৮ কারিগরি শিক্ষায় ভর্তিতে নারী ও প্রতিবন্ধী কোটা

- কারিগরি শিক্ষায় নারী শিক্ষার্থীদের ভর্তি কোটা ২০ শতাংশে উন্নীত;
- বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ভর্তি কোটা ৫ শতাংশ নির্ধারণ।

### ৫.৯ মাদ্রাসাসহ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা-প্রশিক্ষণে বিদ্যমান চ্যালেঞ্জসমূহ

- অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সক্ষম উৎপাদনমুখী মানবসম্পদ তৈরি;
- দক্ষ মানব সম্পদ গড়ার লক্ষ্যে কারিগরি শিক্ষার এনরোলমেন্ট বৃদ্ধি;
- শিক্ষক/প্রশিক্ষক, সহায়ক কর্মচারির স্বল্পতা ও তাদের প্রয়োজনীয় দক্ষতার অভাব;
- জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামোর (NTVQF) সাথে সামঞ্জস্যপূর্ণ ল্যাবরেটরি ও যন্ত্রপাতিসহ অবকাঠামোর অপ্রতুলতা;
- দক্ষতাভিত্তিক ব্যবহারিক পাঠদান, ইংরেজি ভাষা ও বিষয়ভিত্তিক প্রশিক্ষণের অভাব এবং কারিগরি শিক্ষা সম্প্রসারণমূলক কার্যক্রম তৃণমূল পর্যায় পর্যন্ত বিস্তৃত নয়।
- অকুপেশনভিত্তিক, এসএসসি এইচএসসি (ভোক) ও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর টেকনোলজি Align ও পাঠ্যক্রমসমূহ সময়ের সাথে হালনাগাদকরণ;
- বাংলাদেশের যুবশক্তিকে দেশ ও বিদেশের কর্মের উপযোগী করে গড়ে তোলা এবং কর্মে নিয়োজিত কর্মীদের Skill re-skilling, up-skilling এর বিষয়ে কার্যকর ব্যবস্থা না থাকা এবং শিল্প ও সার্ভিস সেক্টরের কার্যকর সংযোগের অভাব
- সকল ছাত্রছাত্রীর জন্য মানসম্মত কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিত করা;
- শিক্ষার সকল স্তরে জেন্ডার বৈষম্য দুর করা এবং সকল জনগোষ্ঠীর জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা স্তরে সমান সুযোগ নিশ্চিত করা;
- শিশু, প্রতিবন্ধি ও জেন্ডার সংবেদনশীল এবং নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর শিখন পরিবেশ সম্বলিত পর্যাপ্ত সংখ্যক শিক্ষা অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন;
- চতুর্থ শিল্প বিপ্লবের সাথে তাল মিলিয়ে কারিগরি শিক্ষার প্রতিটি স্তরে পাঠ্যক্রমে কারিকুলাম ও  কন্টেন্ট অন্তর্ভুক্তকরণ;
- এপ্রেইন্টেশীপ আইন প্রনয়ণ এবং শিল্প প্রতিষ্ঠানে এপ্রেইন্টেশীপ প্রশিক্ষণ;
- দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারি মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয়;
- অবকাঠামো উন্নয়ন এবং ল্যাবসমূহের আন্তর্জাতিক মান নিশ্চিত করা;
- শিল্প প্রতিষ্ঠানের সাথে সম্পর্কের উন্নয়ন;
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত সনদের আন্তর্জাতিক অ্যাক্রেডিটেশন;
- টিভিইটি গ্রাজুয়েটদের সোস্যাল ইমেজ এবং কারিগরি শিক্ষার প্রতি আগ্রহ সৃষ্টি;
- Demand Driven ট্রেড/টেকনোলজি নির্বাচন;
- প্রচলিত মাদ্রাসা শিক্ষার পাঠ্যক্রমে বৃত্তিমূলক ট্রেড অন্তর্ভুক্ত না থাকায় তা কর্মমূখী নয় এবং শিক্ষকদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণের অভাব;
- ভোকেশনাল ট্রেডসমূহ অন্তর্ভুক্তিকরণে কোন কোন প্রতিষ্ঠানের আগ্রহের অভাব ;
- অবকাঠামো, শিক্ষা সংশ্লিষ্ট উপকরণসহ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক দক্ষ শিক্ষক ও উপকরণ না থাক;
- মাদ্রাসা শিক্ষার্থীদের আরবি ভাষা (কথন, পঠন, শ্রবণ, লিখন) দক্ষতা সৃষ্টি।

### ৫.১০ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ভবিষ্যৎ পরিকল্পনা

- উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ২০২৫ সালের মধ্যে পর্যাপ্ত সংখ্যক শিক্ষা অবকাঠামো নির্মাণ ও বিদ্যমান অবকাঠামোসমূহের সম্প্রসারণ ও উন্নয়ন;
- পর্যায়ক্রমে কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম ও সিলেবাস পরিমার্জন অব্যাহত রাখা;
- "National Preparedness and Response Plan for COVID-19" মোতাবেক ব্লেন্ডেড পাঠদান কার্যক্রম অব্যাহত রাখা এবং সে লক্ষ্যে ডিজিটাল কনটেন্ট প্রস্তুতকরণ;
- কারিগরি শিক্ষা ক্ষেত্রে শিক্ষক-কর্মকর্তাদের ও শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা, দেশে-বিদেশে প্রশিক্ষণ এবং শিক্ষক, শিক্ষার্থী বিনিময় (Teachers and Student Exchange) নীতিমালা প্রণয়ন;
- প্রত্যেক কারিগরি প্রতিষ্ঠানে গ্রীন প্রাকটিস (পেপারলেস  সিষ্টেম, বিদ্যুৎ সাশ্রয়, সোলার প্যানেল, রিসাইকেল, বৃক্ষরোপন) চালুসহ জনপ্রিয়করণ;
- কারিগরি শিক্ষায় বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের সর্বোচ্চ সুবিধা নিশ্চিতকরণ;
- অধিকতর দক্ষতা অর্জন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি শিল্প-প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম পদ্ধতি (Dual Training System) চালুকরণ;

- TVET সেক্টর সংশ্লিষ্ট আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থাসমূহের সাথে মিউচুয়্যাল রিকগনিশন এগ্রিমেন্টসহ (MRA) সম্পর্ক (Networking) স্থাপন;
- চাকুরি বাজার চাহিদার নিরিখে দক্ষ মানবসম্পদ তৈরি নিশ্চিত করা;
- মাদ্রাসাসহ সাধারণ শিক্ষাধারায় ২০২৩ সাল থেকে কারিগরি শিক্ষা প্রবর্তনের জন্য প্রি-ভোক এবং ভোকেশনাল শিক্ষা চালু;
- কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধীদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের অর্গানোগ্রাম পুনর্বিন্যাস এবং পদসৃজন;
- বাংলাদেশ জাতীয় যোগ্যতা কাঠামো BNQF বাস্তবায়ন;
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত মাদ্রাসাসমূহের সাথে বোর্ডের যাবতীয় কার্যক্রম অনলাইনে সম্পন্নকরণ;
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অভ্যন্তরীণ ব্যবস্থাপনাগত উন্নয়নের মাধ্যমে বোর্ডের কার্যক্রম আরও গতিশীলতা আনয়ন;
- মাদ্রাসা স্থাপন, পাঠদান অনুমতি এবং একাডেমিক স্বীকৃতিও ই-অফিস ম্যানেজম্যান্ট সফটওয়্যারের মাধ্যমে নিষ্পত্তিকরণের পদক্ষেপ গ্রহণ;
- শিক্ষাক্রম পরিমার্জন চূড়ান্তকরণ, বিস্তরণ এবং আরবি ও ইসলামি বিষয়সমূহের পাঠ্যপুস্তক প্রণয়নে এনসিটিবিকে সহযোগিতা প্রদান;
- মাদ্রাসা শিক্ষা বিষয়ে Tracer Study সম্পন্নকরণ;
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সকল রেকর্ড ডিজিটালাইজকরণ;
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা ও কর্মচারীর পেশাগত প্রশিক্ষণ অব্যাহত রাখা এবং বহুমুখীকরণ।
- ৫০০টি মাদ্রাসায় ২-৫টি ভোকেশনাল ট্রেড চালু করা;
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ল্যাবরেটরিসমূহ আধুনিকীকরণ;
- পলিটেকনিক ইন্সটিটিউটকে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে ব্যবহারের মাধ্যমে প্রশিক্ষণ কর্মসূচিকে বিকেন্দ্রীকরণ করা;
- ASSET প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন, পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং কর্মসংস্থানের উপযোগী শিক্ষা ব্যবস্থাপনা;
- আন্তর্জাতিক মানের ল্যাব স্থাপন;
- সাধারণ শিক্ষা ধারার কারিগরি শিক্ষা প্রবর্তনের জন্য প্রি-ভোক এবং ভোক চালু করা;
- কারিগরি শিক্ষা অধিদপ্তর'র অর্গানোগ্রাম পুনবিন্যাস করার জন্য এবং পদসৃজনের কার্যক্রম চলমান;
- যানবাহনের জন্য ToE তে সংশোধনের প্রস্তাব MOPA তে আছে;
- সমাপ্ত কারিকুলাম এবং প্রশিক্ষণকে NTVQF অনুযায়ী করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে।

## ফটোগ্যালারি

### বিগত অর্থবছর এবং সাম্প্রতিক কার্যক্রমের কিছু আলোকচিত্র



"সারাদেশব্যাপী মাদ্রাসার শিক্ষার্থীদের নিয়ে ট্যালেন্ট হান্ট আয়োজনে" করণীয় শীর্ষক কর্মশালা আয়োজন।



মাদ্রাসা রেজিস্টেল ডে: শিক্ষা উপদেষ্টা, সিনিয়র সচিব ও অন্যান্য অতিথিবৃন্দ



দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণে শিক্ষার্থীরা




প্রকল্পের আওতায় শিক্ষক প্রশিক্ষণ আয়োজন



দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণে শিক্ষার্থীরা



দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণে শিক্ষার্থীরা




মাদ্রাসা শিক্ষার মানোন্নয়ন বিষয়ক কর্মশালা




Exchanging Views With Trainees



NTVQF Align Skill level-3 (Occupation: Plumbing) বিষয়ক প্রশিক্ষণ



Validation Workshop of TVET Implementation Plan



বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ শুভ উদ্বোধন অনুষ্ঠান



এ বিভাগের কর্মকর্তাদের সাথে মাননীয় শিক্ষা উপদেষ্টা মহোদয়ের মতবিনিময়



দক্ষিণ কোরিয়ার প্রতিনিধি দলের সাথে সচিব মহোদয়ের মতবিনিময়



Meeting with ILO delegation Team



দিনব্যাপী কর্মশালা, ফরিদপুর



মাদ্রাসা রেজিস্টেন্স ডে



বিপিএটিসি'র ৭৮তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সাথে সচিব মহোদয়ের মতবিনিময়

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
Bangladesh Secretariat, Dhaka-1000
secretary@tmed.gov.bd
www.tmed.gov.bd
https://www.facebook.com/tmed.gov.bd